আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৬ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৭ ॥ সংখ্যা ২৯ ॥ সোমবার ॥ বৈশাখ ০৪ ॥ ১৪২৯ ॥ রমাদান ২৬ ॥ ১৪৪৪ ॥ Vol. 27 ॥ Issue 29 ॥ 17 April ॥ 2023 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

দুবাইয়ে গোল্ডেন ভিসা পাচ্ছেন ইমাম-মুয়াজ্জিনরা

বাংলা পত্রিকা ডেস্কঃ- মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও ধর্মীয় ব্যক্তিত্বদের গোল্ডেন ভিসা দেওয়ার ঘোষণা **(বাকি অংশ ২০ পাতায়)**

৫৮ বছরের মধ্যে সবচেয়ে উত্তপ্ত ঢাকা

বাংলা পত্রিকা ডেস্কঃ-গরমে নাকাল দেশের মানুষ। সারা দেশের ওপর দিয়ে বয়ে যাচ্ছে তাপপ্রবাহ। ২০১৪ সালের ২৪ এপ্রিলের পর প্রায় নয় বছরের মধ্যে গতকাল ছিল দেশের সবচেয়ে উত্তপ্ত দিন। ২০১৪ সালে দেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় যশোরে ৪২.২ ডিগ্রি সেলসিয়াস। গতকাল চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪২.২ ডিগ্রি সেলসিয়াস। মাঝের নয় বছরে এই তাপমাত্রা কখনো অতিক্রম করেনি। রাজধানী ঢাকায় গতকাল ৪০.৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়, যা ১৯৬৫ সালের পর সর্বোচ্চ।

রেকর্ড ভাঙছে তাপমাত্রার


ওই বছর ঢাকার সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪২ ডিগ্রি সেলসিয়াস। এপ্রিলের মাঝামাঝি এসে বেড়েছে সূর্যের তেজ। নেই বৃষ্টির ছিটেফোঁটা। দুপুর নাগাদ অসহনীয় হয়ে উঠছে তাপমাত্রা। নাকে-মুখে এসে লাগছে গরম বাতাসের ঝাপটা। অধিক তাপমাত্রার পাশাপাশি বাতাস শুষ্ক থাকায় শরীরের ঘাম শুকিয়ে যাচ্ছে দ্রুত। অনেকেরই শীতকালের মতো ঠোঁট ফাটতে শুরু করেছে। পানিশূন্যতা দেখা দিচ্ছে। হাত-পা-চোখ চুলকাচ্ছে। বাইরে বের হলে রোদ ও গরম বাতাসের ঝাপটা লাগতেই নাক-মুখ-হাত-ঘাড় **(বাকি অংশ ২০ পাতায়)**

বৃষ্টির প্রার্থনায় রাজধানীতে 'সালাতুল ইস্তিখারা'

ঢাকা, ১৭ এপ্রিল : তীব্র গরমে অতিষ্ঠ জনজীবন। গরমের কারণে বাড়ছে হিট স্ট্রোকের মতো স্বাস্থ্যঝুঁকি। ডায়রিয়ায়ও আক্রান্ত হচ্ছেন **(বাকি অংশ ২০ পাতায়)**

নিউইয়র্কের সেহরি ও ইফতার সময়

	সেহরি শেষ	ইফতার
২৬ রমাদান ১৭ এপ্রিল	৪.৪৯	৭.৩৭
২৭ রমাদান ১৮ এপ্রিল	৪.৪৮	৭.৩৮
২৮ রমাদান ১৯ এপ্রিল	৪.৪৬	৭.৩৯
২৯ রমাদান ২০ এপ্রিল	৪.৪৪	৭.৪০
৩০ রমাদান ২১ এপ্রিল	৪.৪৩	৭.৪১



মৃত্যুর আগে যে দুটি কাজের কথা বলেছিলেন জাফরুল্লাহ চৌধুরী

বাংলা পত্রিকা ডেস্কঃ- মৃত্যুর দুই সপ্তাহ আগে বীর মুক্তিযোদ্ধা ও গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী দুটি কাজের কথা বলেছিলেন জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আসিফ নজরুল। তিনি বলেন, **(বাকি অংশ ২০ পাতায়)**

নিউ সুপার মার্কেট ব্যবসায়ীদের আর্তনাদে আকাশ ভারী

সর্বনাশা আগুনে সব ছাই

বাংলা পত্রিকা ডেস্কঃ- রাজধানীর বঙ্গবাজারের ভয়াবহ অগ্নিকাণ্ডের রেশ কাটতে না কাটতেই এবার নিউ মার্কেটসংলগ্ন নিউ সুপার মার্কেটে ঘটল ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা। নিউ সুপার মার্কেটের তৃতীয় তলা থেকে আগুনের সূত্রপাত হয়। শনিবার ভোর অনুমান ৫টা ৪০ মিনিটে অগ্নিকান্ডের খবর পায় **(বাকি অংশ ২০ পাতায়)**



টাইম টেলিভিশনের লাইট অব দ্যা কুরআন এর গ্র্যান্ড ফিনাল ও ইফতার মাহফিল

বাংলা পত্রিকা রিপোর্টঃ মাহে রমজান উপলক্ষে টাইম টেলিভিশনের উদ্যোগে মাসব্যাপী পবিত্র কুরআন তেলাওয়াত কম্পিটিশন 'লাইট অব দ্যা কুরআন' এর চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হয়েছে। এতে প্রায় অর্ধশত প্রতিযোগীর মধ্যে বিভিন্ন রাউন্ড শেষে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে দারুল উলুম নিউয়র্কের শিক্ষার্থী **(বাকি অংশ ১৬ পাতায়)**

এস্টোরিয়ায় বহুতল আবাসিক ভবনে আগুন

বাংলা পত্রিকা রিপোর্টঃ নিউয়র্কের কুইন্স ব্যুরোর এস্টোরিয়া এলাকায় একটি বহুতল আবাসিক ভবনে অগ্নিকান্ডে পুড়ে গেছে বেশ ক'টি ফ্ল্যাটের আসবাবপত্র। রোববার ভোররাতে এস্টোরিয়ার ৩৫ এভিনিউ এর ১২ স্ট্রিটে ৫৫ নম্বর বাড়ির ৬ষ্ঠ তলায় একটি এপার্টম্যান্টে আগুন লাগে। আগুনের লেলিহান শিখা দ্রুত ছড়িয়ে পড়লে ভবনের **(বাকি অংশ ২০ পাতায়)**

ছড়িয়ে পড়ছে করোনার নতুন ভ্যারিয়েন্ট 'আর্কটারাস'

বাংলা পত্রিকা রিপোর্টঃ ভারতের পর এবার যুক্তরাষ্ট্রেও করোনার নতুন ভ্যারিয়েন্ট এক্সবিবি ১.১৬ ছড়িয়ে পড়ছে। এটাকে ডাক্তারি ভাষায় এটি 'আর্কটারাস' নামেও পরিচিত। রোগনিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংস্থা -সিডিসি জানিয়েছে, যুক্তরাষ্ট্রে ওমিক্রনের নতুন স্ট্রেন 'আর্কটারাস' এর সংক্রমণ বাড়ছে। শুক্রবার প্রকাশিত সিডিএসের সাপ্তাহিক **(বাকি অংশ ২০ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

WIN ZONE REALTY INC
Licensed Real Estate Broker
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Assoricate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার টাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public - Bookkeeping - Business Formation - Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

২৩ জানুয়ারি ২০২৩ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে


কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

We are Top 500 intuit Company

AUTHORIZED IRS e-file PROVIDER



Steven M. Levy, CPA



আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস
74-09 37th Avenue, Suite # 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকা
168-16, Hillside Avenue
Jamaica, NY 11432
Phone: 646-464-5944
718-487-4507

ব্রংক্স
1445 Unionport Roa, Bronx, NY
পার্কচেষ্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

email: usa.bd54@gmail.com

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika // Monday // April 17 // 2023

ইয়েমেনে শান্তি প্রচেষ্টায় সমর্থন যুক্তরাষ্ট্রের

ইরানের সঙ্গে সৌদি আরবের চুক্তি ও ইয়েমেন যুদ্ধ বন্ধে পদক্ষেপ নেওয়ার বিষয়ে সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের সঙ্গে আলোচনা করেছেন যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জ্যাক সুলিভান। গত মঙ্গলবার মধ্যপ্রাচ্যে উত্তেজনা কমিয়ে আনার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন তাঁরা। সৌদির এই শান্তি প্রচেষ্টায় সমর্থনের কথা বলেছে যুক্তরাষ্ট্র। তবে ইরান বিষয়ে সতর্কও করে দিয়েছে। চীনের মধ্যস্থতায় ইরান ও সৌদি আরবের মধ্যে সম্পর্ক পুনঃস্থাপনের চুক্তির পর ওয়াশিংটনের পক্ষ থেকে এই প্রথম এ নিয়ে আলোচনা হলো। মধ্যপ্রাচ্যের দুই আঞ্চলিক শক্তির মধ্যে আলোচনাপ্রক্রিয়ায় যুক্তরাষ্ট্রকে যুক্ত করা হয়নি। দীর্ঘদিনের কূটনৈতিক বিভেদ ভুলে ইরান ও সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রীরা গত সপ্তাহে বেইজিংয়ে বৈঠক করেন। দুই দেশের মধ্যে বৈরী সম্পর্কের কারণে মধ্যপ্রাচ্যে সংঘাত ছড়িয়ে পড়ে।

সাদী মিন্টুর ভগ্নিপতির ইন্তেকাল বাংলাদেশ সোসাইটির শোক

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটির অন্যতম সদস্য সাদী মিন্টুর বড় অগ্নিপতি হাজী আব্দুস সালাম খান মৃত্যুবরণ করেছেন। তিনি গত ১২ এপ্রিল বুধবার বাংলাদেশে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। (ইন্নালিল্লাহে ওয়া ইন্নাইলাইহি রাজিউন)।



কার্যকরী সদস্য মোহাম্মদ সাদী মিন্টুর ভগ্নিপতির মৃত্যুতে সোসাইটির কার্যকরী পরিষদ ও ট্রাস্টি বোর্ডের সদস্যরা এবং নির্বাচন কমিশনের সদস্যবৃন্দ গভীর শোক এবং শোকসন্তপ্ত পরিবারের জন্য গভীর সমবেদনা জানিয়েছেন।

এক শোকবার্তায় সোসাইটির সভাপতি মোহাম্মদ আব্দুর রব মিয়া, সাধারণ সম্পাদক মোহাম্মদ রুহুল আমিন সিদ্দিকী, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ আজিজ এবং প্রধান নির্বাচন কমিশনার জামাল উদ্দিন জনি, মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং সকল প্রবাসীদের কাছে দোয়া চান যাতে মরহুম সামাদ খানকে আল্লাহ জান্নাতের সর্বোচ্চ মাকাম দান করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

কাঁদলেন বাইডেন



কান্নায় ভেঙে পড়েছিলেন প্রেসিডেন্ট জো বাইডেন। আয়ারল্যান্ড সফরের সময় এঘটনা ঘটেছে। সেখানে তার ছেলে বো বাইডেনের শেষকৃত্য সম্পন্ন করা যাজকের সঙ্গে দেখা করেন তিনি। আর এসময়ই কাঁদতে দেখা যায় প্রেসিডেন্টকে। ২০১৫ সালে বো বাইডেন ব্রেইন ক্যান্সারে আক্রান্ত হয়ে মারা যান। তখন তার শেষকৃত্য করেছিলেন ফাদার ফ্র্যাংক ও গ্রাডি। আয়ারল্যান্ডের কো মায়ো শহরের নক গির্জায় গিয়ে ওই ফাদারের সঙ্গে দেখা করেন বাইডেন। দ্য ইন্ডিপেনডেন্টকে ওই গির্জার আরেক যাজক ফাদার রিচার্ড গিবনস জানান যে, প্রেসিডেন্ট বাইডেন যখন ফাদার ফ্র্যাংক ও'গ্রাডির সঙ্গে সাক্ষাৎ করেন তখন তিনি আবেগে অশ্রু ঝরান। তিনি হাসছিলেন আবার তিনি কাঁদছিলেন। বাইরে থেকেই দেখা যাচ্ছিল যে, তার ছেলে হারানোর বিষয়টি তার কাছে কতটা কষ্টের। এটি ছিল একটি অসাধারণ বিকেল। যা আমি কখনও এটি ভুলবো না। ফাদার গিবসন আরও জানান যে, এই গির্জার কোনো যাজকের সঙ্গে প্রেসিডেন্টের ব্যক্তিগত সম্পর্ক আছে তা তিনি এর আগে জানতেন না। বাইডেন সেখানে গিয়ে তার পরিবারের কথা বলেছেন ও ধর্মের প্রতি তার বিশ্বাসের কথা জানিয়েছেন। এছাড়া তার মৃত সন্তান বো বাইডেনের কথাও তোলেন তিনি।





আপনার বিল ট্র্যাক, ম্যানেজ করা ও বিল বুঝে নেওয়া সব কিছু এক জায়গায় করতে পারেন।

যে কোনও সময় লগ ইন করে:

- মাস অনুযায়ী আপনার ব্যবহারে নজর রাখুন
- আপনার বাসার এনার্জীর স্ন্যাপশট নিন
- আমাদের হোম এনার্জী ক্যালকুলেটার ব্যবহার করুন
- ভয়েস অ্যাসিস্টেন্স সক্রিয় করুন
- যে কোনও সময় আমাদের সাথে চ্যাট করুন
- ফ্লেক্সিবল পেমেন্টের জন্য সাইন আপ করুন

অ্যাপ খুলুন বা conEd.com/PaymentOptions দেখুন

conEdison

Khalil Biryani House

পবিত্র মাহে রমজানের

ইফতার ও সেহেরি পার্টি

বুকিং চলছে

জ্যামাইকা

১৬৭-২০ হিলসাইড এভিনিউ,
জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২

(৯২৯) ৬০৮-০২২৯

ব্রঙ্কস

২০৬২ ম্যাকগ্র এভিনিউ,
ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২

(৬৪৬) ৭৬৩-৫০৭৩



সুস্বাদু খাবার
স্বাস্থ্যসম্মত খাবার
সার্টিফাইড শেফ

khalilsfood.com

+1 646-763-5073

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

পবিত্র ঈদুল ফিতর

সৌহার্দ্য ও সম্প্রীতির বন্ধন দৃঢ় হোক

ঈদ মানেই উৎসব। ঈদ মানেই আনন্দ। ঈদ প্রতিবছর নির্দিষ্ট তারিখে নির্দিষ্ট রীতিতে এক অনন্য আনন্দ- বৈভব বিলাতে ফিরে আসে। এক মাস কঠোর সিয়াম সাধনার মাধ্যমে নানা নিয়মকানুন পালনের পর উদযাপিত হয় ঈদুল ফিতর।

মুসলিম উম্মাহর অন্যতম প্রধান ধর্মীয় উৎসব ঈদুল ফিতরের দিনটি অশেষ তাৎপর্য ও মহিমায় অনন্য। মাসব্যাপী সিয়াম সাধনার শেষে শাওয়ালের নতুন চাঁদ নিয়ে আসে পরম আনন্দ ও খুশির ঈদ। রোজাদার যে পরিচ্ছন্নতার ও পবিত্রতার সৌকর্য দ্বারা অভিষিক্ত হন, যে আত্মশুদ্ধি, সংযম, ত্যাগ-তিতিক্ষা, উদারতা, বদান্যতা, মহানুভবতা ও মানবতার গুণাবলি দ্বারা উদ্ভাসিত হন, এর গতিধারার প্রবাহ অক্ষুণ্ন রাখার শপথ গ্রহণের দিন হিসেবে ঈদুল ফিতর আসে। ধনী-গরীব সবাই মিলে এক কাতারে শামিল হয়ে ঈদগাহে ঈদের নামাজ আদায় করা হয়। মনে রাখতে হবে, ধর্ম যার যার উৎসব সবার। তাই ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলেই যেন ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতে পারেন সেই প্রচেষ্টা থাকতে হবে।

'বছরজুড়ে নানা প্রতিকূলতা, দুঃখ-বেদনা সব ভুলে ঈদের দিন মানুষ সবার সঙ্গে ঘনিষ্ঠভাবে মিলিত হন। ঈদগাহে কোলাকুলি সৌহার্দ্য, সম্প্রীতি ও ভালোবাসার বন্ধনে সবাইকে নতুন করে আবদ্ধ করে। ঈদ এমন এক নির্মল আনন্দের আয়োজন, যেখানে মানুষ আত্মশুদ্ধির আনন্দে পরস্পরের মেলবন্ধনে ঐক্যবদ্ধ হন এবং আনন্দ সমভাগাভাগি করেন।'

বছরজুড়ে নানা প্রতিকূলতা, দুঃখ-বেদনা সব ভুলে ঈদের দিন মানুষ সবার সঙ্গে ঘনিষ্ঠভাবে মিলিত হন। ঈদগাহে কোলাকুলি সৌহার্দ্য, সম্প্রীতি ও ভালোবাসার বন্ধনে সবাইকে নতুন করে আবদ্ধ করে। ঈদ এমন এক নির্মল আনন্দের আয়োজন, যেখানে মানুষ আত্মশুদ্ধির আনন্দে পরস্পরের মেলবন্ধনে ঐক্যবদ্ধ হন এবং আনন্দ সমভাগাভাগি করেন।

প্রকৃতপক্ষে ঈদ ধনী-দরিদ্র, সুখী-অসুখী, আবালবৃদ্ধবনিতা সব মানুষের জন্য নিয়ে আসে নির্মল আনন্দের আয়োজন। ঈদ ধর্মীয় বিধিবিধানের মাধ্যমে সর্বস্তরের মানুষকে ভালোবাসার বন্ধনে আবদ্ধ ও ঐক্যবদ্ধ করার প্রয়াস নেয় এবং পরস্পরের জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকারের শিক্ষা দেয়। পৃথিবী সর্বপ্রকার হিংসা-বিদ্বেষ ও হানাহানিমুক্ত হোক! ধর্মীয় চরমপন্থা ও সন্ত্রাসের বিভীষিকা দূর হোক। আন্তঃধর্মীয় সম্প্রীতি ও সৌহার্দ্যের বন্ধন দৃঢ়তর হোক! আগামী দিনগুলো সুন্দর ও সৌন্দর্যমন্ডিত হোক। হাসি-খুশি ও ঈদের আনন্দে ভরে উঠুক প্রতিটি প্রাণ। ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে সংযম, সৌহার্দ্য ও সম্প্রীতির পরিবেশ পরিব্যাপ্তি লাভ করুক- এটাই হোক ঈদ উৎসবের ঐকান্তিক কামনা।

ঈদ উৎসবের আনন্দে বাঙালীর চেতনা ও মনন রঙিন হয়ে উঠুক। সবাইকে পবিত্র ঈদুল ফিতরের প্রাণঢালা শুভেচ্ছা। ঈদ মোবারক।

ঈদুল ফিতর ইতিহাস করণীয় ও বর্জনীয়

॥ মুফতি আমজাদ হোসাইন হেলালী ॥

উল্লিখিত শিরোনামে কয়েকটি বিষয় রয়েছে- ১. ঈদ কাকে বলে ২. ফিতর অর্থ কী ৩. সংক্ষিপ্ত ইতিহাস-ঐতিহ্য ৪. এই দিনের করণীয় ও বর্জনীয় কাজ। চলুন একে একে প্রতিটি সংক্ষেপে আলোকপাত করা যাক। ঈদ : ঈদ শব্দটি আরবি 'আওদুন' মূলধাতু থেকে এসেছে। এর অর্থ ফিরে আসা, বারবার আসা। পরিভাষায় ঈদ বলতে আমরা উৎসব, পর্ব, আনন্দ ইত্যাদি বুঝি। ফিতর : ফিতর অর্থ ফাটল, ভাঙন, ভাঙা ইত্যাদি।

এক কথায় ঈদুল ফিতর অর্থ হলো রোজা না রাখা বা রোজা ভাঙার পর্ব বা উৎসব। অর্থাৎ সুদীর্ঘ এক মাস সিয়াম-সাধনার পর আল্লাহর নির্দেশে আমরা এ দিন রোজা ভাঙি তাই এ দিনটির নাম ঈদুল ফিতর। এ নাম রাখার কারণ : যেহেতু ঈদুল ফিতর প্রতি বছরই যথাসময়ে আমাদের মাঝে ঘুরেফিরে আসে এবং এ দিনটিতে আমরা একটি মাস সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও ইন্দ্রিয়সম্ভোগে লিপ্ত না হওয়ার যে বিধান ছিল তা ভঙ্গ করি বলে এ দিনটিকে ঈদুল ফিতর নামকরণ হয়েছে। রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ দিন সম্পর্কে বলেছেন, 'এ দিনটিতে তোমরা রোজা রেখ না। এ দিন তোমাদের জন্য আনন্দ-উৎসবের। খাওয়া, পান করা আর পরিবার-পরিজনের সঙ্গে আনন্দ-উৎসব করার দিন। আল্লাহকে স্মরণ করার দিন।' [মুসনাদ আহমাদ, ইবনে হিব্বান]।

ইতিহাস-ঐতিহ্য: রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর নির্দেশে মক্কা থেকে হিজরত করে মদিনায় গেলেন। তিনি সেখানে এসে অন্য রকম পরিবেশ পেলেন। তিনি দেখলেন মদিনাবাসী পারসিকদের শিক্ষা ও কালচারে প্রভাবিত হয়ে বসন্তের পূর্ণিমা রজনীতে 'মেহেরজান' আর হেমন্তের পূর্ণিমা রজনীতে 'নওরোজ' নামক উৎসবে এমন সব আমোদ-প্রমোদে মেতে উঠত যা কোনো সুস্থ বিবেকবান লোকের কাছে গ্রহণযোগ্য নয়। তাই তিনি মদিনাবাসীকে ডেকে বললেন, এ বিশেষ দিনে তোমাদের আনন্দ-উল্লাসের কারণ কী? মদিনার নওমুসলিমরা তাঁকে বললেন, 'আমরা জাহেলি যুগ থেকে এ দুটি দিন এভাবেই পালন করে আসছি।' মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'আল্লাহ এ দুটি দিনের পরিবর্তে অন্য দুটি দিন তোমাদের আনন্দ-উৎসব পালনের জন্য নির্ধারণ করে দিয়েছেন। তার একটি হলো ঈদুল ফিতর, অন্যটি ঈদুল আজহা। তোমরা পবিত্রতার সঙ্গে এ দুটি ঈদ বা উৎসব পালন করবে।' [আবু দাউদ ও নাসায়ি]। ঈদুল ফিতরের নামাজ সম্পর্কে আল কোরআনে ইরশাদ হচ্ছে, 'নিশ্চয় সে ব্যক্তি সাফল্য অর্জন করেছে যে আত্মিক পরিশুদ্ধতা অর্জন করেছে এবং তার পালনকর্তার নাম স্মরণ করেছে। এরপর নামাজ আদায় করেছে।' [সুরা আলা, আয়াত ১৪-১৫]। মুফাসসিররা উল্লিখিত আয়াতের অনেক ব্যাখ্যা করেছেন, তবে 'আহকামুল কুরআন' নামক কিতাবে বলা হয়েছে, 'এখানে নামাজ আদায় করা দ্বারা ঈদুল ফিতরের নামাজ আদায়ের কথা বলা হয়েছে।' এ আয়াত থেকে আমরা ঈদুল ফিতরের প্রমাণ পাই। অন্য আয়াতে ইরশাদ হচ্ছে, 'আপনি আপনার প্রভুর উদ্দেশে সালাত আদায় করুন এবং কোরবানি করুন।' [সুরা কাওসার, আয়াত ২]। হজরত হাসান বসরি (রহ.) বলেন, এ আয়াতটিতে ঈদুল আজহার নামাজ ও কোরবানির নির্দেশ দান করা হয়েছে। এ আয়াত থেকে আমরা ঈদুল আজহার বিষয়টি পরিষ্কার বুঝতে পারি। সেই তখন থেকে মুসলিম উম্মাহ যথারীতি প্রতি বছর ঈদুল ফিতর পালন করে আসছে। এ হিসেবে এ বছরও মহান রব্বুল আলামিনের ইচ্ছায় সব মুসলিম ঈদুল ফিতর আদায় করবে। তবে এ ঈদ, আনন্দ-উৎসব পালন করতে হবে ইসলামী শরিয়তের দিকনির্দেশ অনুযায়ী। খেয়াল রাখতে হবে মুসলমানের ইতিহাস-ঐতিহ্যের প্রতি। সাহাবায়ে কিরাম, তাবেয়িন, তাবেতাবেয়িন ও আইম্মায়ে মুজতাহিদরা কীভাবে ঈদ পালন করেছেন। আমরাও তাদের মতো ঈদ, আনন্দ-উৎসব পালন করব ইনশা আল্লাহ। করণীয় ও বর্জনীয় কাজ : ঈদের দিন করণীয় ও বর্জনীয় কাজ : ১. রোজা না রাখা : ঈদের দিন রোজা রাখা হারাম। এ সম্পর্কে হাদিসে এসেছে, হজরত আবু সাইদ খুদরি (রা). থেকে বর্ণিত, তিনি বলেন, 'রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুই ঈদের দিন (ঈদুল ফিতর ও ঈদুল আজহা) রোজা রাখতে নিষেধ করেছেন।' [বুখারি]। ২. গোসল করা : হজরত আবদুল্লাহ ইবনে ওমর (রা). থেকে বর্ণিত, 'রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঈদের নামাজে যাওয়ার আগে গোসল করতেন।' [মুয়াত্তা ইমাম মালিক]। ৩. কিছু খাওয়া : রোজার ঈদে নামাজ পড়ার জন্য যাওয়ার আগে কিছু আহার করার কথা হাদিসে আছে। বিশেষ করে হাদিসে খেজুর বা মিষ্টি জাতীয় জিনিস খাওয়ার কথা উল্লেখ আছে। হজরত আনাস (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, 'রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খেজুর না খেয়ে ঈদগাহে যেতেন না।' [বুখারি]। ৪. আতর বা সুগন্ধি ব্যবহার করা : ইমাম মালিক (রহ.) বলেন, 'প্রতি ঈদে সুগন্ধি ব্যবহার করা ও সুসজ্জিত হওয়া মুস্তাহাব।' [আল মুগনি]। ৫. সুন্দর পোশাক পরিধান করা : ঈদের আরেকটি করণীয় হলো এ দিনটিতে পরিষ্কার-পরিচ্ছন্ন সুন্দর পোশাক পরিধান করা। হজরত জাবির (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একটি সুন্দর জুব্বা ছিল যা তিনি দুই ঈদে ও জুমার দিন পরতেন।' [বায়হাকি]। ৬. সাদাকাতুল ফিতর আদায় : হজরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত, রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'শরিয়তে সাদাকাতুল ফিতর প্রদান করাকে ওয়াজিব করা হয়েছে; যা একদিকে ত্রুটিযুক্ত রোজাকে পবিত্র করে, অন্যদিকে এর দ্বারা অসহায়-নিঃস্বদের প্রয়োজন কিছুটা হলেও পূরণ হয়।' ৭. হেঁটে ঈদের নামাজ পড়ার জন্য যাওয়া এবং এক রাস্তা দিয়ে যাওয়া অন্য রাস্তা দিয়ে ফিরে আসা : সাইদ ইবনে জুবাইর ঁরা.) থেকে বর্ণিত, তিনি বলেন, 'রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক রাস্তা দিয়ে ঈদের নামাজে যেতেন এবং অন্য রাস্তা দিয়ে ফিরে আসতেন।' [বুখারি]। ৮. তাকবির বলা : তাকবির বলতে বলতে ঈদের নামাজ পড়ার জন্য যাওয়া। হজরত ইবনে ওমর (রা.) থেকে বিভিন্ন সনদে বর্ণিত আছে, রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঘর থেকে বের হয়ে ঈদগাহে পৌঁছার আগমুহূর্ত পর্যন্ত তাকবির বলতেন। তাকবির বলতে হবে এভাবে : আল্লাহু আকবার আল্লাহু আকবার লা ইলাহা ইল্লাল্লাহু আল্লাহু আকবার আল্লাহু আকবার ওয়ালিল্লাহিল হামদ। ৯. ঈদ শুভেচ্ছা বিনিময় : ঈদের দিন পারস্পরিক ঈদ শুভেচ্ছা বিনিময় করা। এভাবে শুভেচ্ছা বিনিময় করা 'তাকাব্বালুল্লাহা মিন্না ওয়া মিনকুম' (আল্লাহ আমাকে ও আপনাকে কবুল করুন) ইত্যাদি। ১০. ঈদের নামাজ আদায় : ঈদের দিন ঈদের নামাজের আগে অন্য কোনো নামাজ আদায় করা ঠিক নয়। হজরত ইবনে আব্বাস (রা.) বলেন, 'রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঈদের দিন বের হয়ে শুধু ঈদের দুই রাকাত নামাজ আদায় করতেন। ঈদের নামাজের আগে বা পরে (সঙ্গে সঙ্গে) নফল বা অতিরিক্ত কোনো নামাজ আদায় করতেন না।' [বুখারি, মুসলিম ও তিরমিজি]। ১১. খুতবা শোনা ও দোয়া করা : ঈদের নামাজের পর ইমাম খুতবা প্রদান করবেন এবং মুসল্লিরা তা মনোযোগ দিয়ে শুনবে। এটি পালন করা ওয়াজিব। ইত্যাদি। তাই চলুন আমরা সবাই মিলে সুন্দর একটি ঈদ উদ্যাপন করি, যেখানে ধনী-গরিবের শ্রেণিভেদ থাকবে না। সবাই মিলে মহান রবের শুকরিয়া আদায় করে বলব, 'আলহামদু লিল্লাহি আলা কুল্লি হাল' (সর্বাবস্থায় আল্লাহর প্রশংসা)। এভাবে ঈদ পালন করার মাধ্যমে আমাদের মাঝে জান্নাতি একটা পরিবেশ বিরাজ করবে ইনশা আল্লাহ। তবে সবাই বর্তমান করোনা অবস্থার প্রতি খেয়াল রাখব। যাতে কোনোভাবেই স্বাস্থ্যবিধি রক্ষার যে নিয়মপদ্ধতি দেওয়া আছে তা লঙ্ঘিত না হয়। মহান রবের কাছে সুন্দরতম একটি ঈদ কামনা করছি।

এক কথায় ঈদুল ফিতর অর্থ হলো রোজা না রাখা বা রোজা ভাঙার পর্ব বা উৎসব। অর্থাৎ সুদীর্ঘ এক মাস সিয়াম-সাধনার পর আল্লাহর নির্দেশে আমরা এ দিন রোজা ভাঙি তাই এ দিনটির নাম ঈদুল ফিতর। এ নাম রাখার কারণ : যেহেতু ঈদুল ফিতর প্রতি বছরই যথাসময়ে আমাদের মাঝে ঘুরেফিরে আসে এবং এ দিনটিতে আমরা একটি মাস সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও ইন্দ্রিয়সম্ভোগে লিপ্ত না হওয়ার যে বিধান ছিল তা ভঙ্গ করি বলে এ দিনটিকে ঈদুল ফিতর নামকরণ হয়েছে।

লেখক: মুহাদ্দিস, মুফাসসির, খতিব ও টিভির ইসলামী প্রোগ্রাম উপস্থাপক।

নামাজের সময়-সূচী

এপ্রিল	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
ফজর	৪.৫৩	৪.৫১	৪.৪৯	৪.৪৮	৪.৪৬	৪.৪৪	৪.৪২
সূর্যোদয়	৬.১৪	৬.১২	৬.১১	৬.০৯	৬.০৮	৬.০৬	৬.০৫
জোহর	১২.৫৬	১২.৫৬	১২.৫৫	১২.৫৫	১২.৫৫	১২.৫৫	১২.৫৫
আসর	৫.৪১	৫.৪১	৫.৪২	৫.৪২	৫.৪৩	৫.৪৪	৫.৪৪
মাগরিব	৭.৩৮	৭.৩৯	৭.৪০	৭.৪১	৭.৪২	৭.৪৩	৭.৪৪
এশা	৮.৫৯	৯.০০	৯.০২	৯.০৩	৯.০৪	৯.০৬	৯.০৭

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

ভালোবাসার ফেরিঅলা আবু জাফর মাহমুদ

॥ আদিত্য শাহীন ॥

বাণিজ্যের জন্য পৃথিবী উর্দ্ধশ্বাসে ছুটছে। সব জাতি গোষ্ঠিই বাণিজ্যের গুরুত্বকেই সবচেয়ে বড় করে তুলেছে। বাণিজ্যের দৌঁড়ের কাছে পরাজিত হচ্ছে সব। যেখানে যা কিছু চলছে, তার ভেতরেই বাণিজ্যের গন্ধ খুঁজতেই অভ্যস্থ হয়ে উঠেছি আমরা। মিষ্টি ভাষা, বিনয়, ধর্মাচার, নীতিকথা এর অনেক কিছুই বাণিজ্যের কৌশল হিসেবে ব্যবহার হচ্ছে। বাণিজ্যে সফলতাই ব্যক্তিসাফল্য, সামাজিক সাফল্য ও ক্ষেত্রবিশেষে হিসেবে বিবেচিত হচ্ছে। মোটা দাগে বেশি উপার্জন করাই একজন মানুষের সাফল্য ও মহত্ব হিসেবে মূল্যায়ণ করছি আমরা।

ঠিক এই জায়গাটিতে দাঁড়িয়ে খুঁজতে ইচ্ছে হয় 'ভালোবাসা' শব্দটির যে শক্তি, এর যে মহত্ব সেটি কীভাবে টিকে আছে পৃথিবীতে? আদৌ কি এর প্রকৃত শক্তি জয়লাভ করছে কোথাও?

নিউইয়র্কে এসে অসাধারণ এক অভিযানের সঙ্গে পরিচয় ঘটেছে আমার। এখানে মার্কিন সরকারের যতগুলি সেবামূলক কার্যক্রম অমিত শক্তি নিয়ে অগণিত মানুষের মন জয় করেছে তার একটি হচ্ছে হোমকেয়ার সেবা। বয়োজ্যেষ্ঠ ও শারিরীকভাবে অসুস্থ মানুষের ঘরে বসেই সেবা পাওয়ার সুযোগ। এই একটি ব্যবস্থা যেন আমেরিকা তথা নিউইয়র্ককে এক সেবাস্বর্গের স্তরে নিয়ে গেছে। এই শহরের বয়স্ক মানুষ পরিণত হয়েছে সম্পদে। এই সেবার সুবাদে বয়োবৃদ্ধ মানুষের আত্মনিয়ন্ত্রণ ও আত্মশক্তি প্রতিষ্ঠিত হয়েছে। তাদের চিন্তাটি দেশের কল্যাণে যুক্ত হচ্ছে। তারা সমাজের সক্রিয় অংশ। আর এই সেবায় আত্মনিয়োগের সুযোগ সৃষ্টি হয়েছে এখানকার নাগরিকদের। সন্তান মা বাবাকে সেবা দিচ্ছে। একজন তরুণ কিংবা তরুণী যেকোনো বয়োবৃদ্ধের সেবা দিচ্ছেন। এটি সবার জন্যই পেশাদারিত্বের ব্যাপার। এই কাজটি যেমন দারুণ সম্মানের, একইভাবে উচ্চমানের রোজগারের ব্যাপারও। এই নিউইয়র্ক শহরে বহু বাংলাদেশি এখন হোম কেয়ার প্রতিষ্ঠানের উদ্যোক্তা থেকে শুরু করে নানান দায়িত্বের সেবাকর্মী হিসেবে কাজ করছেন।প্রচলিত ধারণায় এটি এক লাভজনক বাণিজ্যের ব্যাপার। তবে কঠোরভাবে যেটি বিবেচনার সেটি হচ্ছে, সুক্ষ্মভাবে সরকারের নিয়ম মানার ব্যাপার। অনেকেই ফাঁক ফোকর খুঁজে বের করে নানা অনিয়মও করে চলেছেন। এগুলোতে উদ্বেগের কোনো কারণ নেই, কারণ এখানে অনিয়ম বেশিদিন টেকে না।

একজন ব্যক্তির কথা বলতেই এই দীর্ঘ ভূমিকার অবতারণা। তিনি আবু জাফর মাহমুদ। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেন ব্যাটালিয়ন কমাণ্ডার। স্কুল বয়স থেকে ছাত্র রাজনীতির সঙ্গে যুক্ত মানুষটির মহান মুক্তিযুদ্ধে অসামান্য বীরত্বগাথা। তিনি স্বাধীন বাংলাদেশের শুরুতে জাসদের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়ে পড়েছেন সমাজ বিজ্ঞান বিষয়ে। একই সঙ্গে রাষ্ট্রনীতি ও রাষ্ট্রবিজ্ঞান সম্পর্কে শিক্ষাগত অধ্যায়ণ করেছেন। স্বাধীন দেশে নানা অনিয়ম, অনাচার ও মহান মুক্তিযুদ্ধের স্বপ্নভঙ্গের দৃশ্য দেখে দেখে হতাশ হয়ে একসময় মার্কিন যুক্তরাষ্ট্রে বসতি ও কর্ম বেছে নিয়েছেন। কিন্তু এক মুহূর্তের জন্যও দেশ ছাড়েননি। বুকের মধ্যে দেশটির মানচিত্র বয়ে বেড়াচ্ছেন। তিনি বাংলাদেশের মানুষের শক্তির জায়গাটি আবিস্কার করেন তার মতো করে। তিনি বাঙালির জন্মগত এক গভীর যোগ্যতার সঙ্গে বিশ্বায়ণের সেতুবন্ধন রচনার জন্য কাজ করে চলেছেন গত ত্রিশ বছর। আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে গভীর অধ্যায়ণ করেছেন। এই পথে করেছেন লেখালেখি ও গবেষণা। জন্মসূত্রে যুক্ত নতদী ও সাগরের সঙ্গে গভীর সম্পর্কের সুবাদে অধ্যায়ন করেছেন আন্তর্জাতিক নদী, উপকুলীয় জীবন ও পানিকেন্দ্রিক রাজনীতি ও জীবন বাস্তবতার বিভিন্ন দিক। তার বিবেচনায়, বাংলাদেশে জন্মগ্রহণকারী প্রতিটি মানুষের মাঝে রয়েছে বিশেষ কিছু প্রাকৃতিক যোগ্যতা। রয়েছে গভীর মমত্ববোধ। আর্থসামাজিক নানা কারণেই অন্তরের ভালোবাসা আর গভীর মমত্ববোধের চর্চা হয় না। তবে ভেতরের এই শক্তিকে উস্কে দিতে পারলে সেই মানুষটির ক্ষমতা বেড়ে যায়।

আবু জাফর মাহমুদ নিউইয়র্কের বাংলাদেশি সমাজে হোম কেয়ার সেবার পথিকৃৎ। মার্কিন সরকারের মানবিক সেবার সঙ্গে তিনি বাঙালির জন্মগত ও পারিবারিক মমত্বকে যুক্ত করে অসাধারণ ফল পেয়েছেন। প্রবাসে পাড়ি জমানো সংসার হারা, স্বামী পরিত্যক্তা কিংবা প্রতারিত বহু নারীর জীবনে মানবিক সেবা, যত্ন ও ভালোবাসার শক্তিকে কাজে লাগানোর পথ দেখিয়েছেন। ষোলো বছর আগে তিনি



নিউইয়র্কে হোম কেয়ার কার্যক্রম শুরু করেন। শুরুতে কাজটি কঠিন ছিল। হোমকেয়ার সেবার যে সুনির্দিষ্ট রীতি ও ঘোষিত কৌশল সেগুলো তিনি নিজে রপ্ত করে তার সঙ্গে বাঙালির প্রবণতাকে যুক্ত করার জন্য দিনের পর দিন এখানকার কর্মসন্ধানী উদ্যোগী অথচ নানাভাবে উপেক্ষিত ও হতাশ নারী পুরুষকে একত্র করেছেন। তাদেরকে প্রশিক্ষিত করেছেন। তাদের মাঝে থাকা অমিত শক্তিকে জাগানোর চেষ্টা করেছেন। এখন মানবিক সেবার জন্য আমেরিকার বহুদিনের গবেষণালব্ধ উদ্ভাবনী উদ্যোগ হোম কেয়ার কার্যক্রমকে সমৃদ্ধ করছেন বাংলাদেশিরা। এখন আবু জাফর মাহমুদের দেখাদেখি অনেকেই হোম কেয়ার উদ্যোক্তা হিসেবে আত্মপ্রকাশ করেছেন। কিন্তু সবাই যখন বাণিজ্যিক সেবায় মোহগ্রস্ত হতে চায়, তখন আবু জাফর মাহমুদ বলেন, বাণিজ্য নয়, যে সেবা বা যত্নে ভালোবাসা আছে, সেটিই মানবতা। আর মানবতা ছাড়া আমেরিকা সরকারের উদ্দেশ্যের মহত্বের সঙ্গে একাত্ম হওয়া সম্ভব নয়। যখন তিনি হোম কেয়ার সেবা শুরু করেন, তখন তিনি হোম হেলথ্ এইড বিষয়ে বহু মানুষকে প্রশিক্ষণ দিয়েছেন। একেকটি ব্যাচে ২৫ জন করে থাকতো। সপ্তাহে একদিন তিনি বাঙালির পারিবারিক ভালোবাসার অনুশীলনের কথা স্মরণ করিয়ে দিতেন। শত শত থেকে হাজার হাজার মানুষ তার এই বার্তা পেয়েছেন। জীবন সংসারের বৃন্তচ্যুত অনেক নারী তার মানবিক শিক্ষা ও সেবার শিক্ষাকে কাজে লাগাতে পেরে অসাধারণ এক জীবনের অধিকারী হয়েছেন। আবু জাফর মাহমুদ বলেন, ভালোবাসা বিষয়টি এমন যে, এর শক্তি যেকোনো ভাষার উর্দ্ধে। বাংলাদেশের অনেকেই আছেন, যারা ইংরেজিতে কথা বলতে না পারার সীমাবদ্ধতায় কিছুই করতে পারেন না। এমন অনেকেও শুধু ভালোবাসার শক্তি দিয়ে সেই সীমাবদ্ধতায় জয় করেছেন। আজ সে অন্য ভাষার মানুষের সঙ্গে সুন্দরভাবেই ভাব বিনিময় করতে পারে। কথা বলতে পারে। এটি অনেক বড় ব্যাপার। জীবনে এমন শক্তি পাওয়া বহু মানষের পিতার সম্মানে অধিষ্ঠিত হয়েছেন আবু জাফর মাহমুদ।

সম্প্রতি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন সাক্ষরিত আজীবন সম্মাননা ও স্বর্ণপদক পেয়েছেন আবু জাফর মাহমুদ। থাইজেন্টস শেডস অব উইমেন নামের একটি আন্তর্জাতিক সংগঠন তার হাতে তুলে দিয়েছে ওই পদক। ওই পদক প্রদানের সময় সংগঠনটির পক্ষ থেকে বলা হয়েছে, আমেরিকার মানব সেবা কার্যক্রমকে শতভাগ সার্থক করে তুলতে গত তিন দশক নিরলসভাবে কাজ করে চলেছেন আবু জাফর মাহমুদ। একজন মানবদরদী হিসেবে তিনি কেবল বাংলাদেশি কমিউনিটির নারীর ক্ষমতায়ন ও মানব সেবায় অবদান রাখেননি তিনি বিভিন্ন জাতিগোষ্ঠির মানুষকে সুস্থতা, সুশ্রুষা ও মুক্তির পথ দেখিয়েছেন। তার কাছ থেকে মানবসেবা ও ভালোবাসার দিক্ষায় দীক্ষিত হয়েছেন অনেকেই।

এবার নিউইয়র্কে বেশ কয়েকটি নতুন রেকর্ড সূচিত হয়েছে। এক. নিউইয়র্কের বাংলাদেশী অধ্যুষিত জ্যাকসন হাইটস এর ৭৩ স্ট্রিটের নামকরণ করা হয়েছে বংলাদেশ স্ট্রিট নামে, দুই. নিউইয়র্ক সিটি এবছর থকে ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের ঘোষণ দিয়েছে। এবার যথাযথ মর্যাদায় তারা উদযাপনও করেছে। আরেকটি হচ্ছে নিউইয়র্কের কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনাভান রিচার্ড জুনিয়র এবার তার বরো দপ্তরের অসাধারণ পরিসরে উদযাপন করেছেন বাংলাদেশের মহান স্বাধীনতা দিবস। ওই আয়োজনে বাংলাদেশের মহান মহান স্বাধীনতাকে ভাস্বর করে তোলার পাশাপাশি মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাদেশি আমেরিকানদের অবদানকে অনেক বড় মর্যাদার সঙ্গ তুলে ধরা হয়েছে। এবার সেখানে মানবতা ও ভালোবাসার ফেরিঅলা আবু জাফর মাহমুদকে ডানোভান রিচার্ড আজীবন সম্মাননায় ভূষিত করেছেন। আবু জাফর মাহমুদ গ্রহণ করেছেন বোরো প্রেসিডেন্ট এর দেয়া গার্ড অব অনার। ওই অনুষ্ঠানের ঘোষণায় বলা হয়েছে, বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেন ব্যাটালিয়ান কমাণ্ডার আবু জাফর মাহমুদ নিউইয়র্ক তথা মার্কিন যুক্তেরাষ্ট্রের মানবসেবার অভিযানে অসাধারণ এক মমতা ও সৃজনশীলতা যুক্ত করেছেন। তার অবদানে সমৃদ্ধ হচ্ছে নিউইয়র্ক স্টেট, সিটি তথা যুক্তরাষ্ট্র সরকারের সেবামূলক কর্মসূচিগুলো।

বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ রাজনীতি, সমাজ উন্নয়ন, ব্যক্তিগত পেশা থেকে সকল কাজকর্মের কেন্দ্রবিন্দু হিসেবে বিবেচনা করেন 'ভালোবাসা'। এক্ষেত্রে তিনি মায়ের ভলোবাসাকে নিয়ে আসেন সর্বাগ্রে। তিনি গত এক বছরে প্রায় ৪০টি সভায় মানবতার বার্তা পৌঁছে দিতে বক্তব্য রেখেছেন।প্রতিটি বক্তব্যেই তিনি সন্তান জন্মদানের ক্ষেত্রে মায়ের সর্বোচ্চ অবদানকে সামনে এনেছেন। তিনি বাংলাদেশের মহান স্বাধীনতা আন্দোলনে জীবন উৎসর্গকারী সকল মুক্তিযোদ্ধাদের অবদানকে মায়ের সন্তান জন্মদানের কষ্ট ও অবদানের মর্যাদায় অধিষ্ঠিত করেন। একইভাবে তিনি মানবসেবার কাজটিতেও সন্তানের প্রতি মায়ের সেবার কথাই বারবার মনে করিয়ে দেন। তিনি বলেন, সেবার কোনো বিনিময় হয় না। সেবা হতে হয় নিঃস্বার্থ। সেবার পূর্বশর্ত ভালোবাসা। আজ ১৪ এপ্রিল, আবু জাফর মাহমুদের জন্মদিন। তার সুস্বাস্থ্য ও দীর্ঘজীবন কামনা করি আমরা।

আদিত্য শাহীন, সাংবাদিক।



অগ্নিনিরাপত্তা নিশ্চিত না করে কীভাবে স্মার্ট বাংলাদেশ গড়া সম্ভব

॥ দেলোয়ার জাহিদ ॥

রাজধানীতে বঙ্গবাজার ও নিউমার্কেটের অগ্নিকাণ্ডের ঘটনা দেশে উন্নত অগ্নিনিরাপত্তা ব্যবস্থা, বিল্ডিং কোড ও প্রবিধানের কঠোর প্রয়োগের প্রয়োজনীয়তাকে আবারও স্মরণ করিয়ে দিয়েছে। দেশের শহরগুলোতে বড় ধরনের অগ্নিকাণ্ডের বেদনাদায়ক ইতিহাস রয়েছে। সরকার অগ্নিনিরাপত্তার প্রবিধান শক্তিশালীকরণ এবং ভবনগুলো নিয়মিত পরিদর্শন বৃদ্ধিসহ ভবিষ্যতে অনুরূপ ঘটনা রোধে পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা ঘোষণা করেছে। বাংলাদেশ যখন স্মার্ট বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখছে তখন ঢাকা শহরের কেন্দ্রস্থলে বঙ্গবাজার ও নিউমার্কেটের অগ্নি-নিরাপত্তা বিপর্যয়ের উৎসমূলে আঘাত করা ছাড়া এ সমস্যার সমাধান হবে না। এ দুটি ঘটনা বাংলাদেশের অগ্নিনিরাপত্তা ব্যবস্থাকে ঢেলে সাজানোর প্রয়োজনীয়তাকে আবারও তুলে ধরছে।

দেশের উন্নয়ন অগ্রযাত্রার সাথে অগ্নিনিরাপত্তা ব্যবস্থাপনা মোটেই সামঞ্জস্যপূর্ণ নয়। বরং অপরিকল্পিত নগরায়ণ অগ্নিনিরাপত্তা ব্যবস্থাকে দিন দিন আরো জটিল করে তুলেছে। 'দুর্বল প্রচেষ্টা অগ্নিনিরাপত্তা ব্যবস্থাপনাকে উন্নত করবে না–শিরোনামে ইংরেজি দৈনিক নিউ এইজ এ একটি মতামত গত ২৭ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে প্রকাশিত হয়েছে, শিরোনামটি বাংলা রূপই দিলাম। এতে বলা হয়েছে যে, গত ১৯ ফেব্রুয়ারি গুলশানের একটি ১৪ তলা আবাসিক ভবনে আগুন লেগে অন্তত দুজন নিহত হওয়ার পর বিষয়গুলো তদন্তের সিদ্ধান্ত নেওয়া হয়। একটি তদন্তে দেখা গেছে যে ভবনটিতে পর্যাপ্ত অগ্নি-নিরাপত্তা ব্যবস্থা ছিল না এবং বাসিন্দারা সঠিকভাবে প্রতিক্রিয়া জানাতে ব্যর্থ হয়েছে। তদন্ত দল আরও দেখেছে যে ভবনমালিকেরা কর্তৃপক্ষের কাছ থেকে অন-াপত্তি সনদ নিয়েছিলেন কিন্তু অগ্নিনিরাপত্তার সনদ পাননি।

পরিসংখ্যানে আরও দেখা যায়, ঢাকার অধিকাংশ ভবনের ক্ষেত্রে অবস্থা একই রকম। ২০১৯ সালে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী বলেছিলেন যে, ঢাকার প্রায় ৬৬ শতাংশ ভবন বিল্ডিং কোড লঙ্ঘন করেছে এবং তাদের বেশির ভাগেরই সঠিক অগ্নিনিরাপত্তা ব্যবস্থা নেই। কর্তৃপক্ষ ২০২২ সালে ঢাকায় সহস্রাধিক ভবন পরিদর্শন করে এবং ১৩৬টি ভবনকে 'খুব ঝুঁকিপূর্ণ' এবং ৪৯৯টি 'ঝুঁকিপূর্ণ' হিসেবে চিহ্নিত করে, প্রায় ৬০ শতাংশ ভবন অগ্নি ব্যবস্থাপনার ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ বা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। বাংলাদেশের অগ্নিনিরাপত্তা ব্যবস্থাপনাকে উন্নত দেশের আলোকে ঢেলে সাজাতে হবে।

কানাডায় ব্যক্তি ও সম্পদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য অগ্নিনিরাপত্তা ব্যবস্থাপনা একটি অপরিহার্য দিক। অগ্নিকাণ্ড যে কোনো সময় এবং যে কোনো স্থানে ঘটতে পারে এবং সঠিকভাবে তা নিয়ন্ত্রণ করতে না পারলে বিধ্বংসী পরিণতি ঘটাতে পারে। আগুন প্রতিরোধ করতে এবং তাদের প্রভাব প্রশমিত করতে, কানাডা বিভিন্ন অগ্নিনিরাপত্তা ব্যবস্থা এবং প্রবিধান স্থাপন করেছে যা ভবন, সরঞ্জাম এবং উপকরণের ব্যবহার নিয়ন্ত্রণ করে।



অগ্নিনিরাপত্তা ব্যবস্থাপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ দিকগুলোর মধ্যে একটি হল প্রতিরোধ। প্রতিরোধ ব্যবস্থাগুলোর লক্ষ্য হল সম্ভাব্য আগুনের ঝুঁকিগুলো চিহ্নিত করা, সেগুলো নির্মূল বা হ্রাস করার মাধ্যমে অগ্নিকাণ্ডের আশঙ্কাকে কমিয়ে আনা। এর মধ্যে ব্যক্তি এবং ব্যবসায়ীদের অগ্নি-নিরাপত্তা অনুশীলন সম্পর্কে শিক্ষিত ও সংযুক্ত করা, যেমন দাহ্য পদার্থের সঠিক স্টোরেজ, বৈদ্যুতিক সরঞ্জামের নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং গরম ও রান্নার যন্ত্রপাতির নিরাপদ ব্যবহার।

কানাডীয় সরকার বিভিন্ন প্রবিধান এবং কোড প্রতিষ্ঠা করেছে যেগুলোর জন্য ভবনগুলোকে অগ্নি নিরাপত্তার কথা মাথায় রেখে ডিজাইন এবং নির্মাণ করা প্রয়োজন হয় কানাডার বিভিন্ন প্রাদেশিক এবং আঞ্চলিক বিধি এবং কোড রয়েছে যা অগ্নিনিরাপত্তা ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ করে। কানাডায় অগ্নি নিরাপত্তা ব্যবস্থাপনার সাথে আগুন শনাক্ত করতে এবং দ্রুত প্রতিক্রিয়া জানাতে উন্নত প্রযুক্তি এবং সরঞ্জামের ব্যবহার করা হয়। অগ্নিনির্গমন ব্যবস্থা যেমন স্মোক ডিটেক্টর, হিট ডিটেক্টর এবং ফায়ার অ্যালার্ম ভবনগুলোতে অগ্নিকাণ্ডের বাসিন্দাদের সতর্ক করার জন্য যুক্ত করা হয়ে থাকে।

প্রশিক্ষণ এবং শিক্ষাও কানাডায় অগ্নিনিরাপত্তা ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ দিক। ব্যক্তি এবং ব্যবসায়িকদের অগ্নিসুরক্ষা প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নিতে উৎসাহিত করা হয় আগুন প্রতিরোধ, উচ্ছেদ পদ্ধতি এবং অগ্নি নিরাপত্তা সরঞ্জামের সঠিক ব্যবহার সম্পর্কে জানতে সহ-ায়তা করা হয়।

উপসংহারে, কানাডায় ব্যক্তি ও সম্পদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য অগ্নিনিরাপত্তা ব্যবস্থাপনা যেমন একটি অপরিহার্য দিক। যেমন দেশটি আগুন প্রতিরোধ করতে এবং তাদের প্রভাব প্রশমিত করতে বিভিন্ন প্রবিধান, কোড এবং অনুশীলন প্রতিষ্ঠা করেছে। অগ্নিপ্রতিরোধ, নকশা এবং নির্মাণ, প্রযুক্তি এবং সরঞ্জামের ব্যবহার এবং প্রশিক্ষণ ও শিক্ষার সর্বোত্তম অনুশীলন গ্রহণ করে, কান-াডা অগ্নিনিরাপত্তা ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য অগ্রগতি অব্যাহত রেখেছে। বাংলাদেশের চাহিদা ও পারিপার্শ্বিক অবস্থা পর্যবেক্ষণের আলোকে এখনই কার্যকর ব্যবস্থা গ্রহণ না করা হলে স্মার্ট বাংলাদেশ গড়ার স্বপ্ন, স্বপ্নই থেকে যাবে।

দেলোয়ার জাহিদ সভাপতি, বাংলাদেশ নর্থ আমেরিকান জার্নালিস্টস নেটওয়ার্ক, কানাডা নিবাসী

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকার যে কোন নতুন ব্যবসার নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে আসার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
মাত্র ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনতে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং ৫ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্ট্রাকচারাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

বিএনপির সামনে সিটি নির্বাচনের সাঁকো

॥ এহ্‌সান মাহমুদ ॥

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে অমীমাংসিত আলোচনার মধ্যেই নির্বাচন কমিশন (ইসি) দেশের ৫ সিটি করপোরেশন নির্বাচনের তপশিল ঘোষণা করেছে। আগামী ২৫ মে গাজীপুর, ১২ জুন খুলনা ও বরিশাল এবং ২১ জুন রাজশাহী ও সিলেট সিটি করপোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। অবশ্য ২০১৪ ও ২০১৮ সালের আলোচিত-সমালোচিত নির্বাচনের কারণে এখন ৫ সিটি নির্বাচন নিয়ে সাধারণ মানুষের আগ্রহ কতখানি থাকবে, সেই প্রশ্ন থেকেই যাচ্ছে।

সিটি নির্বাচনটি এমন সময় অনুষ্ঠিত হতে যাচ্ছে, যখন আগামী জাতীয় সংসদ নির্বাচনে ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণের সিদ্ধান্ত জানিয়েছে ইসি। যদিও শুরুতে অর্ধেক আসন ইভিএমে করার কথা জানানো হয়েছিল। পরে অবশ্য সেই সিদ্ধান্ত থেকে সরে আসতে হয়েছে। এখন ঘোষিত সিটি নির্বাচন ইভিএমে অনুষ্ঠিত হবে বলা হয়েছে। তবে ব্যালট পেপার কিংবা ইভিএম–দুটির কোনোটিতেই আগ্রহ দেখাচ্ছে না দেশের প্রধান বিরোধী রাজনৈতিক দল বিএনপি। তারা বলে আসছে তত্ত্বাবধায়ক বা নিরপেক্ষ সরকার ছাড়া কোনো নির্বাচনে যাবে না।

এমনকি এই সরকারের অধীনে আর কোনো স্থানীয় পর্যায়ের নির্বাচনেও দলটি অংশগ্রহণ না করার সিদ্ধান্তে অনড় থাকার কথা জানানো হয়েছে শীর্ষ নেতৃত্ব থেকে। দলের সিদ্ধান্তের বাইরে কেউ কোনো ধরনের নির্বাচনে অংশ নিলে তাঁকে বহিষ্কার করা হবে বলে হুঁশিয়ারিও রয়েছে।

দলীয় সিদ্ধান্তের বাইরে গিয়ে ব্রাহ্মণবাড়িয়ায় উপনির্বাচনে অংশ নেওয়ায় দলটির প্রবীণ সদস্য ও পাঁচবারের সংসদ সদস্য উকিল আবদুস সাত্তারকে ইতোমধ্যে বহিষ্কার করেছে বিএনপি। এই ঘটনার পর দলীয় সিদ্ধান্তের বাইরে গিয়ে কেউ নির্বাচনে অংশ নিতে দুইবার ভাবতে পারেন। তবে রাজনীতি যেহেতু সম্পূর্ণ সহজ বিষয় নয়, কিছু জটিলতা এখানে সবসময়ই থাকে। তাই বিএনপির সারাদেশে আরও এ রকম কতজন উকিল সাত্তার আছেন তা এখনই বলা যাচ্ছে না। সে জন্য কমিশন ঘোষিত ৫ সিটি নির্বাচনের মনোনয়ন যাচাই-বাছাইয়ের শেষ দিন পর্যন্ত অপেক্ষা করতে হবে।

এবারের ৫ সিটি নির্বাচন স্মরণ করিয়ে দিচ্ছে, বর্তমান আওয়ামী লীগ সরকারের আমলে ২০১৩ সালে একই দিনে চারটি সিটি নির্বাচনের ফলাফল। সেই সময়ে রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট চার সিটিতেই বিএনপি সমর্থিত মেয়র পদপ্রার্থীরা জয়ী হয়েছিলেন। তাঁদের নিকটতম প্রার্থীরা সবাই ক্ষমতাসীন আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী এবং নিজ নিজ সিটি করপোরেশনের সর্বশেষ মেয়র ছিলেন। সেই সময়ে সরকারের শেষ সময়ের এ নির্বাচনের ফলাফলকে পরবর্তী জাতীয় সংসদ নির্বাচনের ছায়া হিসেবে দেখা হয়েছিল। পরে ২০১৪-এর নির্বাচনে সেই সময়ের ফলাফল দেখেই নির্বাচনী কৌশল নির্ধারণ করেছিল আওয়ামী লীগ। এবারও সিটি করপোরেশন নির্বাচনের মাধ্যমে পরবর্তী জাতীয় নির্বাচনের ছায়া দেখা যেতে পারে। তবে সেটা তখনই সম্ভব যখন নির্বাচন সুষ্ঠু হবে এবং বিএনপি এই নির্বাচনে অংশগ্রহণ করবে।

এটা ঠিক, ক্ষমতাসীন আওয়ামী লীগ ৫ সিটির মধ্যে গাজীপুর, সিলেট ও বরিশালে তাদের দলীয় প্রার্থী হিসেবে নতুন মুখ এনেছে। তাতে করে দলটি নিজের ঘর থেকেই বিরোধিতার মুখে পড়লে অবাক হওয়ার কিছু নেই। সেটা তাদের দলীয় ব্যাপার। প্রশ্ন হচ্ছে, এই নির্বাচনে অংশ না নিয়ে বিএনপি তাদের 'গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলন' কতটা এগিয়ে নিতে পারবে? এই আত্মজিজ্ঞাসা ক্ষমতার বাইরে থাকা দলটিকে করতে হবে।

বড় প্রশ্ন, বর্তমান কমিশনের অধীনে কোনো নির্বাচনে না যাওয়ার যে প্রতিজ্ঞা বিএনপি করেছে, তাতে শেষ পর্যন্ত বিএনপি জয়ী হতে পারবে? বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সাম্প্রতিক বিভিন্ন বক্তব্যে এটা পরিষ্কার–বিএনপি দল গোছানো ও আন্দোলন জোরালো করায় মনোযোগী। এমন পরিস্থিতিতে বিএনপি কি তার দলের মধ্যে থাকা উকিল সাত্তারদের নিয়ন্ত্রণ করতে পারবে? বিএনপি এখন যেভাবে বলছে তাদের চলমান আন্দোলন হচ্ছে–আগামীর বাংলাদেশের গণতন্ত্রের ভবিষ্যৎ, সেই গণতন্ত্রকে হাতে ধরে সিটি নির্বাচনের সাঁকো পার হতে পারবে বিএনপি?

সাঁকো বিষয়ক একটি নীতিগল্প এখানে বলা যায়। এক ছোট্ট ছেলে তার বাবার সঙ্গে বেড়াতে বের হয়েছে। পথে এক সাঁকো দেখে ছেলেটি বলল, 'বাবা, আমি ভয় পাচ্ছি। এই বাঁশের সাঁকো আমি পার হতে পারব না।' ছেলেটির বাবা বললেন, 'আমি আছি। তুমি ভয় পেয়ো না। তুমি এক হাত দিয়ে ওপরে বাঁশের রেলিংটা ধরো।' তখন ছেলেটি বলল, 'তবে বাবা আমি কিন্তু আরেক হাত দিয়ে তোমার হাত ধরব।' এইবার ছেলেটির বাবা বললেন, 'না এইভাবে নয়। তুমি আমার হাত ধরবে না। আমিই তোমার হাত ধরব।' ছেলেটি অবাক হয়ে প্রশ্ন করে 'কেন বাবা?' তখন বাবা বললেন, 'কারণ, সাঁকোর মাঝখানে ভয় পেয়ে তুমি আমার হাত ছেড়ে দিতে পারো। কিন্তু আমি কখনোই তোমার হাত ছাড়ব না।'

প্রায় সাড়ে চার দশক আগে প্রতিষ্ঠার পর থেকে বিএনপি এখন সবচেয়ে ক্রান্তিকাল পার করছে। টানা প্রায় ১৬ বছর রাষ্ট্র ক্ষমতার বাইরে থাকা দলটি এখন আগামী নির্বাচনের ভেন্যুতে পৌঁছাতে আন্দোলনের যে ঝুঁকিপূর্ণ সাঁকো পার হতে চাইছে, সিটি করপোরেশন নির্বাচন সেখানে কতটা বাধা হয়ে দাঁড়াতে পারবে? বিএনপির হাত ধরে থাকা এই ৫ সিটি এলাকার নির্বাচনে আগ্রহী নেতাদের হাত বিএনপি শেষ পর্যন্ত শক্ত করে ধরে রাখতে পারবে তো?

সহসম্পাদক, সমকাল

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. Nayeem Haque

Podiatic Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো পবিত্র ঈদুল ফিতরের প্রীতি, শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

কে-ওয়ান ভিসা

কে-ওয়ান ভিসা ফিয়াঁশো ভিসা হিসেবে পরিচিত। এটা একটি নন ইমিগ্র্যান্ট ভিসা। এই ভিসার জন্য কোন ইউএস সিটিজেনের ফিয়াঁসে বিয়ের উদ্দেশ্য ইউএসএ প্রবেশ করতে পারে এবং পার্মানেন্ট রেসিডেন্ট হতে পারে। এই ভিসাধারীকে ৯০ দিনের মধ্যে বিয়ে করতে হবে। বিয়ের পর তারা গ্রিনকার্ডের এডজাস্টমেন্টের জন্য বিয়ের ভিত্তিতে আবেদন করতে পারে।

কে-৩ ভিসা

বিবাহ ভিসাঃ কে-৩ ভিসা বা বিবাহ ভিসা এবং গ্রিনকার্ড পাওয়ার যোগ্য তারাই যারা আইন সম্মতভাবে ইউএসএ'র পার্মানেন্ট রেসিডেন্ট। এই ভিসার যোগ্য তারাই যারা ইউএস এর বাইরে বিয়ে করেছেন এবং ফ্যামিলি স্পন্সরড ইমিগ্রেশনের জন্য আবেদন করেছেন। কেননা এই স্বামী/স্ত্রী হচ্ছেন আপনার অবিবাহিত পরিবার।

কে-৩ ভিসা প্রাপ্তরা পরবর্তীকালে পারমানেন্ট রেসিডেন্টের জন্য স্ট্যাটাস এডজাস্টমেন্টের আবেদন করতে পারেন ডিপার্টমেন্ট অব হোমল্যানর্ড সিকিউরিটি (ডিএইচএস) এবং ইউএসসিআইএস এর আবেদন লাভের পর। কারণ ইউএস সিটিজেনদের স্বামী/স্ত্রী যারা নন ইমিগ্র্যান্ট ভিসার জন্য আবেদন করবেন তাদের অবশ্যই কে-৩ ভিসা থাকতে হবে এবং অনুমোদেনের জন্য পেন্ডিং আছে, ইমিগ্র্যান্ট ভিসার জন্য তাদের কিছু শর্তও মেটাতে হবে। এখানে উল্লেখ্য যে, ইউএস ইমিগ্র্যান্ট আইন অনুযায়ী বিদেশী নাগরিক যারা ইউএস সিটিজেনকে ইউএস'র বাইরে বিয়ে করবেন তাদের কে-৩ ভিসার জন্য আবেদন করতে হবে যে দেশে বিয়ে সম্পন্ন হয়েছে। কে-৩ ভিসা আবেদনরকারীদের আইন সম্মত সন্তানরা পাবে কে-৪ ভিসা। কে-৩ এবং কে-৪ ভিস-াধারীরা ইউএসসিআইএস এর অনুমোদন লাভ যতদিন পেন্ডিং থাকে ততদিন ইউএসএ অবস্থান করতে পারবেন।

প্রক্রিয়াঃ প্রথম পদক্ষে হচ্ছে, আপনি ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড (ডিএইচএস), ইউএসসিআইএস'র অফিসের আই-১৩০ ফরমে পিটিশন ফর এ্যালিয়েন রিলেটিভ আবেদন জানাতে হবে। ইউএসসিআইএস থেকে যখন নোটিশ অব এ্যাকশন (ফরম আই-৭৯৭) পওয়ার পর এ্যালিয়েন ফিয়াঁসে (ই)। বিদেশি নাগরিক স্বামী/স্ত্রীর হয়ে বা সৎ ছেলেমেয়ের (স্টেপ চিলড্রেন) জন্য আই-১২৯ এ আবেদন জানাতে হবে। ইউএসসিআইএস আবেদন অনুমোদন করার পর তারা ন্যাশনাল ভিসা সেন্টারে (এনভিসি) প্রক্রিয়াকরণের জন্য পাঠাবে। এনভিসি আই-১৩০ পিটিশন পাওয়ার পূর্বে যদি অনুমোদিত আই-১২৯ এফ পিটিশন নয়, সেক্ষেত্রে এনভিসি আই-১২৯ এফ পিটিশন তখন আই-১২৯ এফ পিটিশনটি যে দেশে বিবাহ হয়েছে সেই দেশের ইউএস দূতাবাস অথবা কন্স্যুলেটে পিটিশনটি পাঠিয়ে দেবে ভিসা ইস্যুর জন্য।

কে-৩ ভিসাধারীদের যোগ্য সন্তানেরা কে-৪ ভিসার জন্য আবেদন জানাতে পারবে। কে-৩ ভিসা আবেদনকারীদের প্রত্যেককে পৃথকভাবে আবেদন করতে হবে এবং প্রত্যেক-কে ভিসা আবেদনকারীকে অবশ্যই ভিসা আবেদন ফি প্রদান করতে হবে।

প্রয়োজনীয় প্রমানাদিঃ

স্বামী/স্ত্রী কে-৩ ভিসার জন্য এবং (যোগ্য সন্তানদের কে-৪ ভিসা) নিচের প্রমানগুলি এবং ফরম ভিসা সাক্ষাতকারের সময় সাথে নিয়ে যেতে হবেঃ

অন লাইন ইমিগ্র্যান্ট ভিসা আবেদনের সম্পূর্ণ ফিলাপ করা ডিএস-১৬০ ফরম জমা দিতে



হবে। আবেদকারী এবং কে-৪ ভিসার জন্য আবদেনকারী উপযুক্ত সন্তানদের সম্পূর্ণ পূরণ করা ডিএস-১৬০ ফরম এবং (২) ডিএস-১৬০ কনফারমেশন পেজ সাক্ষাতকারের সময় নিয়ে আসতে হবে।

ইউএসএ'তে যতদিন থাকার ইচ্ছা তার অন্তত ৬ মাস পূর্বে ভ্রমণের জন্য যোগ্য পাসপোর্ট (অবশ্য কোন দেশের সঙ্গে সুনির্দিষ্ট কোন চুক্তি থেকে যদি মুক্ত থাকা যায় সেক্ষেত্রে প্রযোজ্য হবে না)।

সিভিল ডকুমেন্টস এর কিছু অরিজিনাল প্রমাণ (বা সার্টিফায়েড কপি) এবং নিচের উল্লেখিত প্রমাণপত্রের কপিঃ

বার্থ সার্টিফিকেট, (২) ইউএস সিটিজেনদের স্বামী/স্ত্রী বিয়ের সার্টিফিকেট, (৩) প্রাক্তন স্বামী/স্ত্রী'র তালাকনামা, (৪) বর্তমানে অবস্থানকারী দেশে যেখানে ৬ মাস বা ততোধিক সময় অবস্থানের পুলিশের সার্টিফিকেট, ১৬ বছর বা ততোধিক বয়স্ক সন্তানদের পুলিশের সার্টিফিকেট, চিকৎসার সার্টিফিকেট (ভ্যাকসিন অপশনাল), ফাইন-ান্সিয়াল সাপোর্টের প্রমাণপত্র, ২X২ কপি ছবি, ইউএস সিটিজেনের সাথে বিয়ের প্রমাণপত্র। উল্লেখ্য, কনস্যুলার অফিসার প্রকৃত বিয়ের প্রমাণের জন্যে অতিরিক্ত কিছু প্রমাণ যেমন বিয়ের ছবি এবং আরো কিছু তথ্যপত্র চাইতে পারে।

প্রুফ অব ফাইনান্সিয়াল সাপোর্ট এবং এ্যাফিডেভিট অব ফরম।

ভিসা সাক্ষাতকারের সময় আবেদনকারীদের কাউন্সিলার অফিসার ইউএসএ-তে কোন পাবলিক চার্চে অভিযুক্ত ছিলেন কিনা তার প্রমাণাদি উপস্থাপন করতে হবে। আবেদনকারী নিজের আর্থিক সাপোর্ট করার প্রমাণ দিতে পারেন, বা ইউএস সিটিজেন স্বামী/স্ত্রী ও আপনার পক্ষে আর্থিক সক্ষমতার সাপোর্ট দেখাতে পারেন।

আই-৮৬৪ ফরমের মতো ফরম আই-১৩৪'র বেলায়ও কি একই আর্থিক সক্ষমতার প্রমাণ প্রযোজ্য হবে?

না। ১২৫ পার্সেন্ট ফেডারেল পোভার্টি গাইড লাইন অনুযায়ী ন্যূনতম আয় প্রমাণের জন্য দিতে হবে সাম্প্রতিক বছরের ট্যাক্স রিটার্ন এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য কেবল আই-৮৬৪ ফলমের ক্ষেত্রে লাগবে।

আই-১৩৪ ফরম এ আবেদনকারীদের দেখাতে হবে যে, তাদের ইউএস স্পন্সরদের ফেডারেল পোভার্টি গাইড লাইন অনুযায়ী শতভাগ আয় হয়েছে।

ইউএস সিটিজেনশীপ লাভের পরীক্ষার প্রশ্ন ও তার সঠিক উত্তর। গত সংখ্যায় প্রকাশিত প্রশ্ন ও উত্তরের শেষ পর্বঃ

(৯৭) পতাকায় ৫০ টি তারা আছে কেন?

সঠিক উত্তরঃ কারণ প্রত্যেকটি স্টেটের জন্য একটি তারা আছে। প্রত্যেকটি তারা এক একটি স্টেটের প্রতিনিধিত্ব করে। কারণ যুক্তরাষ্ট্রের ৫০টি স্টেট আছে।

প্রশ্ন-৯৮ঃ জাতীয় সঙ্গীতের নাম কী?

সঠিক উত্তরঃ দ্যা স্টার স্প্যাঙ্গলড ব্যানার।

প্রশ্ন-৯৯ঃ আমরা কবে স্বাধীনতা দিবস উদযাপন করি?

সঠিক উত্তরঃ জুলাই ৪।

প্রশ্ন-১০০ঃ যুক্তরাষ্ট্রের দুটি জাতীয় দিবসের নাম কি?

সঠিক উত্তরঃ নিউইয়র্ক ডে, মার্টিন লুথার কিং জুনিয়র ডে, প্রেসিডেন্ট ডে, মেমোরিয়েল ডে, ইন্ডিপেন্ডেস ডে, লেবার ডে, কম্বারস ডে, ভেটোরেন্স ডে, থ্যাঙ্কসগিভিং ডে, ক্রিসামস ডে। বিস্তারিত জানতে ইউএস স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইট দেখুন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

বাংলাদেশের গণতন্ত্র নিয়ে মার্কিন প্রত্যাশার ইতি-নেতি

॥ এম. হুমায়ুন কবির ॥

গণতন্ত্র একটি পরীক্ষা-নিরীক্ষানির্ভর পদ্ধতি। পৃথিবীর বিভিন্ন দেশে গণতন্ত্র রয়েছে। তারা তাদের মতো করে গণতন্ত্র চর্চা করে। গণতন্ত্রে যে কোনো ঘাটতি নেই–এ কথা বলা যায় না। সম্ভবত এ বিষয়টি বিবেচনায় নিয়ে সম্প্রতি আমাদের দেশের প্রধানমন্ত্রী আমেরিকার গণতন্ত্র সম্পর্কে কিছু কথা বলেছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা কয়েক বছর আগে একটি বই লিখেছিলেন। আমেরিকার হয়ে দুই মেয়াদে আট বছর প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালনকারী ওবামা সেখানে বলেছেন, ইউনাইটেড স্টেটস ইজ দ্য লার্জেস্ট এক্সপেরিমেন্ট ইন ডেমোক্রেসি। তিনিও দাবি করেননি যে তাঁরা গন্তব্যে পৌঁছে গেছেন। তার মানে, তাঁরাও দাবি করেননি তাঁদের দেশ গণতন্ত্রের সর্বোচ্চ আসনে আছে কিংবা তাঁদের গণতন্ত্রে কোনো ঘাটতি নেই। এ বিষয়টি মাথায় রেখেই আমাদের প্রধানমন্ত্রীর বক্তব্যটি ব্যাখ্যা করতে হবে। যেহেতু গণতন্ত্র একটি মনুষ্যসৃষ্ট বিষয় বা পদ্ধতি, তাই এতে ঘাটতি থাকবে–এটা স্বাভাবিক। যাঁরা গণতান্ত্রিক এই ব্যবস্থাটি আবিষ্কার করেছেন, তাঁরাও বলতে পারেন না–এটি কোনো প্রকার ত্রুটিমুক্ত পদ্ধতি। তবে এখন পর্যন্ত মানুষ যতগুলো শাসনপদ্ধতি আবিষ্কার করেছে, তার মধ্যে গণতন্ত্র সবচেয়ে ভালো একটি পদ্ধতি।

আমরা যদি আমেরিকা-বাংলাদেশ সম্পর্কের দিকে তাকাই, তবে দেখতে পাব–মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক শুধু দ্বিপক্ষীয় নয়। এই সম্পর্কের বহুমাত্রিক স্তর রয়েছে। এ ছাড়া আছে কৌশলগত দিক। একটা বিষয় মনে রাখা দরকার, মার্কিন যুক্তরাষ্ট্র আমাদের জন্য নির্ভরযোগ্য, শক্তিশালী বন্ধু। আবার মার্কিন যুক্তরাষ্ট্রের জন্যও বাংলাদেশ নির্ভরযোগ্য বন্ধু।

মার্কিন যুক্তরাষ্ট্র ১৯৭২ সালের ৪ এপ্রিল আমাদের দেশকে স্বীকৃতি দেয়। অনেকে বলেন, এটা কি দেরি হয়ে গেল? আমিও মনে করি, আগেই দেওয়া উচিত ছিল। কিন্তু অপরপক্ষে মার্কিন যুক্তরাষ্ট্র একটি বৈশ্বিক শক্তি, পরাশক্তি হিসেবে তার বৈশ্বিক অগ্রাধিকার আছে। সেই অগ্রাধিকারের কারণেই যুদ্ধের সময় যে দৃষ্টিভঙ্গি নিয়েছিল, সেটা থেকে সরে এসে আমাদের স্বীকৃতি দিতে হয়েছে। নব্বই দশকে এসে সেই সম্পর্কের গুণগত উন্নয়ন লক্ষ্য করলাম। তৈরি পোশাক রপ্তানি করা শুরু করলাম। এরপর ১০ থেকে ১৫ বছর এভাবেই গেল। মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্বের মধ্যে বড় মুক্তবাজার। কিন্তু তৈরি পোশাক যেটা আমরা পাঠাই, সেটার শুল্কমুক্ত প্রবেশাধিকার দেয়নি।

আবার ২০০১ সাল থেকে সন্ত্রাসবিরোধী কর্মকাণ্ডে মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে। ২০০৬-০৭ সালে যখন আমাদের গণতান্ত্রিক কাঠামো একটি প্রতিবন্ধকতার মধ্যে পড়ে তখন গণতন্ত্রে প্রত্যাবর্তনের জন্য দেশটি জোরালো ভূমিকা পালন করেছে।

একই সময়ে আমাদের অর্থনৈতিক অগ্রগতি হতে থাকল। এতে তারাও মনে করল, এখন আমাদের সঙ্গে ব্যবসা করা যায়। তারাও জানে, এভাবে অর্থনৈতিকভাবে এগিয়ে গেলে বাংলাদেশ উন্নয়নশীল দেশের কাতারে চলে যাবে। কিন্তু তখন বর্তমানে প্রাপ্ত অনেক সুবিধা দেশটির জন্য মিলবে না। তাই বাংলাদেশের সক্ষমতা অনেক বাড়াতে হবে। এ প্রক্রিয়ার অন্যতম অংশ হলো স্বচ্ছ গণতান্ত্রিক প্রক্রিয়া নিশ্চিত করা এবং প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করা। এটা না হলে বাইরে থেকে বিনিয়োগ আসবে না। বিনিয়োগ না এলে উন্নয়নের ধারা ধরে রাখা যাবে না। এসব কারণে ২০১২ সাল থেকে সম্পর্কটাকে আমরা প্রাতিষ্ঠানিক জায়গায় নিয়ে গেছি। এখন পার্টনার-শিপ, ইকোনমিক, সিকিউরিটি ডায়ালগসহ আরও কিছু ডায়ালগ হয়। এতে সম্পর্কটা একটি কাঠামোতে আসে। তবে এই কাঠামো খুব শক্তিশালী হয়েছে, তা মনে করি না। যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক বাড়াতে হলে আমাদের এগুলোতে আরও মনোযোগী হতে হবে।

বাংলাদেশের কিছু ব্যক্তি ও প্রতিষ্ঠান মার্কিন 'স্যাংশন'-এর আওতায় এসেছেন। আমি মনে করি, এটি খুব বড় বিষয় নয়। কারণ আমাদের সম্পর্ক বহুমুখী ও কয়েক স্তরের। আলোচনা ও পারস্পরিকভাবে প্রত্যাশা কী–এটি বুঝে আমরা যদি এ সমস্যার সমাধান করি, তাহলে মনে হয়, যুক্তরাষ্ট্রের সঙ্গে সমস্যা যত বড়ই হোক সমাধান পাওয়াটা সহজ।

পরস্পরকে আমরা যদি নেতিবাচকভাবে দেখি–আমাকে ও শাস্তি দিচ্ছে, ওকে আমিও শাস্তি দিব, তা ভালো কিছু বয়ে আনবে না। সে জায়গায় না যাওয়াই ভালো। মনে রাখতে হবে, মার্কিন যুক্তরাষ্ট্র অনেক স্থানে আমাদের পাশে আছে। গ্লোবাল পিস কিপিংয়ে সহযোগিতা করেছে। নেভি ডেভেলপমেন্টের জন্য নেভি শিপ দিয়েছে, পুরো কোস্টাল এলাকায় সাইক্লোন শেল্টার দিয়েছে, কৃষিতে গুটি ইউরিয়াসহ বিভিন্ন ধরনের প্রকল্পের কাজে আমাদের সহযোগিতা করেছে। করোনা-কালে সবচেয়ে বেশি টিকা দিয়েছে। সিডরের সময় দ্রুত এসে আমাদের সহযোগিতা করেছে, জীবন বাঁচিয়েছে। আমি যদি বড় বিষয়গুলো দেখি, তাহলে এসব ছোট বিষয় নিয়ে মাথা না ঘামানোই ভালো।

মনে রাখতে হবে, বন্ধুর সঙ্গেও কিন্তু আত্মমর্যাদার একটা প্রতিদ্বন্দ্বিতা থাকে। আন্তর্জাতিক সম্পর্কে স্বার্থটা বড় জিনিস। এখানে কোনো স্থায়ী বন্ধু বা শত্রু নেই। আমাকে বাস্তব অবস্থার আলোকে কাজটি করতে হবে। যুক্তরাষ্ট্র আমাদের উন্নয়নের শক্তিশালী অংশীদার। এটি শক্তিশালী করার জন্য অনেক কাঠামো তৈরি হয়েছে। এই কাঠামোগুলো ভবিষ্যতে সম্পর্ক বিন্যাসে ব্যবহার করা উচিত। দ্বিতীয়ত, অনেক প্রত্যাশার জায়গা রয়েছে। ব্লু ইকোনমি, জ্বালানি নিরাপত্তা, ডিজিটাল ইকোনমি ইত্যাদি বিষয়ে সক্ষমতা, দক্ষতা বৃদ্ধি এবং আর্থিক সহায়তা–এসব বিষয় নিয়ে আমরা যুক্তরাষ্ট্রের সঙ্গে কাজ করতে পারি। আর ভাবমূর্তির দিক থেকে আমার একটা ভালো বন্ধু আছে, শক্তিশালী বন্ধু আছে–বিপদে যার সাহায্য পেতে পারি। কূটনীতির আলোকে এ রকম ইতিবাচক সম্পর্ক থাকলে আমাদের মতো দেশের জন্যও ভালো।

এখন মার্কিন যুক্তরাষ্ট্রের অগ্রাধিকার কী, তারা কী পছন্দ করে–তা কিন্তু বলে দিয়েছে। আর সেটা হলো গণতন্ত্র। এই গণতন্ত্রের মধ্যে আছে নির্বাচন, মানবাধিকার, বাকস্বাধীনতা, শ্রম অধিকারসহ সব ধরনের অধিকার। গণতন্ত্রকে একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে আমেরিকা দেখিয়েছে, যেখানে সব ধরনের অধিকারের কথা আছে। এখন বাংলাদেশকে গণতান্ত্রিক প্রক্রিয়ায় এগিয়ে নিতে হবে। আমরা যদি মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে-দ্বিপক্ষীয় হোক কিংবা বহুপক্ষীয়-সম্পর্ক এগিয়ে নিতে চাই, তাহলে এটি আমাদের করতে হবে।

এম. হুমায়ুন কবির: আমেরিকায় বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত



বাংলা পত্রিকা
পড়ুন, লিখুন
এবং
বিজ্ঞপিন দিন।
ফোনঃ
৭১৮-৪৮২-৯৯২৩

ইতিবোধের হোক জাগরণ

॥ সালাহউদ্দিন বাবর ॥

আজকে আমাদের সামাজিক, রাজনৈতিক জীবনে ইতিবাচকতা নিয়ে যে বোধ-চিন্তা, সেটা খুব তলানিতে পৌঁছেছে। হয়তো তাকে এভাবেই বর্ণনা করাই সঠিক হবে, তার অবস্থান এখন মাইক্রোস্পিক মাইনোরিটির পর্যায়ে গিয়ে পৌঁছেছে। বিশেষ করে যারা রাজনৈতিক অঙ্গনে রয়েছেন, তাদের আচরণ ও অনুশীলনে নেতিবাচকতাকে নিত্যদিনের সঙ্গী করেই নিয়েছেন। ইতিবাচকতা তাদের চেতনাকে যেন কোনোভাবেই স্পর্শ করতে পারছে না। সে কারণে সর্বত্র নেতিবাচকতার বিষবাষ্প রাজনৈতিক সামাজিক পরিমণ্ডলকে দূষিত করে ফেলেছে। তার অনিবার্য পরিণতি হচ্ছে মানুষের কষ্ট বেদন আর অনুপাত। এমন পরিস্থিতি থেকে উত্তরণের আশা করা এই মুহূর্তে একেবারেই অসম্ভব।

ইতিবাচক ধারণার প্রতিষ্ঠা, চর্চা ও পরিবর্ধন করা রাজনৈতিক সামাজিক সংগঠনগুলোরই অন্যতম অ্যাজেন্ডা হওয়াই ছিল স্বাভাবিক। অথচ নেতিবাচকতার অবস্থান এখন সর্বত্র, পাকাপোক্ত। সেটা অবদমন করে তার বিপরীত ব্যবস্থার বিকাশ ঘটিয়ে জনগণের স্বস্তি, প্রশান্তির দিকে অগ্রসর হওয়া এখন জরুরি। আর একটা কথা সবার, বিশেষ করে রাজনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠানগুলোকে মনে রাখতে হবে। এই বোধ-ধারণার শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে উল্লিখিত দুই সংস্থাকে এগিয়ে আসতে হবে। কেননা ইতিবাচকতা ভিন্ন সমাজ রাষ্ট্রকে এগিয়ে নিয়ে যাওয়ার দ্বিতীয় কোনো বিকল্প নেই। অথচ রাষ্ট্রযন্ত্রের কাণ্ডারি, যারা এই মুহূর্তে, তারা ঠিক সে দায়িত্ব সঠিকভাবে পালন করছেন বলে মনে করার কোনো উদাহরণ নেই।

আসলে ইতিবোধের সংক্ষিপ্ত ধারণা হয়তো এমন হতে পারে ব্যক্তি সমাজ ও সব পর্যায়ের মানুষ যখন আশাবাদী চিন্তাকে লালন করে অগ্রসর হতে পারবে। তবে খুব বেশি আশা করা নয়, যা ধরা ছোঁয়ার বাইরে তেমন নয়। বরং সেটা পূরণ করার মতো সাধ্যকে বিবেচনায় রাখতে হবে। কোনো বিষয় সমাধানের জন্য আত্মনিয়োগ করা, প্রত্যয়ী হওয়া এবং ইতিবাচক ফলের জন্য প্রত্যাশী হওয়াই মূল কথা। সুষ্ঠু ও যথাযথভাবে দায়িত্ব পালনের পর যতটুকু সাফল্য আসবে তাতে তৃপ্ত ও স্বস্তিবোধ করাই ইতিবাচকতা বলে আখ্যায়িত করা যেতে পারে। অতিরঞ্জন করা বা বাগাড়ম্বর করা নয়। যদি তেমন কিছু হয়, তবে তা হবে ইতিবাচকতার বিপরীত শব্দ। সর্বশেষ কথা, কোনো নেতিবাচক ধারণার সাথে কোনোভাবেই ইতিবাচক ভাবনার তুলনা হতে পারে না।

প্রথমে ছোট একটা উদাহরণ উপস্থাপনার মধ্য দিয়ে আজকের নেতিবাচকতা অনুশীলন কীভাবে অগ্রসর হচ্ছে সেটা অনুধাবন করার চেষ্টা করা যেতে পারে। যেমন পবিত্র রমজানের পূর্বে সংশ্লিষ্ট শীর্ষ রাজনৈতিক নির্বাহীদের পক্ষ থেকে বলা হলো, এবার রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্য সামগ্রীর সরবরাহ বাড়ানো হবে। সে ব্যবস্থা নিতে প্রশাসন সব উদ্যোগ নেবে।' কেউ যদি এখন জানতে চায় প্রশাসনের উচ্চারিত বিধি ব্যবস্থাগুলো কী ছিল এবং সেটা পর্যবেক্ষণের দায়িত্ব কিভাবে কতটুকু আনজাম দেয়া হয়েছে, তার ফলাফল কেমন হয়েছে, তার সন্তোষজনক জবাব দেয়ার কোনো কর্তৃপক্ষ কি রয়েছেন? কিন্তু সাধারণভাবে এতটুকু জানা গেছে, মূল্য পরিস্থিতি নিচে নামানোর উদ্যোগের কোনো উদাহরণ ছিলই না বরং সব কিছু উল্টো দিকে গেছে। এই পর্যবেক্ষণকে অবশ্যই অসত্য বলাই যাবে না। তার জন্য আরও একটা দৃষ্টান্ত তুলে ধরা যেতে পারে।



গত ২৫ মার্চ দৈনিক সমকালের একটি লিড ছবি ছিল। (পাঠক, আপনারা ইচ্ছা করলেই মোবাইলে সার্চ দিলে সে ছবি দেখতে পারেন) সে ছবির ক্যাপশনে লেখা আছে, 'সাশ্রয়ী মূল্যে টিসিবি পণ্য কিনতে রীতিমতো যুদ্ধে নামতে হয়। ভোর থেকে দাঁড়িয়েও অনেকে খালি হাতে বাড়ি ফিরে যান।' সেই ছবির সাথে যে রিপোর্ট প্রকাশিত হয়েছে তার একটির শিরোনাম হচ্ছে 'সুলভ মূল্যের পণ্য যেন সোনার হরিণ'। সাব হেডিং হচ্ছে 'রাজধানীর ২০ স্থানে মুহূর্তে সব পণ্য বিক্রি শেষ'। অপর জাতীয় দৈনিক 'নয়া দিগন্ত'-এ ওই একই দিন প্রকাশিত প্রধান প্রতিবেদনের শিরোনাম হচ্ছে 'বিফলে সরকারের সব পদক্ষেপ'। সে রিপোর্টটি থেকে সামান্য কিছু অংশ এখানে উদ্ধৃত করা হলো, 'রমজানের অনেক আগে থেকেই দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি রোধে নানা পদক্ষেপের কথা বলে আসছিল সরকার।' প্রতিবেদনে বলা হয়েছে, কিন্তু কোনো পদক্ষেপই কাজে আসেনি। সংশ্লিষ্ট প্রতিবেদক অনেক বাজার ঘুরে এসে এই রিপোর্ট করেছেন। তার পর্যবেক্ষণ হচ্ছে কোথাও চড়ে যাওয়া দামের কোনো কমতি নেই।

ঘোষিত প্রতিশ্রুতি ও তার বাস্তব প্রতিফলনের ক্ষেত্রে যে বিরাট তারতম্য বা ব্যবধান, এখানেই মূলত নেতিবাচকতার অবস্থান। এ পর্যায়ে যা কিছু বলা হয়েছে তার পেছনে সত্যতা থাকতে হবে। না হলে তাকে কী বলা উচিত, সেটি উচ্চারণ করা ভব্যতার বাইরে। বস্তুত এমন নেতিবাচকতা পুরো সমাজকে উদ্বিগ্ন ও আশাহত করছে। যারা নিত্য এমন অনুশীলনের চর্চা করছেন, তাদের কাছে এসব হয়তো কোনো অর্থ তৈরি করছে না। যেমন রুটিন মতো বলতে হয়, তাই বলা। কোথাও জবাবদিহিতার কোনো অনুশীলন নেই। কর্তৃপক্ষের এমন কথায় ও কাজের দূরত্ব কী অর্থ তৈরি করে থাকে? যার যার বিবেকের কাছে এ নিয়ে প্রশ্ন করলে সঠিক জবাবটাই পেয়ে যাবেন। আমরা এখনো বিশ্বাস করি, সবার বিবেক বিবেচনা ঘুমিয়ে নেই। যদি কারো সেটা একান্তই ঘুমিয়ে গিয়ে থাকে, চেষ্টা করা উচিত তাকে জাগানো। সবাই যদি এমন করে নেতিবাচকতার গণ্ডি ভেঙে ইতিবাচকতার চর্চা শুরু করেন, যা কিছুই করণীয় তার ৫০ ভাগের কিছু বেশি সমাধান করা হয়, তবে ধীরে ধীরে ইতিবাচকতা তোরণ দিয়ে প্রবেশ করা সম্ভব হবে এবং প্রশান্তির এক নতুন ভুবনে সবাই উপনীত হতে পারব।

আজকে রাজনৈতিক অঙ্গনে যে বিষয়টি নিষ্পত্তি হওয়া খুব জরুরি, সেটা হলো নেতিবাচকতা থেকে ইতিবাচকতার দিকে মুখ ফেরানো। এর প্রথম পদক্ষেপ কী হতে পারে সেটা বলা কঠিন কিছু নয়। এ দেশের সংবিধানে পরিষ্কার করে বলা আছে, এই ভূখণ্ডের মালিক মোক্তার হচ্ছে এই বদ্বীপের প্রায় ৫৬ হাজার বর্গমাইলের জনপদে যে যেখানে বসবাস করুন না কেন এবং তিনি নিরন্ন হন, দারিদ্র্যসীমার মধ্যে অবস্থান করুন বা মধ্যবিত্ত বা উচ্চবিত্তের মানুষই হন, সবাই এই ভূখণ্ডের স্বত্বাধিকারী। তাদের অভিপ্রায় অভিব্যক্তি ও আকাঙ্ক্ষাকে পূরণ করাকেই ধরে নিতে হবে সর্বোচ্চ দায়িত্ব কর্তব্য ও অত্যাবশ্যক বিষয়। এখানে কোনো কনসেশন বা ছাড় দেয়ার সুযোগ নেই। কোনো ব্যক্তি গোষ্ঠী বা দলের এতে দ্বিমত করার এতটুকু অবকাশ নেই। এই বোধকেই বলতে হবে ইতিবাচকতা। এর ভিন্নতাকেই বলতে হবে নেতিবাচকতা যা কোনোভাবে দেশ দশের কল্যাণে আসতে পারে না। এটাই সর্বজনীনতা। এ থেকে স্বতন্ত্র চিন্ত যারাই করুন তারা অবশ্যই দেশবাসীর অভিপ্রায় অনুভূতি ও সুস্থ জীবনবোধের বিপক্ষ। যারা প্রতিপক্ষ আজ হোক বা কাল হোক তাদের এ দেশের ইতিহাসের এমন এক জায়গায় স্থান করে নিতে হবে, যা পাঠযোগ্য নয়। ঘৃণা ভরে প্রত্যাখ্যাত হবেন তাঁরা।

আজ যারা নিজেদের মনে করছেন তারাই কেবল দেশে হিতৈষী, এই জনপদের একমাত্র কল্যাণকামী আর সবাই ক্ষতিকর এলিমেনটস। অনুরোধ করছি, সে ক্ষেত্রে সাহস করে জনতার সম্মুখে হাজির হয়ে অবাধ নিরপেক্ষ সবার কাছে গ্রহণযোগ্য একটা বাছাইপর্বে শরিক হলে তবেই বোঝা যাবে কে কতটা যোগ্য দক্ষ সক্ষম ও জনপ্রিয়। যারা এমন প্রক্রিয়ার প্রতি নিষ্ঠাবান সমর্থক তারাই ইতিবাচকতায় স্নাত। এর অন্যথার মধ্যে যারা ডুবে থাকতে চান, বুঝতে হবে তারা নেতিবাচক ধারণায় আচ্ছন্ন। এমন সিদ্ধান্তে অটল অবিচল যেসব শক্তি তাদের ও সমর্থকদের আস্থা অর্জন ও সন্তুষ্ট হতে ও করতে পারেন বটে। কিন্তু সেটা ইতিবাচক ধারণার ধারক হতে পারে না। এমন অবস্থায় যারা স্থিত হতে চান, তাদের দিয়ে অবশ্যই রাষ্ট্রের অনুকূলে তেমন কোনো সংযোজন পরিবর্তন পরিমার্জন সাধন সম্ভবপর নয়। তাদের ভিশন মোশন একান্ত নিজ স্বার্থে; পরার্থে নয়, সেজন্য তাদের যত কর্মকাণ্ড সব ঘিরে থাকে প্রদর্শনপ্রিয়তা আর বাগাড়ম্বর করা। তাদের ধৈর্য ও সহ্যের বাঁধ এতই দুর্বল; সেখানে একটু ঘা লাগাকে মনে হয়, পর্বত দুলে ওঠার মতো। অথচ যাদের দায় দায়িত্ব যত বেশি তাদের ঠিক ততটাই নিথর নীরব কষ্টসহিষ্ণু হতে ও অপরের সব আলোচনা সমালোচনাকে শোনার মতো মানসিক প্রস্তুতি নিয়ে রাখতে হয়। সমালোচকদের নিজের সম্মুখে ধরা দর্পণ হিসেবে মনে করতে হবে। কেননা কারো পক্ষে তার নিজের মুখমণ্ডল দেখা সম্ভব নয়।

তার মুখের কোথায় কতটুকু কদর্য রয়েছে, তা যখন সে দেখে না, অন্য কেউ সেটা দেখে যদি তার অবস্থান ব্যাপ্তি বলে দেয়। তবে এটাকে মনে করতে হবে, যে তার সুহৃদয় সৃজন কল্যাণকামী। তার কাছ থেকে যতটুকু ন্যায্য প্রতিপন্ন হবে সেটুকু গ্রহণ করার মধ্যে উপকার ভিন্ন আর কিছু হারাবার নেই। নিজেকে পরিপূর্ণ পরিমার্জন পরিশীলিত করার সেটাই পথ। প্রতিপক্ষের উল্লিখিত বাক্যবিন্যাস নিয়ে যদি ক্ষিপ্ত না হওয়া যায় তবে মনে করতে হবে একে সঙ্গী করে দূর পথযাত্রা করা সম্ভব। নিজেকে যদি কাচের তৈরি পাত্রের মতো ঠুনকো, ভঙ্গুর মনে করা হয়; যাকে ধরা যাবে না, ছোঁয়া যাবে না মনে করা হয়; তাহলে তাদের সমাজবদ্ধভাবে বাস করা সম্ভব নয়। তাদের লোকালয়কে এড়িয়ে জনবিরল স্থানে চলে যেতে হবে। মানুষের পক্ষে সমাজবদ্ধ হয়ে বাস করার ইতিহাস সেই আদিম যুগ থেকে। এর অন্যথা কোনোভাবেই মানসিক সুস্থতার পরিচায়ক নয়।

নিজেদের এতটা স্বতন্ত্র বানিয়ে নিলে দুটো ঘটনা ঘটার সমূহ সম্ভাবনা থাকে। প্রথমে নিজেদের অতিউচ্চ শ্রেণীর মানুষ, অধিক পারঙ্গম, অতি পরিশুদ্ধ আর সবাই আহম্মক, সীমাহীন অদক্ষ, অর্বাচীন। এমন ভাবতে শেখার অর্থ হচ্ছে, আত্মম্ভরিতা। এমন স্বভাব মনোভাব নিয়ে চলা আর যাই হোক কোনো স্বপ্ন প্রয়াসী বা সৃষ্টিশীল ব্যক্তি বা গোষ্ঠীর কাজ হতে পারে না। আর একটা তুলনা করা যেতে পারে বদ্ধ জলাশয়ের সাথে। যেখানে সামান্য পানিতে মাছ নয়, ব্যাঙ্গাচির যত উৎপাত হয়। মানুষের মনোভাবের এটা ইতিবোধের জাগরণ ঘটুক, অন্ধকার কলঙ্ক সব দূরীভূত হোক। সৎ বোধের জাগরণ হলেই নিত্য আর কোনো হলাহল জমবে না। মানুষ আত্মসুখের উল্লাসের মধ্য দিয়ে জীবনের উন্মেষ ঘটাক, শত ফুল ফুটুক, হাজারো ফল পরিপক্ব হোক, পত্রপল্লব বিকশিত হোক, পাখী দল মুখরিত হোক।

আধ্যাত্মিক দৃষ্টিতে জাকাত ও রোজা

॥ জয়নুল আবেদীন ॥

কয়েক দিন আগে ফেসবুক ওয়ালে প্রচার করেছিলাম- 'একই বস্তু যখন বৃহত্তর পরিসরে করা হয় তখন অনুদান, যখন উর্ধ্বতন কর্তাকে পরিতুষ্টির জন্য করা হয় তখন সম্মানী, যখন আপনজনকে দেয়া হয় তখন উপহার, যখন রাজি-খুশিসহ সন্তুষ্ট হয়ে দেয়া হয় তখন বকশিশ, যখন আল্লাহর নির্দেশে সম্পদের নির্দিষ্ট অংশ নির্ধারিত জন বরাবর পরিশোধ করা হয় তখন জাকাত, যখন আইনের নির্দেশে সম্পদের নির্দিষ্ট অংশ রাষ্ট্র বরাবর পরিশোধ করতে বাধ্য হয় তখন ট্যাক্স, যখন গরিব পাড়া-পড়শিসহ ফকির-মিসকিনদের দেয়া হয় তখন দান-খয়রাত।' স্থান-কাল-পাত্রভেদে একই বস্তুর বহু নাম। এই অসংখ্য নামের মধ্যে জাকাত ও ট্যাক্স বাধ্যবাধকতার মধ্যে পড়ে।

'যখন আল্লাহর নির্দেশে সম্পদের নির্দিষ্ট অংশ নির্ধারিত জন বরাবর পরিশোধ করা হয় তখন জাকাত' সংক্ষিপ্ত এই সংজ্ঞাটি ঈষৎ পরিবর্তন হয়েছে সুফিবাদেও। প্রত্যেক ধর্মেরই একটি আধ্যাত্মিক (ংঢ়রৎঃরঃঁধষ) দিক রয়েছে। আধ্যাত্মিক দিক রয়েছে ইসলাম ধর্মেরও। ইসলাম ধর্মের আধ্যাত্মিক দিকের নাম 'সুফিবাদ' যা কলেজ জীবনে ইসলামের ইতিহাসে পাঠ্যতালিকার অন্তর্ভুক্ত ছিল।

(রাসূল সা: অরো বলেন) হে উমর! শরিয়ত মোতাবেক ২০০ দিনারের মধ্যে মাত্র পাঁচ দিনার জাকাত দান ফরজ। তাহলে তরিকতিদের কাছে ২০০ দিনারের মধ্যে পাঁচ দিনার নিজের জন্য রেখে বাকি সবটুকু দান করা ফরজ। মনে রেখো, জাকাত স্বাধীন (আজাদ) ব্যক্তির ওপর ফরজ, গোলাম বা ক্রীতদাসের ওপর ফরজ নয়। মানুষ যতক্ষণ পর্যন্ত নফসের (খায়েশের) তাবেদারি থেকে মুক্ত হতে না পারে ততক্ষণ পর্যন্ত সে আজাদ হতে পারে না। যে পর্যন্ত সে আজাদ হতে না পারে, সে পর্যন্ত তার ওপর কী করে জাকাত ফরজ হতে পারে? অতএব বান্দার প্রথম কর্তব্য হচ্ছে নফসের তাবেদারি থেকে আজাদি হাসিলপূর্বক জাকাতে হাকিকি আদায় করার যোগ্যতা (কাবেলিয়ত) অর্জন করা।' (দিওয়ান-ই-খাজা মুঈনুদ্দিন চিশতি, পৃষ্ঠা-৪৪২)

গ্রন্থের একই পৃষ্ঠায় আরো উল্লেখ আছে, ইসলামের চতুর্থ স্তম্ভ জাকাত। শরিয়তের বিধান মতে বছরের শেষে উদ্বৃত্ত অর্থ ও স্বর্ণ-রৌপ্যের মূল্যের ওপর শতকরা আড়াই ভাগ এতিম, দুস্থ ও মিসকিনকে দান করতে হয়। এটি বাধ্যতামূলক দান। পবিত্র কুরআনে যতবার সালাত কায়েম করতে বলা হয়েছে প্রায় ততবার জাকাত দানের কথা রয়েছে। 'আকিমুস সালাতা ওয়া আতুজ জাকাতা'- এ বাক্যাংশ এমনভাবে বলা হয়েছে যেন একটি আরেকটির পরিপূরক। যেকোনো একটিকে বাদ দিলে বাক্যটি মনে হয় অসম্পূর্ণ থেকে যায়। সালাত আর জাকাত পবিত্র কুরআনে অঙ্গাঙ্গীভাবে জড়িত।



বুখারি শরিফের নবম অধ্যায়ে জাকাত বিষয়ে আলোচনায় বলা হয়েছে- 'নামাজ যেমন ইসলামের একটি স্তম্ভ ও অপরিহার্য ফরজ, জাকাতও তদ্রুপ ইসলামের একটি স্তম্ভ ও ফরজ। আল্লাহ বলেন- 'তোমরা নামাজ কায়েম করো এবং জাকাত দান করো।' জাকাতও নামাজের মতো হিজরতের আগেই ফরজরূপে নির্ধারিত হয়েছিল। বুখারি শরিফ প্রথম খণ্ডে ৬ নং হাদিসের মধ্যে এই দাবির সমর্থন রয়েছে।

৭২৮ নং হাদিস, যার অর্থ- ইবনে আব্বাস রা: থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সা: মোয়াজ রা:-কে ইয়েমেনে শাসনকর্তা হিসেবে পাঠিয়েছিলেন। তখন তিনি তাকে কতগুলো উপদেশ ও সতর্কবাণী দান করলেন; যার মধ্যে, প্রতি দিন-রাতে পাঁচ ওয়াক্ত নামাজ ফরজ করেছেন। যদি তারা তা গ্রহণ করে নেয়, তবে তাদের জানাবে যে, আল্লাহ তায়ালা (সব মুসলমানের মতো) তাদের ওপরও মালের জাকাত ফরজ করেছেন যা তাদের (ধনীদের) থেকে গরিবদিগকে দান করা হবে। রাসূল সা: মোয়াজ রা:-কে এরূপ সতর্কও করে দিলেন যে, তারা জাকাত দানে স্বীকৃত হলে খবরদার! তখন তাদের ধন-সম্পত্তির মধ্য থেকে সালগুলো বেছে নিও না।' পূর্ব ও পশ্চিমে মুখ ফেরানোতে কোনো কল্যাণ নেই; বরং কল্যাণ আছে ...আল্লাহর প্রেমে, আত্মীয়-স্বজন, এতিম, মিসকিন, সফরকারী, সাহায্যপ্রার্থী ও দাস মুক্তির জন্য দান করলে (২:১১৭) লোকে কী ব্যয় করবে? সে সম্পর্কে তোমাকে প্রশ্ন করে। বলো, 'তোমাদের উত্তম ব্যয় হলো যা তোমরা পিতা-মাতা, আত্মীয়-স্বজন, এতিম, অভাবগ্রস্ত ও মুসাফিরের জন্য ব্যয় করবে। (২: ২১৫)

রোজারও রয়েছে আধ্যাত্মিক দিক। রোজার বেলায়ও (রাসূল সা: বললেন) হে উমর, রোজা হাকিকির অর্থ হচ্ছে মানুষ তার অন্তর বা দিল থেকে দ্বীন ও দুনিয়ার সর্বপ্রকার আশা-আকাঙ্ক্ষা দূরীভূত করবে। কারণ দ্বীনের খায়েশ যেমন- বেহেশতের আরাম-আয়েশ, সুখ-শান্তি ও হুরের আকাঙ্ক্ষা আবেদ ও মাবুদের মধ্যে পর্দার অন্তরাল সৃষ্টি করে। এরকম আকাঙ্ক্ষা বিদ্যমান থাকা অবস্থায় বান্দা কখনো তার মাবুদের হকিকতের নৈকট্য লাভ করতে পারে না। অপর দিকে দুনিয়ার খায়েশ হলো- ধন-দৌলত, শান-শওকত, ক্ষমতার দম্ভ, নফসের খায়েশ ইত্যাদি জাগতিক বিষয়াদির আকাঙ্ক্ষা মানুষকে আল্লাহ থেকে দূরে সরিয়ে নেয় এবং এগুলো একেবারে শিরিক। গায়রুল্লাহর প্রতি খেয়াল ও ফিকির করা - কেয়ামতের ভয়, বেহেশতের আশা ও আখিরাত সম্পর্কে ফিকির করা- এসবই রোজা হকিকি নষ্ট করে। রোজা হকিকি তখনই সঠিক হবে যখন মানুষ আল্লাহ ব্যতীত অন্য সব কিছু দিল থেকে নিশ্চিহ্ন করে দেয় যাতে গায়রুল্লাহর ইলেম পর্যন্ত থাকে না এবং সব রকমের উমিদ (আশা) ও ডর দিল থেকে দূরীভূত করে (দিওয়ান-ই-খাজা মুঈনুদ্দিন চিশতি, পৃষ্ঠা-৪৩৭)

টীকায় বলা হয়েছে, 'ইসলামের তৃতীয় স্তম্ভ রোজা বা রমজান। রোজা শব্দটি 'রমজ' ধাতু থেকে নিষ্পন্ন যার অর্থ হলো- পোড়ানো বা দাহন (নঁৎহরহম)। এ দাহন হলো মানব জীবনের কুপ্রবৃত্তির দাহন। এটি মানব জীবনে সংহতি, ঐক্য, প্রেম, মৈত্রী ও ভালোবাসা সৃষ্টিতে সহায়তা করে। অপর দিকে কুপ্রবৃত্তিগুলো আমাদেরকে সমাজ থেকে বিচ্ছিন্ন ও অসহায় করে মানব জীবনকে অন্ধকারের অতলতলে তলিয়ে দেয় এবং মানব জীবনকে ব্যাহত করে তোলে। কামপ্রবৃত্তির অসংযত সন্তোষ বিধানের ফলে মানুষ পশুত্বের চরম স্তরে নেমে যায়। ক্রোধ মানুষকে হিতাহিত জ্ঞানশূন্য করে তোলে। লোভ, মোহ, মদ ও মাৎসর্য সামাজিক জীবনে বিশৃঙ্খলার সৃষ্টি করে। এসব কুপ্রবৃত্তি মানবাত্মাকে কলুষিত করে আত্মিক উন্নতি সাধনের পথ রোধ করে দাঁড়ায়। সোনা যেমন আগুনে পুড়ে খাঁটি হয় রমজানও তেমনই কুপ্রবৃত্তিগুলোকে দহন করে মানুষকে খাঁটি করে দেয় যাতে সে আল্লাহর প্রতিনিধি হিসেবে আল্লাহর সার্বভৌমত্ব প্রতিষ্ঠা করতে পারে এবং আত্মিক উন্নতির মাধ্যমে তাঁর সান্নিধ্য লাভ করতে পারে। (দিওয়ান-ই-খাজা মুঈনুদ্দিন চিশতি, পৃষ্ঠা-৪৩৯)

ইসলাম শব্দের মূল ধাতু হচ্ছে 'সিলম', যার অর্থ শান্তি। সেদিন 'ঘুম ভাঙতেই জানালার পাশে বসে আকাশের দিকে চোখ যায়। গুমোট আকাশ। মুসলিম কান্ট্রির জন্য 'শান্তি' শব্দটিও যেন আজকের আকাশের মতোই গুমোট। কিন্তু কেন? আমাদের গাঁয়ে আগে একটি মসজিদ ছিল, এখন সাতটি মসজিদ। অনুরূপভাবে সারা দেশজুড়ে বাড়ছে মসজিদ-মাদরাসা। কয়েক লাখ মসজিতে প্রতি জুমার দিন হয় ধর্মের ওপর তালিম ও বয়ান। বিশ্বে আর কোনো ধর্মে ধর্ম নিয়ে এত তালিম বয়ান ও আলোচনা হয় না। তার পরও বিশ্বের সবচেয়ে শান্তিপূর্ণ টপটেন, আইসল্যান্ড, ডেনমার্ক, অস্ট্রিয়া, নিউজিল্যান্ড, পর্তুগাল, চেক প্রজাতন্ত্র, সুইজারল্যান্ড, কানাডা, জাপান ও স্লোভেনিয়া; এর মধ্যে কোনো মুসলিম কান্ট্রির নাম নেই- মুসলিম কান্ট্রির নাম আছে বটমটেনে। শান্তির তালিকায় বিশ্বের শীর্ষে আইসল্যান্ড, সব চেয়ে নিচে আফগানিস্তান। দান-দক্ষিণা সম্পর্কে প্রায়ই দুই গরিব ভাইয়ের একটি গল্প শোনা যায়। দুই ভাই (বাকি অংশ ১৩ পাতায়)

আধ্যাত্মিক দৃষ্টিতে জাকাত ও রোজা

(১২ পাতার পর)

গরিব হলেও তারা কারো দান গ্রহণ করতে রাজি নন। তখন ধান কাটার মৌসুম। বড় ভাই ছোট ভাইয়ের অভাবের কথা চিন্তা করে রাতের অন্ধকারে গোপনে নিজের টাল থেকে ১০ আঁটি ধান ছোট ভাইয়ের ধানের আঁটির সাথে রেখে আসেন। ঠিক অনুরূপ কাজ করেন ছোট ভাইও। যেমন ধান তেমনই রইল, দু'ভাইয়েরই লাভের ঘরে যোগ হলো দানের পুণ্য। কয়েক মাস আগে এক সুখী দেশে গিয়েছিলাম। সরকার আর জনগণের মধ্যে ট্যাক্সের আদান-প্রদান দেখে আমার কাছে সেরকমই মনে হলো। গত ১১ ফেব্রুয়ারি 'অশান্তির দেশে শান্তির সূর্যোদয়' শিরোনামে উপসম্পাদকীয়র একাংশে লিখেছিলাম- 'সামাজিক গণতন্ত্রের দেশ সুইডেন, এখানে অস্বাভাবিক ধনী ও অস্বাভাবিক নির্ধন হওয়ার কোনো সুযোগ নেই। কোনো সরকারেরও সুযোগ নেই সামাজিক গণতন্ত্রের বাইরে যাওয়ার। বিশ্বের সর্বোচ্চ আয়কর গ্রহণকারী দেশ সুইডেন।... মোট হিসাবটা চাকরিদাতার ট্যাক্সসহ হিসাব করে দেখলে দেখা যায়, রহিম কাজ করে যদি ১০০ ক্রোনা পায় তার থেকে তার নিজে রাখতে পারে ৪৮ ক্রোনা আর সরকারের ঘরে যায় ৫২ ক্রোনা। ট্যাক্স উপার্জনের অর্ধেকেরও বেশি, যা হাতে পাওয়ার আগেই চলে যায় রাষ্ট্রের তহবিলে। রাষ্ট্রের তহবিল থেকে ওই টাকাই আনে জনকল্যাণে বা নাগরিক সুবিধার জন্য। এত ট্যাক্স দিলে নাগরিক সুবিধা না দিয়ে কারো বাপের ক্ষমতা আছে ক্ষমতায় বসে থাকবে? গণতান্ত্রিক অধিকারে সেটি বন্ধ রাখার ক্ষমতা কি কারো থাকার সম্ভাবনা আছে? ইউরোপকে স্বর্গ মনে করার আগে একবার হিসাবটা দেখুন, সেই স্বর্গের কারণটা কোথায়?

গত ২০ মার্চ 'দাও ফিরায়ে সে তাওয়া পিঠা' নিবন্ধের একাংশে লিখেছিলাম, 'ধর্ম থেকে শিরকমুক্তির অভিযান শুরু আবদুল ওয়াহাবের আমল থেকেই। জান্নাতুল বাকি ও জান্নাতুল মোয়াল্লার সব সমাধি গুঁড়িয়ে ওহাবি আন্দোলনের যাত্রা শুরু যার ফলে, 'সমগ্র আরবজুড়ে ধর্মের অন্তঃসলিলা মিলাদ মাহফিল, মাজার-সমাধি, খানকা-দরবার, সুফি-সাধক ও ধেয়ান-দর্শন নেই- নেই সুন্নত-নফলসহ হাত তুলে মুনাজাত পদ্ধতিও।' (আমার দেখা আরব, পৃষ্ঠা : ২১০-২১১)

ওয়াহাবি নীতি যখন থেকে শুরু তখন থেকে হারিয়ে যাচ্ছে ইসলামের আধ্যাত্মিক দিক। উপমহাদেশে ইসলাম প্রচারিত ও প্রসারিত হয়েছে সুফিসাধকদের মাধ্যমে, যারা আরব, ইয়েমেন, পারস্য, মধ্য এশিয়া থেকে এ দেশে এসেছিলেন। তারা আরব বণিকদের সাথে পৃথিবীর দূর-দূরান্তে ছড়িয়ে পড়েন। পরে মুসলিম নৃপতিদের ছত্রছায়ায় দেশের আনাচে-কানচে গড়ে তোলেন খানকা, দরবার, মাজার, দরগাহ ইত্যাদি। সমাধি ভাঙার ঢেউ লাগে আমাদের দেশেও। আজমির ও দিল্লি ঘুরতে গিয়ে মুগ্ধ হয়েছিলাম হজরত খাজা মুঈনুদ্দিন চিশতি রহ:-এর নির্মোহ জীবানাদর্শ দেখে।

'রাসূল সা: যে এলেম শিক্ষা দিয়েছিলেন তা ছিল মূলত এলমে শরিয়তও এলমে মারিফাতের সর্বোত্তম সমন্বয় এবং দুটো এলেমের সমন্বয়েই ইসলাম প্রতিষ্ঠিত হয়েছিল। এর কোনো একটিকে বাদ দিয়ে পূর্ণাঙ্গ ইসলাম বলা যায় না। এ দুটি এলেমের সমন্বয় নিজের জীবনে বাস্তবায়ন করে রাসূল সা: মানুষের জন্য মহান আদর্শ নির্ধারণ করে গেছেন। কিন্তু কালের প্রবাহে মানুষ রাসূল সা:-এর আদর্শ থেকে সরে গিয়ে দুনিয়াদারি ভোগবিলাস ও রাজনৈতিক স্বার্থ সিদ্ধির হাতিয়ার হিসেবে ইসলামকে ব্যবহার করে এর প্রকৃত আদর্শ ভূলুণ্ঠিত করেছে।' (আমার দেখা আরব, পৃষ্ঠা-২০৮)

শৈশবে মুমূর্ষু অবস্থায় ক্রন্দনরত মায়ের কণ্ঠ নিঃসৃত, 'আলী (ক:)-এর হাতে জুলফিকার মায়ের হাতে তীর/যেখান থেকে আইছো বালাই সেখানে ফিরাও, আল্লাহ লা-ইলাহা ইল্লাল্লাহু'। গভীর রাতে অন্ধকার ঘরে বাবার কণ্ঠে, 'নবী সা:-এর নামে যে না হইছে দিওয়ানা, নবী সা: বলবেন, সে উম্মত আর আমার না।' হৃদয় নিংসৃত দরুদ শুনে জেগে উঠতাম, সেসব দরুদ এখন আর শোনা যায় না। কী করে শোনা যাবে? ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত 'ইসলামে নবীর মর্যাদা' নামক গ্রন্থে তিনি পরিষ্কার করে বলেছেন, 'মিলাদে রাসূল সা: হাজির আছেন মনে করে দাঁড়িয়ে তাকে সম্মান করা শিরকের পর্যায়ে পড়ে।

একই সুর পাওয়া যায়, 'তাকভিয়াতুল ঈমান'-এর মূল কথায়। ইসমাইল দেহলভির 'তাকভিয়াতুল ঈমান'-এর মূল কথা হলো :

১. ইসমাইল দেহলভির দলই একমাত্র মুসলমান। তারা ছাড়া আর সব মুসলমানই মুশরিক।
২. আল্লাহর পক্ষে মিথ্যা বলা জায়েজ।
৩. রাসূল সা: গায়েব ছিলেন না। এমন কি আল্লাহর কোনো ইলমই গায়েব নেই।
৪. রাসূল সা: শেষ নবী নন, তার পরও কোটি পয়গাম্বর হতে পারেন।
৫. আম্বিয়া ও আউলিয়া-ই কেরাম-এর উপলক্ষ করা শিরক।

ওয়াহাবিদের ধর্মীয় ম্যানিফেস্টো আর ইসমাইল দেহলভির ধর্মীয় ম্যানিফেস্টো অক্ষর ও শব্দ কমবেশি থাকলেও সারমর্ম এক ও অভিন্ন। দেহলভির শিকড়ের সন্ধানে একটু খুঁড়তে শুরু করলেই পাওয়া যাবে ওয়াহাবিদের ধর্মীয় ম্যানিফেস্টো। মুহাম্মদ বিন আবদুল ওয়াহাব লিখিত গ্রন্থের নাম 'কিতাবুল তাওহিদ'। কেতাবুল তাওহিদের অনুবাদ ও অনুকরণই 'তাকভিয়াতুল ঈমান' (আমার দেখা আরব, পৃষ্ঠা-২১০)। শিরক দূর করার নামে আম্বিয়া ও আউলিয়া-ই কেরাম-এর সাথে নবী সা:-এর দরুদও দিন দিন ফুরিয়ে যাচ্ছে।

লেখক : আইনজীবী ও কথাসাহিত্যিক

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
■ All types of W2 & 1099 Income Tax Filing
■ Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
■ Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS
Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.

আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া

যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com









টাইমস স্কয়ারে বর্ষবরণ

(শেষের পাতার পর)

ছিলেন দর্শক-শ্রোতা! । টাইমস স্কয়ারের যে স্থানে (৪৬ স্ট্রীট এন্ড ব্রডওয়ে) এই অনুষ্ঠানের আয়োজন করা হয় সেখানকার গ্যালারি ছিলো দর্শক শূণ্য। অনুষ্ঠানে যোগদানকারী কারো কারো ফেসবুক-এর ভিডিও-তে তাই লক্ষ্য করা গেছে। অপরদিকে ডাইভারসিটি প্লাজায় ছিলো উপচে পড়া দর্শক-শোতাদের ভীড়। এদিকে আয়োজকরা জানান, পয়লা বৈশাখ উদযাপনের এই আয়োজনকে ব্যাহত করতে একটি মহল আদালতে মামলা করেছিলেন। ১৩ এপ্রিল বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট মামলাটি খারিজ করে দেন। খবর ইউএনএ'র।

টাইমস স্কয়ারের অনুষ্ঠানে বাংলাদেশ থেকে আগত 'স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত' বরেণ্য রবীন্দ্র সঙ্গীত শিল্পী ড. রেজওয়ানা চৌধুরী বন্যা ও প্রবীণ নৃত্যশিল্পী বীর মুক্তিযোদ্ধা লায়লা হাসান ছাড়া প্রধান অতিথি নিউইয়র্ক সিটি মেয়র এরিক এডামস ও ইউএস কংগ্রেওম্যান গ্রেস মেং সহ অন্য কোন অতিথি প্রথম দিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলো না বলে জানা গেছে। তবে মেয়র সহ অতিথিগণ শনিবার (১৫ এপ্রিল) জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় আয়োজিত দ্বিতীয় দিনের অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বলে অনুষ্ঠান আয়োজক কমিটির সদস্য সচিব তোফাজ্জল লিটন শুক্রবারের অনুষ্ঠান সামাপ্তি ঘোষণাকালে জানান। অনুষ্ঠানের এক পর্যায়ে তোফাজ্জল লিটন এনআরবি ওয়ার্ল্ড ওয়াইড'র প্রতিষ্ঠাতা ও এই অনুষ্ঠানের প্রধান উদ্যোক্তা বিশ্বজিৎ সাহা, নৃত্যশিল্পী লায়লা হাসান ও মহীতোষ তালুকদার তাপসকে বিশেষভাবে পরিচয় করিয়ে দেন।

টাইমস স্কয়ারের অনুষ্ঠানে মহীতোষ তালুকদার তাপসের নেতৃত্ব ও পরিচালনায় সেখানে উপস্থিত প্রবাসীরা পহেলা বৈশাখ আর দেশের গান পরিবেশন করেন। এর মধ্যে নারীরা একই রংয়ের শাড়ী আর পুরুষরা একই রকমের পাঞ্জাবী পরে অংশ নেন। নৃত্যশিল্পী লায়লা হাসান গানের তালে তালে নৃত্য পরিবেশন করেন। এছাড়াও সঙ্গীতানুষ্ঠানে একুশের পদকপ্রাপ্ত স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী রথীন্দ্রনাথ রায় প্রবাসের শিল্পীরা অংশ নেন। ঢাক-ঢোল পিটিয়ে নানা ধরনের মুখোশের প্রতিচ্ছবি হাতে অংশগ্রহনকারীরা স্বল্প জায়গায় 'তথা কথিত মঙ্গল শোভাযাত্রা' প্রদর্শণ করেন। তবে অনুষ্ঠানস্থলে 'উলুধ্বনি' এবং শোভাযাত্রায় একজন পুরুষ আর একজন নারীর প্রতিকৃতির মুখোশ (কার, কেনো, কোন অর্থে ব্যবহৃত) স্থান পাওয়া নিয়ে কমিউনিটিতে নতুন করে প্রশ্ন উঠেছে। অপরদিকে অংশগ্রহণকারী নির্দিষ্ট জায়গায় ঘেরাও করে বসে অংশ নেয়ায় টাইমস স্কয়ারের কোন দর্শক-ই দেশী-বিদেশী) তাদের কোন অনুষ্ঠান উপভোগ করতে পারেননি। উলুধ্বনি'র ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পরলে নিন্দা আর প্রতিবাদের ঝড় ওঠে যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের মাঝে। এ নিয়ে চরম ক্ষোভ প্রকাশ করেন কেউ কেউ। উল্লেখ্য, বাংলা নববর্ষ উদযাপন বাঙালী মুসলিম, হিন্দু, বৌদ্ধ ও খ্রীষ্টান সকলের সাংস্কৃতিক উৎসব হলেও ১৪ ও ১৫ এপ্রিলের অনুষ্ঠান উৎসবে অংশগ্রহনকারীদের অধিকাংশ ছিল একটি সম্প্রদায়ের। পবিত্র রমজানের কারণে অনেক মুসলমান স্বতস্ফুর্তভাবেই এই উৎসব 'বয়কট' করেছেন বলে জানা গেছে।

জানা যায়, শোভাযাত্রার উদ্বোধন করেন রবীন্দ্র সংগীতশিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা। বর্ষবরণ অনুষ্ঠানের আহ্বায়ক ছিলেন নৃত্যশিল্পী লায়লা হাসান। তোফাজ্জল লিটনের সঞ্চালনায় বর্ষবরণ অনুষ্ঠান শুরু হয় তাঁর প্রীতি সম্ভাষণ দিয়ে। এসময় আরো বক্তব্য রাখেন পরিচালক মহিতোষ তালুকদার তাপস। ঠিক ভোর ৬টা ২০ মিনিটে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে শতাধিক শিল্পীর অংশগ্রহণে সাংস্কৃতিক পরিবেশনায় নতুন বাংলা বছরকে বরণের এ আয়োজনে কিছু প্রবাসীও অংশ নেন।

টাইমস স্কয়ারের অনুষ্ঠানে লায়লা হাসান বলেন, ধর্ম বর্ণ নির্বিশেষে বাঙালীর বড় প্রাণের উৎসব পয়লা বৈশাখ। ভোরের সূর্যোদয়ের সঙ্গে বহুজাতিক এ সমাজে বাঙালী প্রবাসীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে আবার তা প্রমাণিত হলো।

রেজওয়ানা চৌধুরী বন্যা বলেন, টাইম স্কয়ারের শতকণ্ঠে বর্ষবরণের আয়োজনটি অনবদ্য। প্রবাস জীবনের এত প্রতিকূলতার পরেও বৈশাখের প্রথম দিনে বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রায় প্রবাসীদের বিপুল অংশগ্রহণ ইতিহাস সৃষ্টি করেছে। আমার চাওয়া হচ্ছে, প্রতি বছর এভাবেই বৈশাখ উদযাপিত হোক নিউইয়র্কসহ পৃথিবীর নানা প্রান্তে।

স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কণ্ঠযোদ্ধা রথীন্দ্রনাথ রায় বলেন, বিশ্বব্যাপী বাঙালী সংস্কৃতি ছড়িয়ে দিতে এবারের পয়লা বৈশাখ উদযাপন যুগান্তকারী ভূমিকা রাখবে। আবালবৃদ্ধবনিতা সবার অংশগ্রহণে সর্বজনীনভাবে এমন বর্ণাঢ্য আয়োজন আমাদের আগামী প্রজন্মকে বাংলা সংস্কৃতির প্রতি উদ্বুদ্ধ করবে।

এদিকে শনিবার দ্বিতীয় দিনের অনুষ্ঠানে ডাইভারসিটি প্লাজায় ছিলো উপচে পড়া দর্শক-শোতাদের ভীড়। এদিন বিকেলে অনুষ্ঠানে অতিথি হিসেবে যোগ দেন নিউইয়র্ক সিটি মেয়র এরিক এডামস। এছাড়াও ষ্টেট সিনেটর জন ল্যু, নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল ড. মনিরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা ও লেখক ড. নুরুন নবী, মূলধারার রাজনীতিক মোর্শেদ আলম, ব্যারিষ্টার সুমন, সহ অন্যান্য অতিথিরা। এই পর্ব উপস্থাপনায় ছিলেন সেমন্তী ওয়াহেদ। অনুষ্ঠানে মেয়রকে পাঞ্জাবী উপহার প্রদান আর উত্তরীয় পরিয়ে দেয়া হয়। সন্ধ্যার পর অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন বরেণ্য রবীন্দ্র সঙ্গীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা ও ভারতের জনপ্রিয় শিল্পী রবীন্দ্র সঙ্গীত শিল্পী কমলিনী মুখোপাধ্যায়, তাজুল ইমামসহ প্রবাসের জনপ্রিয় চন্দন চৌধুরী, শাহ মাহবুব, নিলীমা শশী, মারিয়া মৌ প্রমুখ শিল্পীরা। নৃত্য পরিবেশন করেন প্রবীণ নৃত্যশিল্পী বীর মুক্তিযোদ্ধা লায়লা হাসান। সন্ধ্যায় ইফতারের জন্য প্রায় এক ঘন্টা অনুষ্ঠান বন্ধ রাখা হয়। আর ইফতারীর সময় পান্তা-ইলিশ খাবার ছিলো সবার জন্য ফ্রি। ঢাক-ঢোল পিটিয়ে আর নানান প্রাণীর মুখোশ নিয়ে বিকেলে বের করা 'মঙ্গল শোভাযাত্রা'।

এছাড়াও বিশিষ্ট টিভি নিউজ প্রেজেন্টার দিমা নেফারতিতির উপস্থাপনায় শ্রী চিন্ময় সেন্টারের শিল্পী ছাড়াও প্রবাসের বিভিন্ন সংগঠনের মধ্যে সঙ্গীত পরিষদ, সঙ্গীত সাধনা, বহ্নিশিখা সঙ্গীত নিকেতন, নৃত্যাঞ্জলী, ঢাকা ড্রামা'র শিল্পীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন। রাত ৯টার দিকে আয়োজক কমিটিকে পরিচয় করিয়ে দেন সাংবাদিক শামীম আল মামুন।

অনুষ্ঠানমালার মধ্যে আরো ছিলো একক ও যৌথ গান, নৃত্য, পঞ্চ কবির গান, স্মারকগ্রন্থ প্রকাশ, আলোচনা, নাটক প্রভৃতি। উৎসবের থিম সং (সঙ্গীত) লিখেছেন সাংবাদিক ও ছাড়াকার দর্পণ কবীর, সুর করেছেন জাকির খান মজলিস আর কণ্ঠ দিয়েছেন নাজমুল মুনিয়া ন্যান্সি। কোরিওগ্রাফি-তে ছিলো নৃতাঞ্জলী, পরিচালনায় ছিলেন চন্দ্রা ব্যানার্জী। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন এনআরবি ওয়ার্ল্ড ওয়াইড-এর প্রতিষ্ঠাতা বিশ্বজিত সাহা।







নিউজার্সীতে কুলাউড়াবাসীদের

(শেষের পাতার পর)

(শেষের পাতার পর)সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক জিএম চৌধুরী সুলেমানের পরিচালনায় মাহফিলে দেশ-প্রবাসের সবার কল্যাণ শান্তি উন্নতি কামনা করে দোয়া পরিচালনা করেন মাওলানা ফেরদৌস মসজিদের ইমাম। ইফতার মাহফিলে বক্তব্য রাখেন টাইম টেলিভিশন-এর বিশেষ প্রতিনিধি এমদাদ চৌধুরী দীপু, উপদেষ্টা আনোয়ার চৌধুরী পারেক, উপদেষ্টা সৈয়দ নজরুল ইসলাম প্রমুখ। ইফতার মাহফিলে অংশ নেন কাউন্সিল এট লার্জ ফরিদ উদ্দিন, প্রধান উপদেষ্টা সৈয়দ জুবায়ের আলী, উপদেষ্টা গোলাম মোস্তফা চৌধুরী নিপন, শেখ ফখরুল ইসলাম তালুকদার, গোলাম ইস্পাহানী চৌধুরী মাছুমসহ আরো অনেক।

ইফতার মাহফিলে বিভিন্ন শ্রেনী ও পেশার বিপুল সংখ্যক কুলাউড়াবাসী অংশ নেন। ফলে ইফতার মাহফিল কুলাউড়াবাসীদের মিলনমেলায় পরিণত হয়।

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

বাফেলোর বাংলাদেশী কমিউনিটি সহ অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম এবং একমাত্র বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

চিত্রে নিউইয়র্কের জনপ্রিয় টাইম টেলিভিশন'র কেরাত প্রতিযোগিতা এবং ইফতার মাহফিল

ছবি: নিহার সিদ্দিকী













টাইম টেলিভিশনের লাইট অব দ্যা কুরআন

(প্রথম পাতার পর)

আহনাফ তাহমিদ রাফিদ।

প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব ও পুরস্কার বিতরণ উপলক্ষে শনিবার এস্টোরিয়ার একটি অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠান পরিণত হয়েছিলো কমিউনিটির মিলনমেলায়। নানা শ্রেণী পেশার প্রতিনিধিত্বশীল ব্যক্তিবর্গ অনুষ্ঠানে যোগ দিয়ে টাইম টেলিভিশনের এই আয়োজনের ভূয়শী প্রশংসা করেন।

নিউয়র্কে বসবাসরত মুসলিম কমিউনিটির শিশু-কিশোরদের মধ্যে পবিত্র কুরআনের চর্চা ও শিক্ষা ছড়িয়ে দেয়ার লক্ষ্যে এবার প্রথমবারের মত রমজান মাসজুড়ে কুরআন তেলাওয়াত কম্পিটিশনের আয়োজন করে টাইম টেলিভিশন। এতে নিউয়র্কের ৫টি বুরো থেকে বিপুল সংখ্যক শিক্ষার্থী অংশ নেন। ৫টি পর্বে অনুষ্ঠিত এ প্রতিযোগিতার ৪টিই অনুষ্ঠিত হয় টাইম টেলিভিশনের স্টুডিওতে। চূড়ান্ত পর্বে উত্তীর্ণ ১৭ জন প্রতিযোগি শনিবার অনুষ্ঠানের মূল মঞ্চে পারফরম্যান্স করেন। বিচারকদের মূল্যায়নে প্রতিযোগিতায় ২য় পুরস্কার লাভ করেছে আল আমান মসজিদ, ওজন পার্ক এর রাকিন হোসাইন, ৩য় হয়েছে কুরআন একাডেমি ফর ইয়ং স্কলার্স- ব্রংস এর মেহরুন এম মোনওয়ারা, ৪র্থ স্থান পেয়েছে আন নূর মাসজিদ এর সাদমান ইশরাক, ৫ম হয়েছে প্যাট্রিকা এ ডিচিয়ারো স্কুলের জাকিরাহ চৌধুরী, এবং ৬ষ্ঠ পুরস্কার লাভ করেছেন পার্কচেস্টার ইসলামিক সেন্টার ব্রংস এর আসফিয়া আয়েশা।

ফলাফল ঘোষনা ও ইফতার মাহফিলে স্বাগত বক্তব্য রাখেন টাইম টেলিভিশনের সিইও আবু তাহের। বিচারক হিসেবে দায়িত্ব পালণ করেন জাকারিয়া মাহমুদ, ইব্রাহিম কামারা ও মোহাম্মদ ইয়াসিন নাকিব।

অনুষ্ঠানে বাংলাদেশী কমিউনিটির প্রতিনিত্বিশীল ব্যক্তিবর্গ ছাড়াও যুক্তরাষ্ট্রের মূলধারার জনপ্রতিনিধি ও রাজনীতিবিদরা যোগ দেন।





চিত্রে নিউইয়র্কের জনপ্রিয় টাইম টেলিভিশন'র কেরাত প্রতিযোগিতা এবং ইফতার মাহফিল

ছবিঃ নিহার সিদ্দিকী























চিত্রে নিউইয়র্কের জনপ্রিয় টাইম টেলিভিশন'র কেরাত প্রতিযোগিতা এবং ইফতার মাহফিল








SYLHET MOTORS

Getting Approved is EASY
BAD CREDIT ?
NO CREDIT ?
No Problem...

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

QUALITY PRE-OWNED VEHICLES

YOU WORK
YOU DRIVE



Address: 161-05 Hillside Avenue, Jamaica, NY 11432
Phone: 718-523-3044, www.sylhetmotors.com

ব্রঙ্কসে বাকার জমজমাট ক্বেরাত প্রতিযোগিতা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

















বাংলাদেশী-আমেরিকান কালচারাল এসোসিয়েশন (বাকার) ক্বেরাত প্রতিযোগিতা, জমজমাট ইফতার মাহফিল ব্রঙ্কসের গোল্ডেন প্যালেসে গত ১১ই এপ্রিল মঙ্গলবার অনুষ্ঠিত হয়েছে। ক্বেরাত প্রতিযোগিতায় পয়াত্রিশ জন শিশু কিশোর অংশ নেন।

ক্বিরাত প্রতিযোগিতার বিচারক হিসেবে উপস্থিত ছিলেন মসজিদ এ বেলাল এর ইমাম ও খতিব মাওলানা মইনুল ইসলাম ও বাংলাবাজার জামে মসজিদের ইমাম ও খতিব, মাওলানা আবুল কাশেম মোহাম্মদ ইয়াহহিয়া।মাওলানা আব্দুল হাসেম, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন কোরআনে হাফেজ আবু বক্কর সিশেড। অনুষ্ঠানে মনমুগ্ধ কর এ ক্বেরাত প্রতিযোগিতার বিজয়ী প্রতিযো গিদের মধ্যে পুরস্কার তুলে দেন স্মন্সর শাহ জে চৌধুরী, ময়ানুজ্জামান চৌধুরী , রিয়েল এস্টেট ইনভেষ্টর নুরুল আজিম সহ অতিথি বৃন্দ ।

ক্বেরাত প্রতিযোগিতা সম্পর্কে মাওলানা আবুল কাশেম ইয়াহহিয়া বলেন, শুরু হয়েছে রমজানের শেষ দশক এ সময়া আমরা কোরআন তেলও য়াত, তাজবি পাঠ, তাহাজ্জুতের নামাজসহ ইবাদত বন্দেগী করে কাটিয়ে দিবো। ইমাম মাইনুল ইসলাম বলেন, বাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা সুন্দর কাজ করেছে।তারা এর মধ্য দিয়ে কোরআনের প্রতি ছোট ছোট শিশুদের আকৃষ্ট করার সুযোগ সৃষ্টি করেছে। তিনি বলেন, এই রমজানে আমরা সবাই সবার জন্য দোয়া করবো। বাকা সভাপতি আহবাব চৌধুরী খোকনের সভাপতিত্বে ও সাংগঠনিক সম্পাদক এম ডি আলাউদ্দিন এবং প্রচার ও গণসংযোগ সম্পাদক ও ইফতার মাহফিল প্রস্তুতি কমিটির সদস্য সচিব সোহেল আহমদের যৌথ পরিচালনায়া সংক্ষিপ্ত বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সাধারন সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী , বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টি বোর্ডের সদস্য ও বাকার প্রতিষ্টাতা সভাপতি আব্দুল হাসিম হাসনু, সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মাকসুদা আহমদ, সহ সভাপতি ও ইফতার মাহফিল প্রস্তুতি কমিটির আহবায়ক ফয়াছল আহমদ, যুগ্ম সাধারণ সম্পাদক শাহ কামাল উদ্দিন, স্কুল শিক্ষা ও সমাজ কল্যাণ সম্পাদক সালমা সুমি,কমিউনিটি এক্টিভিষ্ট শাহ সেলিম আহমদ । অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির প্রাক্তন সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম, শাহ গ্রপের সিইও শাহ জে চৌধুরী ,রিয়েল এস্টেট ইনভেষ্টর নুরুল আজিম, কমিউনিটি এক্টিভিষ্ট ,শো টাইম মিউজিক এর সিইও আলমগীর খান আলম, শাহ গ্রপের পরিচালক ময়ানুজ্জামান চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী,রাজনীতিবিদ আব্দুর রহিম বাদশা, রিয়েলেটর সালেহ আহমেদ সাল, এনওয়াইডিপির অফিসার বেলাল ইসলাম, কমিউনিটি এক্টিভিষ্ট রোমানা আহমেদ, রোটারী ক্লাব নিউইয়ার্কের প্রেসিডেন্ট আহসান হাবিব, ফেঞ্চুগন্জ অর্গেনাইজেশন সভাপতি মাহবুব আলম,প্রবাসী বিশ্বনাথ সমিতির প্রাক্তন সভাপতি মকন মিয়া, কমিউনিটি এক্টিভিষ্ট রিয়াজ উদ্দিন কামরান, মামুন আহমদ, সিলেট সদর সমিতির শাহ সেলিম উদ্দিন, কুলাউড়া সমিতির প্রাক্তন কর্মকর্তা আব্দুল মুকিত চৌধুরী , সুনামগন্জ সমিতির জামাল হোসেন, বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের সভাপতি সামাদ মিয়া, সাধারন সম্পাদক ইমরান হোসেন টিপু, জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ জে মোলা সানি, বাংলাদেশ সোসাইটির কর্মকর্তা মোহাম্মদ সাদি মিন্টু, রিয়েলেটর সারওয়ার আলী, রায়হান জামান রানা , কমিউনিটি এক্টিভিষ্ট সৈয়াদ গৌসুল হোসেন, লিয়াকত আলী, সুলেমান হোসেন, দুলাল রহমান। অনুষ্ঠানে কমিউনিটির বিভিন্ন পর্যায়ের প্রায়া দুই শতাধিক লোক উপস্থিত ছিলেন ।ইফতার মাহফিলে উপস্থিত অতিথিবৃন্দ সংগঠনের এই সংগঠনের আয়োজনের ভূয়াসী প্রশংসা করেন। অনুষ্ঠানের সার্বিক দায়ত্বি ছিলেন ইফতার প্রস্তুতি কমিটির আহবায়াক ফয়াছল আহমদ, সদস্য সচিব সোহেল আহমদ, প্রধান সমন্বয়াকারী এম ডি আলাউদ্দিন ,সদস্য শাহ কামাল উদ্দিন, সালমা সুমি,শহিদুল ইসলাম ভূইয়া, সহিদুল ইসলাম ভূইয়া ও চৌধুরী মুমিত তানিম ।সার্বিক তত্বাবধানে ছিলেন সহ সভাপতি সাদি মিন্টু, কোষাধ্যক্ষ শাহ বদরুজ্জামান রুহেল, ও জে মোলা সানি, ইফতার পূর্ব দোয়া পরিচালনা করেন পার্কচেষ্টার জামে মসজিদের ট্রাষ্টি বোর্ডের চেয়াম্যান ফখরুল ইসলাম। অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য সংগঠনের সভাপতি আহবাব চৌধুরী খোকন ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মাকসুদা আহমদ সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।



নিউইয়র্কে বাংলাদেশ ল'সোসাইটি ইউএসএ'র ইফতার পার্টি অনুষ্ঠিত

(শেষের পাতার পর)

মামা'স পার্টি হলে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি এ্যাডভোকেট মোঃ নাসির উদ্দিনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক এ্যাডভোকেট সাইয়েদ মঈন উদ্দিন জুনেলের পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনের বিচারপতি খিজির আহমেদ চৌধুরী। ইফতার ও দোয়া মাহফিলে সোসাইটির সদস্য ছাড়াও আমন্ত্রিত অতিথিরা উপস্থিত ছিলেন।

ইফতার ও দোয়া মাহফিলে রমজানের তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা ও ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ এটর্নি মঈন চৌধুরী, প্রতিষ্ঠাতা সভাপতি ও উপদেষ্টা এ্যাডভোকেট কাজী সামসুদ্দোহা, এ্যাডভোকেট শাহ মোঃ বখতিয়ার, এ্যাডভোকেট মুজিবুর রহমান, এ্যাডভোকেট শেখ আক্তারুল ইসলাম, এটর্নী মুজিবুর রহমান, এ্যাডভোকেট আব্দুল ওয়াহিদ প্রমুখ।

বিচারপতি খিজির আহমেদ চৌধুরী তাঁর বক্তব্যে পবিত্র রমজানের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে আলোকপাত করেন। এসময় তিনি দেশ, জাতি ও সমাজ গঠনে আইনজীবীদের ভূমিকা নিয়েও বক্তব্য রাখেন। সুদুর প্রবাসে বাংলাদেশী আইনজীবীদের সংগঠন বাংলাদেশের উন্নয়ন, মানবাধিকার ও সমাজ গঠনে সহায়ক হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

ইফতারের পূর্বে দোয়া পরিচালনা করেন সোসাইটির নির্বাহী সদস্য মাওলানা আশিক আহমেদ খান। সভাপতি এ্যাডভোকেট মোঃ নাসির উদ্দিন অনুষ্ঠানে অংশগ্রহন করার জন্য সকলকে ধন্যবাদ জানান।

মৃত্যুর আগে যে দুটি কাজের কথা

(প্রথম পাতার পর)

মৃত্যুর দুই সপ্তাহ আগে আমাকে ডা. জাফরুল্লাহ চৌধুরী দুটি কাজের কথা বলেছেন। একটি হলো- ড. ইউনূসের বিষয়ে একটি বিবৃতির ব্যবস্থা করতে। আরেকটি ছিলো একটি রাজনৈতিক পোগ্রামের বিষয়ে। আমি বলেছিলাম, আপনি যেতে পারবেন এমন অবস্থায়? তিনি বললেন, আমি চেষ্টা করব, তোমরা যাও।এভাবে বিভিন্ন জটিল পরিস্থিতিতে তিনি আমাদের সাহস দিতেন।

সম্প্রতি একটি গণমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে আসিফ নজরুল এসব কথা বলেন।

তিনি বলেন, যে কোনো কঠিন পরিস্থিতিতে ডা. জাফরুল্লাহ চৌধুরী আমাকে শুধু নয়, অনেককেই ফোন করে সাহস দিতেন, অনুপ্রাণিত করতেন। আমাদের যদি কোনো দ্বিধাদ্বন্দ্ব থাকতো তবুও তার কারণেই আমাদের যেতে হতো।

গত মঙ্গলবার (১১ এপ্রিল) রাতে গণস্বাস্থ্য নগর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন ডা. জাফরুল্লাহ চৌধুরী।

শুক্রবার (১৪ এপ্রিল) জুমার নামাজের পর দুপুর ২টা ৩০ মিনিটে গণস্বাস্থ্য কেন্দ্রের পিএইসএ মাঠে জাফরুল্লাহ চৌধুরীর পঞ্চম এবং শেষ জানাজা সম্পন্ন হয়। এরপর বিকাল ৩টায় নিজ হাতে গড়া গণস্বাস্থ্য কেন্দ্রের সূচনা ভবনের সামনে তাকে দাফন করা হয়।

বৃষ্টির প্রার্থনায় রাজধানীতে 'সালাতুল ইস্তিখারা'

(প্রথম পাতার পর)

অনেকে।

এ অবস্থায় বৃষ্টির আশায় খোলা আকাশের নিচে মুসল্লিদের সঙ্গে নিয়ে বিশেষ নামাজ (সালাতুল ইস্তিখারা) আদায় করেছেন ইসলামী আলোচক শায়খ আহমাদুল্লাহ। সোমবার সকাল ১০টায় রাজধানীর আফতাবনগর এল ব্লক খেলার মাঠে অনুষ্ঠিত এ নামাজে শতাধিক মুসল্লি অংশগ্রহণ করেন।

নামাজ শেষে অনাবৃষ্টি এবং গরম থেকে মুক্তির জন্য মহান আল্লাহর রহমত কামনা করে মোনাজাত করা হয়। এ সময় চলমান বৈশ্বিক সংকটের থেকে মুক্তির দোয়াও করা হয়।

দুবাইয়ে গোল্ডেন ভিসা পাচ্ছেন

(প্রথম পাতার পর)

দিয়েছে দুবাই কর্তৃপক্ষ। শনিবার এ সংক্রান্ত একটি সরকারি আদেশ জারি করেছেন সংযুক্ত আরব আমিরাতের সবচেয়ে ধনী প্রদেশ দুবাই আমিরাতের ক্রাউন প্রিন্স শেখ হামাদ বিন মোহাম্মদ। আদেশে বলা হয়, যেসব ইমাম, মুয়াজ্জিন, ইসলামিক চিন্তাবিদ, মুফতি দুবাইয়ে কমপক্ষে ২০ বছর ধর্মীয় জ্ঞান বিতরণ ও চর্চা করেছেন, তাদেরকে এ ভিসা দেওয়া হবে। ভিসা পাওয়ার শর্ত পূরণ করতে পারলে সহজেই দুবাইয়ে থাকার জন্য ১০ বছর মেয়াদি গোল্ডেন ভিসা পাবেন তারা। সিয়াসাত ডেইলি জানিয়েছে, মূলত পবিত্র ঈদুল ফিতরের আগে ধর্মীয় ব্যক্তিত্বদের সম্মান জানাতে এমন ঘোষণা দিয়েছেন ক্রাউন প্রিন্স শেখ হামাদ বিন মোহাম্মদ। ঈদ উপলক্ষ্যে ইসলামিক ব্যক্তিত্বদের উপহার দেওয়ার ঘোষণাও এসেছে ক্রাউন প্রিন্সের পক্ষ থেকে। সংযুক্ত আরব আমিরাত সরকার ২০১৯ সালে প্রথম গোল্ডেন ভিসার প্রচলন করে। এটি মূলত দীর্ঘমেয়াদি রেসিডেন্সি ভিসা, যার মূল উদ্দেশ্য হচ্ছে বিদেশি প্রতিভাকে আকৃষ্ট করা। যারা এই ভিসা পান তারা আরব আমিরাতে থাকা, কাজ করা ও পড়াশুনার পাশাপাশি বেশ কিছু বিশেষ সুবিধা ভোগ করতে পারেন।

৫৮ বছরের মধ্যে সবচেয়ে উত্তপ্ত ঢাকা

(প্রথম পাতার পর)

জ্বালাপোড়া করছে। খোঁজ নিয়ে জানা গেছে, গরমে পোলট্রি খামারগুলোয় হিটস্ট্রোকে মারা যাচ্ছে মুরগির বাচ্চা। খাওয়া কমিয়ে দিয়েছে মুরগি। ফসলের খেত শুকিয়ে গেছে। পানের বরজের মাথা কালো হয়ে যাচ্ছে। পাটের ছোট চারা শুকিয়ে মরে যাচ্ছে। গরমে গ্রামে লোডশেডিং বেড়েছে। ফলে সেচ দিতেও বেগ পেতে হচ্ছে কৃষকদের। গতকাল আবহাওয়াবিদ হাফিজুর রহমান বলেন, ২০১৪ সালে যশোরে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪২.২ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়। গতকাল চুয়াডাঙ্গায় ৪২.২ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়। মাঝে এর চেয়ে বেশি তাপমাত্রা কখনো ছিল না। এ ছাড়া ঢাকায় ১৯৬৫ সালের পর প্রথম বারের মতো ৪০.৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা উঠেছে। বর্তমানে ঢাকা, ফরিদপুর, মানিকগঞ্জ, পাবনা, বাগেরহাট, যশোর, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া জেলার ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। দেশের অবশিষ্টাংশের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। তাপমাত্রা আরও বাড়তে পারে। ৪-৫ দিন পর বৃষ্টির সম্ভাবনা আছে। আবহাওয়া অধিদফতরের তথ্য বলছে, এপ্রিলের স্বাভাবিক সর্বোচ্চ তাপমাত্রা ৩৩.৭ ডিগ্রি সেলসিয়াস। বর্তমানে দেশের কোথাও এই তাপমাত্রা নেই। অর্ধেক জেলার তাপমাত্রা ছিল ৩৯ ডিগ্রি সেলসিয়াসের বেশি। এদিকে দেশের ইতিহাসে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ১৯৭২ সালের ১৮ মে রাজশাহীতে ৪৫.১ ডিগ্রি সেলসিয়াস। ১৯৬০ সালের ৩০ এপ্রিল ঢাকায় সর্বোচ্চ তাপমাত্রা ৪২ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস। ১৯৬৫ সালে রেকর্ড করা হয় ৪২ ডিগ্রি। এরপর সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে গতকাল।

ছড়িয়ে পড়ছে করোনার নতুন

(প্রথম পাতার পর)

প্রতিবেদনে বলা হয়েছে, এই সপ্তাহে মোট করোনা আক্রান্তের ৭ শতাংশই ওমিক্রনের নতুন ধরন এক্সবিবি ১.১৬-এ আক্রান্ত। স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, যুক্তরাষ্ট্রে বেশিরভাগ কোভিড রোগী এক্সবিবি ভেরিয়েন্টে আক্রান্ত, যা মোট আক্রান্তের তিন-চতুর্থাংশেরও বেশি। এদিকে, দক্ষিণ-পূর্ব এশিয়ায়ও বাড়ছে করোনার 'আর্কটারাস' ভ্যারিয়েন্টের সংক্রমণ।

এস্টোরিয়ায় বহুতল

(প্রথম পাতার পর)

বাসিন্দাদের মধ্যে আতংক নেমে আসে। তারা দিকবিদিক ছুটোছুটি করতে থাকেন। তবে অধিকাংশ বাসিন্দাই ইমারজেন্সি সিড়ি দিয়ে দ্রুত নীচে নেমে আত্মরক্ষা করতে পেরেছেন।

খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছায়। তারা প্রথমেই ভবনের ভেতরে আটকে পড়া বয়স্ক বাসিন্দাদের উদ্ধার করে নিরাপদ জায়গায় নিয়ে যায়। পরে ঘন্টাখানেকের চেষ্ঠায় আগুন নিয়ন্ত্রনে আনে ফায়ার ফাইটাররা। ৬ষ্ঠ তলার একটি ফ্ল্যাটের গ্যাসের চুলা থেকে আগুন লাগতে পারে বলে ধারনা ফায়ার সার্ভিস বিভাগের। ভোররাতের এই অগ্নিকান্ড পুরো এলাকায় ব্যাপক আতংক ছড়ালেও কোন হতাহতের খবর পাওয়া যায়নি। তবে, ভবনের কাচ ভেঙ্গে ছড়িয়ে ছিটিয়ে পড়ায় এবং আসবাবপত্র পুড়ে যাওয়ায় ফ্ল্যাটগুলোকে আপাতত ব্যবহারের জন্য অনুপযোগী ও ঝুঁকিপূর্ণ ঘোষনা করা হয়েছে।

সর্বনাশা আগুনে সব ছাই

(প্রথম পাতার পর)

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। ফায়ার সার্ভিসের ৩০টি ইউনিট যৌথভাবে আগুন নিয়ন্ত্রণে কাজ করে। ফায়ার সার্ভিসের ২২০ জন সদস্যের সাড়ে ৩ ঘন্টা চেষ্টায় ৯টা ১০ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে। তবে শনিবার দিনভর চেষ্টা চালিয়েও আগুন সম্পূর্ণভাবে নির্বাপণ করা সম্ভব হয়নি। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসকে সহযোগিতা করে সেনা-নৌ-বিমানবাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), বিদ্যুৎ বিভাগ, ওয়াসাসহ আইনশৃঙ্খলা বাহিনীর বিভিন্ন ইউনিট। আগুন নেভাতে সহযোগিতা করেছেন বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরাও।

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন, বিভিন্ন সময়ে অগ্নিকান্ডের ঘটনাগুলো খতিয়ে দেখা হচ্ছে। এ বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হবে কিনা জানতে চাইলে শনিবার রাতে তিনি বলেন, আজ (রোববার) এ নিয়ে সবার সঙ্গে বসব। এরপর সিদ্ধান্ত নেওয়া হবে।

এর আগে তিনি সাংবাদিকদের বলেন, এসব ঘটনা নাশকতা কিনা, তা খতিয়ে দেখা হবে।

অগ্নিকান্ডের ঘটনাগুলোতে গোয়েন্দাদের গাফিলতি ছিল না। এসব ভবন ঝুঁকিপূর্ণ ছিল।

এর আগে ৪ এপ্রিল ভোরে রাজধানীর বঙ্গবাজারে অগ্নিকান্ডের ঘটনায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। বঙ্গবাজারের ব্যবসায়ীরা যখন ঘুরে দাঁড়ানোর চেষ্টা করছেন ঠিক সেই সময়ে নিউ সুপার মার্কেটে অগ্নিকান্ডের ঘটনাকে স্বাভাবিক মনে করছেন না অনেকেই। ঈদের আগ মুহূর্তে ভয়াবহ এ আগুনের ঘটনায় নিঃস্ব হয়ে পড়েছেন ব্যবসায়ীরা। আগের রাতে যিনি ছিলেন কোটিপতি, সকালে তার সর্বস্ব কেড়ে নিয়েছে আগুন। সব হারিয়ে এখন বিলাপ করছেন তারা। শুধু দোকান মালিকরাই নন, স্বপ্ন শেষ হয়েছে মার্কেটের দোকান কর্মচারীদেরও। ঘটনার পর ক্ষতিগ্রস্তদের আহাজারিতে নিউমার্কেট এক হৃদয়বিদারক দৃশ্যের অবতারণা হয়। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের সঙ্গে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের দেখা গেছে ভেতর থেকে মালামাল বয়ে আনছেন।

এদিকে অগ্নিকান্ডের ঘটনাটি নাশকতা কিনা খতিয়ে দেখা হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই অগ্নিকান্ডের ঘটনা ভালো করে তদন্ত করে দেখার নির্দেশ দেন। পুলিশের আইজি চৌধুরী আব্দুল্লাহ আল মামুন জানিয়েছেন, সাম্প্রতিক অগ্নিকান্ডের প্রতিটি ঘটনা খতিয়ে দেখা হচ্ছে। রাজধানীর সিদ্ধেশ্বরী স্কুল অ্যান্ড কলেজ মাঠে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি বলেন, আমরা ইদানীং লক্ষ্য করছি রাজধানীর কয়েকটি মার্কেটে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। অগ্নিকান্ডের প্রতিটি ঘটনা বাংলাদেশ পুলিশ খতিয়ে দেখছে। এখানে যদি কোনো নাশকতার ঘটনা থাকে তাহলে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।





বৃহত্তর সিলেট বিভাগের জাতীয়তাবাদী

(শেষের পাতার পর)

এসোসিয়েশনের সাবেক সভাপতি আজমল হোসেন কুনুর সভাপতিত্বে ও যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহসভাপতি আনোয়ার হোসেনের পরিচালনায় উক্ত অনুষ্ঠানে নিউইয়র্ক ও নিউজার্সির সিলেট বিভাগের বিএনপি পরিবারের প্রায় দুই শতাধিক নেতাকর্মী অনুষ্ঠানে যোগদান করেন। জাসাস কেন্দ্রীয় নির্বাহী কমিটির আহবায়ক হেলাল খান, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও বিএনপি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য জিলুর রহমান জিলু, জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির আন্তর্জাতিক সম্পাদক আবু সাইদ আহমদ, জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাবেক সহ আন্তর্জাতিক সম্পাদক আব্দুল বাতিন শুভেচ্ছা বক্তব্য রাখেন।

মওদুদ পাশা, বিলাল আহমদ চৌধুরী, কয়েস চৌধুরী , সায়েম আহমদ, কাউসার আহমেদ, মাজহারুল ইসলাম জনি, সৈয়দ এনাম আহমেদ, আবু বক্কর কাউসার, শাহবাজ আহমেদ , ফরিদ খন্দকার, কামাল উদ্দিন, লিয়াকত আলী, সৈয়দ গাউসুল , রিপন মিয়া, সোহাগ আফসার , তানভীর আহমদ প্রমুখ।

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
- We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
- After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
- Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
- We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!

DATABASE → ADMINISTRATION
→ ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
(100% Scholarship for Training & Job Placement, Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

VIVID MORTGAGES® INC.

Crystal Clear Loans®

আপনার স্বপ্নের বাড়ি



ট্যাক্স রিটার্ন ছাড়াই
১ বছর ট্যাক্স রিটার্ন
তুলনামূলক সুদের হার
সর্বনিম্ন ৩.৫% ডাউন পেমেন্ট

আমরা ইসলামিক লোন করি

বিনামূল্যে পরামর্শ ও প্রি-এপ্রুভালের জন্য যোগাযোগ করুন
হোপ সেকিজি **NMLS# 244341**

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com
www.vividmortgages.com

VIVIDMORTGAGES

YOUR DREAM HOUSE



No Tax Returns
1 Year Tax Return
Copmpetitive Interest Rates
Down Payment
as low 3.5%

For Free consultation & Pre-Approval

Hope Sekezi : NMLS # 244341

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com www.vividmortgages.com

211-35 Jamaica Ave. Queens Village, NY 11428

REGISTERED MORTGAGE BROKER NYS DEPARTMENT OF FINANCES SERVICES NMLS # 1279925
ALL LOANS APPROVED THROUGH 3RD PARTY PROVIDERS

vividmortgages is registered Traders of vivid mortgage Inc All rights reserved

EQUAL HOUSING OPPORTUNITY

মার্কিন পররাষ্ট্রমন্ত্রী বিংকেনের সাথে পররাষ্ট্রমন্ত্রী মোমেনের ফলপ্রসু বৈঠক

ঢাকা-ওয়াশিংটন সম্পর্ক আরো জোরদারে আগ্রহ প্রকাশ



ওয়াশিংটন ডিসিঃ পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন এম.পি. আজ সোমবার (১০ এপ্রিল) ওয়াশিংটনে মার্কিন পররাষ্ট্র দপ্তরে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি বিংকেনের সাথে ফলপ্রসূ বৈঠক করেন। বৈঠকে তারা দুদেশের মধ্যে সম্পর্ক ভবিষ্যতে আরো জোরদার করার আগ্রহ ব্যক্ত করেন।

গণমাধ্যমের উপস্থিতিতে তাদের প্রাথমিক বক্তব্যে উভয়া নেতা বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্কের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং বিগত অর্ধ শতাব্দির দৃঢ় সম্পর্কের উপর ভিত্তি করে আগামী ৫০ বছরের জন্য দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও জোরদার করার আকাঙ্ক্ষা ব্যক্ত করেন। বাংলাদেশ-মার্কিন সম্পর্ককে বিস্তৃত, গতিশীল ও বহুমুখী উলেখ করে ড. মোমেন এই সম্পর্ককে আরো উন্নত, সম্প্রসারিত ও সুদৃঢ় করার আশাবাদ ব্যক্ত করেন। তিনি বাংলাদেশের মহান স্বাধীনতা দিবসে ‘জয় বাংলা’ দিয়ে শেষ করা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রেসিডেন্ট জো বাইডেনের প্রেরিত উষ্ণ বার্তার জন্য ধন্যবাদ জানান।

বৈঠকে তারা অর্থনৈতিক অংশীদারিত্ব জোরদার ও বহুমুখীকরণ, রোহিঙ্গা সংকটের সমাধান, জলবায়ু পরিবর্তন, শ্রম অধিকার, নাগরিক স্বাধীনতা এবং নির্বাচনসহ পারস্পরিক স্বার্থ সংশিষ্ট বিভিন্ন দ্বিপাক্ষিক ও অন্যান্য বিষয়ে আলোচনা করেন।

বাংলাদেশে শ্রম খাত সংস্কারের চলমান এবং সম্পন্ন কাজ সম্পর্কে মিঃ বি-ংকেনকে অবহিত করে পররাষ্ট্রমন্ত্রী আশা প্রকাশ করেন যে দুই দেশের মধ্যে শক্তিশালী অর্থনৈতিক অংশীদারিত্বের মাধ্যমে বাংলাদেশের এই প্রচেষ্টাগুলিকে যথাযথভাবে মূল্যায়ণ করা হবে। মিঃ বিংকেন বাংলাদেশে শ্রম পরিস্থিতির আরো উন্নতির জন্য দুই দেশের মধ্যে চলমান যৌথ কর্মকাণ্ডের অগ্রগতির বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। তিনি বাংলাদেশের উদার বিনিয়োগ ব্যবস্থার সদ্ব্যবহার করতে এবং যুক্তরাষ্ট্রের বেসরকারি খাতকে বাংলাদেশে বিশেষ অর্থনৈতিক অঞ্চল ও হাই-টেক পার্কে বিনিয়োগে উৎসাহিত করার আহ্বান জানান।

ড. মোমেন মার্কিন সরকারকে কোভিড-১৯ অতিমারি মোকাবেলায় উদার সহায়তা এবং বাংলাদেশে আশ্রয়া নেওয়া রোহিঙ্গাদের জন্য মানবিক সাহায্য অব্যাহত রাখার জন্য ধন্যবাদ জানান। তিনি রোহিঙ্গাদের মিয়ানমারে স্বেচ্ছায় প্রত্যাবাসনের পরিবেশ সৃষ্টির জন্য মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ বৃদ্ধির উপর জোর দেন।

সেক্রেটারি বিংকেন ১০ লাখেরও বেশি রোহিঙ্গা জনগোষ্ঠীকে উদারভাবে আশ্রয় প্রদানের জন্য বাংলাদেশের ভূয়াসী প্রশংসা করেন এবং রোহিঙ্গাদের প্রত্যাবাসনের লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রাখার আশ্বাস প্রদান করেন।

একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচনের গুরুত্বের ব্যাপারে মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর সাথে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী একমত প্রকাশ করেন এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। তিনি বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনি দন্ডপ্রাপ্ত রাশেদ চৌধুরীকে বাংলাদেশের কাছে হস্তান্তরের জন্য যুক্তরাষ্ট্রের প্রতি পূনরায় অনুরোধ জানান।

বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশের স্বাধীনতা দিবসে প্রেরিত উষ্ণ বার্তার জন্য মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনকে ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রেরিত একটি চিঠি হস্তান্তর করেন। উক্ত বৈঠকে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ ইমরান, ডেপুটি চীফ অফ মিশন মিজ ফেরদৌসী শাহরিয়ার, মহাপরিচালক (উত্তর আমেরিকা) জনাব খন্দকার মাসুদুল আলম এবং ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাস ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভায় যুক্তরাষ্ট্রের পক্ষে কাউন্সেলর ডেরেক শোলে, জনসংখ্যা, শরণার্থী ও অভিবাসন বিষয়াক অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি অফ স্টেট মিজ জুলিয়েটা ভালস নয়েস, গণতন্ত্র, মানবাধিকার এবং শ্রম বিষয়াক ডেপুটি অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি অফ স্টেট মিজ কারা ম্যাকডোনাল্ড, দক্ষিণ এবং মধ্য এশিয়া বিষয়াক ডেপুটি অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি অফ স্টেট মিজ আফরিন আক্তার সেক্রেটারি বিঙ্কেন এর সাথে উপস্থিত ছিলেন।


জহুর চান বিবি মহিলা কলেজের বর্ষবরণ

নির্মল করো, মঙ্গল করে মলিন মর্ম মুছায়ে প্রতিপাদ্যকে সামনে রেখে জহুর চান বিবি মহিলা কলেজের শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ নতুন বছর ১৪৩০কে বরণ করেছেন নানাকর্মসূচির মাধ্যমে। সকালে কলেজে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। তারপর শায়েস্তাগঞ্জ উপজেলা প্রশাসন আয়োজিত মঙ্গল শোভাযাত্রায় অংশ নেন শিক্ষক কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ। জাতীয় সঙ্গীত ও এসো এসো হে বৈশাখ গানের মাধ্যমে মঙ্গল শোভাযাত্রা শুরু হয়। এ উপলক্ষে আয়োজিত বাংলা নববর্ষ, অসাম্প্রদায়িক চেতনা ও বঙ্গবন্ধু শীর্ষক রচনা প্রতিযোগিতায় বিজয়ী হয়েছে একাদশ শ্রেণির ছাত্রী যারিন শাইমা। কর্মসূচিতে অংশ নেন কলেজ অধ্যক্ষ মোহাম্মদ আব্দুলাহ আল মামুন, প্রভাষক শামীমা আক্তার, প্রভাষক আরিফুর রহমান, প্রভাষক শ্বাশতি পাল,সহকারী শিক্ষক ইমরানুল হক শাকিল, অফিস সহকারী রুবেল মিয়া, রেহান শাহ।



বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // April 17 // 2023 বিজ্ঞাপন 25

নারীর ক্ষমতায়ণ তথা মানবসেবায় অনন্য অবদানের স্বীকৃতি হিসেবে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন কর্তৃক ভলেন্টিয়ার সার্ভিস অ্যাওয়ার্ড (স্বর্ণপদক) ও আজীবন সম্মাননা লাভ করায় আমরা গর্বিত।



মার্কিন যুক্তরাষ্ট্রের সেবাভিত্তিক অভিযানকে বাংলাদেশের পারিবারিক সাংস্কৃতিক মানবিকতার সঙ্গে একাত্ম করার চেষ্টা করে চলেছি। আজ বাংলাদেশি আমেরিকান সমাজের মা বাবা, ভাইবোন তথা সন্তানেরা মানবসেবার ধারনা পাচ্ছেন। মানব সেবার সঙ্গে যুক্ত হচ্ছেন। এটি আমার কাছে অনেক বড় গর্বের।

বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ
প্রতিষ্ঠাতা, জয় বাংলাদেশ ইনক্
চেয়ারম্যান এণ্ড সিইও, বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ইনক্, অ্যালেগ্রা হোম কেয়ার ইনক্

আবু জাফর মাহমুদ নারীর ক্ষমতায়ন ও মানব সেবায় শুধু তার নিজস্ব কমিউনিটিতেই অবদান রাখেননি। তিনি কাজ করে চলেছেন বিভিন্ন জাতিগোষ্ঠির নারী পুরুষের জন্য। ল্যাটিন আমেরিকার দেশ হাইতির ভূমিকম্পের সময় বিপন্ন মানুষের জন্য তার সহায়তা এক অনন্য নজির। বিশ্ব মানবতার কল্যাণে কাজ করতে তার অংশী হয়েছি আমরা। বিশ্বাস করি, তার এই কাজ আমেরিকান সমাজে আরো বড় দৃষ্টান্ত গড়বে।

ডিওর ফল
চেয়ারপার্সন, থাউজেন্ড শেডস অফ উইমেন ইন্টারন্যাশনাল।











BANGLA CDPAP SERVICES
বাঙালীর জন্য বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্য
www.banglacdpap.com
888-212-3237
info@banglacdpap.com

বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ইনক্ অ্যালেগ্রা হোম কেয়ার ইনক্

ALEGRA® HOME CARE INC.
Care With Love Is Humanity
www.alegracare.com
888-212-3237
info@alegracare.com

ঈদ সংখ্যা

সাহিত্য সাময়িকী

চলো ভেঙে ফেলি
মতিন বৈরাগী

সকালের বেলা দুপুরেই যাবে বিকেলে প্রস্থান
ধুলা-ই অশেষ ধূলিতে আনন্দ
চারিদিকে ধুলার উৎসব ।

কেন সারাদিন বেদনার চাষবাস রতি ও রঙ্গলীলা;
আহাজারি বুকচাপা কান্না
তার চেয়ে চলো টেনেছিঁড়ে ভেঙে ফেলি
স্বভাবের পিছুটান
সাহসের হোক উৎসব ।

রাত্রির জানালা
সোহরাব পাশা

ভালোবাসা মানে খুব নিশ্চুপ সুন্দর কোলাহল
ভেতরে গহিনে নিঃশ্বাসের ছোট ছোট নীল শব্দ,

ভালোবাসা বিনিদ্র স্বপ্নের দীর্ঘশ্বাস
মেঘজলে দ্যুতি পড়া ছায়ার সাঁতার
অধরার শেষ শিরোনাম,

ভালোবাসা অসমাপ্ত ভ্রমণের স্মৃতি
ভালো না বাসলে দীর্ঘ বাঁচে না মানুষ;
ভালোবাসা খুলে দেয়
সব ক'টি রাত্রির জানালা,
ভালোবাসা কাছে থেকে
ডেকে যায় দীর্ঘ দূরে;

ভালোবাসা হঠাৎ দীর্ঘ না ফেরা তুমি
প্রিয় গল্পের ছেঁড়া স্নিগ্ধ রোদের পাতা ।

আমাদের গান
হাশিম কিয়াম

রোদকাঁপা দুপুরের মতো কবেকার সাগরপাড়ে তুমি
দাঁড়িয়েছিলে; আমি বোবা মাছ, ইগলের নখে
গেঁথে গিয়ে, পড়েছিলাম তোমার
অবজ্ঞাভরা চোখের ভাষা; তোমার স্বর্গ-কপালে টিপের মতো
আমার রক্তের লবণ চিকচিক করছিলো; তুমি হেসে উঠলে,
অদৃশ্য হয়ে যাওয়া জেট প্লেনের আর্তনাদের মতো হেসে উঠলো
অব্যক্ত কথামালা; আমার চোখ দুটি খসে পড়লো ঢেউয়ের পিঠে,
তুমি কেঁদে উঠলে; পড়েছিলে কি সেই চোখের ভাষা? তুমি সাগররঙা
সাপ যেন, রক্তটিপ চক্কর দিতে লাগলো

দেখা
ফারুক মাহমুদ

চোখ বুজে দেখে
সমাজের চক্ষুধার যারা
যাদের কথায় নির্ধারিত হয় কোন পথে যাবে
ক্ষমতার আঠালো বাতাস
অশ্রুতলে কারা দেবে আগুনের কঠিন আঁচড়
জাদুর কাঠির স্পর্শে কার ভাগ্যে অধিভুক্ত হবে
প্রতাপের অঢেল মোহর

খনার খন্ডিত জিব যাদের সম্বল্প
দাঁড়া নেই । গদভ্যাসবশত
কুর্ণিশপাহাড় যারা গড়ে তোলে চোখের নিমেষে
তাদের সকল সুতো সমর্পিত তোমার মুঠোয়

চোখ খুলে দেখে
তোমাকে রেখেছে ঘিরে শূন্যতা ও ছায়া-মানুষের
ঝুরাঝুরা হাড়

শয়তান
গোলাম কিবরিয়া পিনু

একটা শয়তান এত পর্বে–এতটা শয়তানি করতে পারে?
পর্বগুলো খুলি–দেখি, আর আশ্চর্য হই!

একেকটি পর্বে এত দৃশ্য!
প্রত্যেকটা দৃশ্যে এত এত শয়তানি!
এত শয়তানির শক্তি কই থেকে পেল?

রাজনীতির নামে
দলের উৎস থেকে শয়তানি পায়,
ক্ষমতার নামে
রাষ্ট্রের উৎস থেকে শয়তানি পায়!
যার ফলে দাপটের মাত্রা- যাত্রা মঞ্চেও দেখা যায়!

নিরঙ্কুশ ক্ষমতার উৎস পেয়ে গেলে
কত রকমের উৎসব উদযাপন করতে থাকে!
উৎসবগুলো হয়ে ওঠে-উৎপাতের আধার!
গাধার নিরীহ চলাচলও বন্ধ হয়ে যায়!
শনির দশায়- শনিগ্রহ দেখা যায়!
রমণীরা কুয়াতলায় গিয়ে গোসল করতে পারে না!
কৃষকেরা পায়ে লাগা কাদা পরিষ্কার করতে পারে না!

ঘোড়ার হ্রেষাধ্বনির বদলে-
তাদেরই চিঁহি চিঁহিঁ ডাক শোনা যায়!
শেফালি ফুল নিয়ে কোথায় দাঁড়াতে হয়- তা জানে না!
ফুল নিয়ে শূয়রের খোঁয়াড়ে ঢুকে যায়!

নক্ষত্রের মায়াময়
আশরাফ মীর

চোখের চাহনি জুড়ে
ইশারায় সম্মোহনে
দৃষ্টিভঙ্গির নানান পার্থক্য থাকে

ভুলে যাওয়ার যোগ্যতা মনে রাখার প্রখর স্মৃতি সামর্থ্য
চলতে থাকে রাগ-বিরাগ-অনুরাগ
বয়ে যায় অভিমানের হাওয়া

ভুলে যাওয়া কিংবা মনে রাখা ধারাবাহিক সময় যাপন
যেন উর্বর রাত্রির ফুটে উঠা নক্ষত্রের মায়ামমতা
প্রণয়ের আঁখি মেলে চিত্রনাট্য ভেসে ওঠে ।

ঈদ, অনাবিল আনন্দ সম্ভার
কাজী আতীক

এক বিরল সূর্যাস্ত দেখার মুহূর্ত আমার আকুল প্রতীক্ষায়
অন্তরীক্ষ অসীমে ভাসমান আগুনে লাল-
সয়ে সয়ে দেখতে চাই মাসান্তের এই বিহ্বল রূপান্তর,

মাসের এই শেষ সূর্যাস্তটি পেরিয়ে দেখা দেবে আকাশে
এক ফালি চাঁদ, সংযম সাধনার মাস পেরিয়ে
মহা মহিম ঈদ, এক অনাবিল আনন্দ সম্ভার,

অতঃপর রাত্রির বুক চিরে প্রথম কিরণ আলোর বিভাস
নিমেষে উধাও হবে ভেদাভেদ, বাজবে নিখাদ খুশির নিনাদ,

আমলাতন্ত্র ও ঘাসের কিরণ
দ্বীপ সরকার

ঘাসগুলো প্রতিনিয়ত মানুষের পা মুখী
অথবা মানুষের পা'গুলোই ঘাস মুখী
আহা ঘাস-মানুষের আদিম মিল!

এই যে মানুষ-ঘাসের পা ধরছে
ঘাস ধরছে মানুষের পা
অথচ দুঃখ নেই কারও

আমাদের দেশের ঘাসগুলো জর্জ
মানুষের পা ধরে না
মানুষগুলো ঘাসেদের পা ধরেই যাচ্ছে
প্রকারান্তরে,মানুষগুলো জর্জের পা ধরছে
জর্জ ছড়িয়ে দিচ্ছে ঘাসের বিলেতি কিরণ

লজ্জা পেতে পেতে পাচ্ছি না-
লজ্জার দরখাস্ত নিরেট ফাঁকা
ওখানে লিখতে চেয়েছিলাম

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549



এবার তাকরিমকে নিয়ে যা বললেন ডিপজল

ঢাকাঃ দুবাই আন্তর্জাতিক হিফজুল কুরআন প্রতিযোগিতায় অংশ নিয়ে বিশ্বসেরা হয়েছেন বাংলাদেশের হাফেজ সালেহ আহমদ তাকরিম। গত ৪ এপ্রিল তাকে পুরস্কার ও সম্মাননা সনদ তুলে দেন শেখ মুহাম্মদ বিন রশিদ বিন মুহাম্মদ রশিদ আলে মাকতুম। এবার হাফেজ তাকরিমকে নিয়ে কথা বললেন ঢাকাই চলচ্চিত্রের জনপ্রিয় খলঅভিনেতা মনোয়ার হোসেন ডিপজল।

বৃহস্পতিবার রাত সোয়া ১১টার দিকে ফেসবুক ভেরিফায়েড পেজে এক স্ট্যাটাসে বলেন, 'আল্লাহ তোমাকে আরও বড় করুক। দোয়া থাকবে।'

এদিকে ডিপজলের এ স্ট্যাটাস নজর কেড়েছে নেটিজেনদের। বিভিন্ন রিঅ্যাকশনে ভরিয়ে দেওয়ার পাশাপাশি হাফেজ তাকরিমকে নিয়ে প্রশংসামূলক নানা মন্তব্য করছেন তারা।

এর আগে হাফেজ তাকরিমের অর্জন নিয়ে আজহারী, সংগীতশিল্পী আসিফ আকবর, বেলাল খানসহ আরও অনেক তারকা উচ্ছ্বাস প্রকাশ করেছেন।

হাফেজ তাকরিমের এই অর্জনে গর্বিত বাংলাদেশ। তার এই অর্জনের খবরে ইতোমধ্যে সাধারণ মানুষ থেকে তারকামহলের অনেকে শুভেচ্ছা পেয়েছেন এই বালক। যা সামাজিক যোগাযোগমাধ্যমে বেশ ভাইরাল হয়েছে।

প্রিয় ক্রিকেট তারকার নাম জানালেন সালমান খান

(ছবি আছে বিনোদন পিকচার নং-০২)

ঢাকা, ১৪ এপ্রিল : নিজের সবচেয়ে পছন্দের ক্রিকেট তারকার নাম সামাজিক যোগাযোগমাধ্যমে জানালেন বলিউড সুপারস্টার সালমান খান।

নিজের টুইটার অ্যাকাউন্টে পোস্ট করা একটি ভিডিওতে সালমান খান জানান, তার প্রিয় ক্রিকেট তারকা সাবেক ভারতীয় জাতীয় দলের অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি।

ভাইজান তার আসন্ন ছবিকিসি কি ভাই কিসি কি জান্ ছবির প্রচারনা চালাতে ওই ভিডিওটি আপলোড করে ভক্তদের শুভেচ্ছা জানান এবং নিজের ভালো লাগা বিভিন্ন বিষয় তাদের সঙ্গে শেয়ার করেন।খবর জিও টিভির।

ভিডিতে সালমানকে শিশুদের সঙ্গেও মজা করতে দেখা গেছে।সালমান খান শিশুদের জিজ্ঞাসা করেন, বলো তো উত্তরাঞ্চল থেকে এসে দক্ষিণাঞ্চলের ক্রিকেট টিম চেন্নাইয়ের ক্যাপ্টেন হয়েছেন একজন, তার নাম কী? উত্তরে শিশুরা বলে উঠে, মহেন্দ্র সিং ধোনি।

এ সময় সালমান খানও মুচকি হেসে বলে উঠেন, হ্যাঁ, ঠিক বলেছ- আমার প্রিয় ক্রিকেট তারকা মহেন্দ্র সিং ধোনি।

এরপর সালমান বলেন, তার দৃঢ় বিশ্বাস - আইপিএলেও ধোনি চমৎকার পারফর্ম করবেন।

উল্লেখ্য, আইপিএল ইতিহাসে নির্দিষ্ট কোনো ফ্র্যাঞ্চাইজির হয়ে ২০০ ম্যাচে অধিনায়কত্ব করা প্রথম অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি।

এই তালিকায় ধোনির পর যার অবস্থান, সেই রোহিত শর্মা অধিনায়কত্ব করেছেন ধোনির চেয়ে ৫৪ ম্যাচ কম।মুম্বাই ইন্ডিয়ানসকে রোহিত নেতৃত্ব দিয়েছেন ১৪৬ ম্যাচে।

বাচ্চা বলে আমাকে তাড়িয়ে দেওয়া হয়েছিল: শেহনাজ গিল


ঢাকা, ১৪ এপ্রিল : ক্যারিয়ারের শুরুর দিকের একটা ঘটনা শেয়ার করে বলিউড অভিনেত্রী শেহনাজ গিল বলেন, আমার জীবনের প্রথম মিউজিক ভিডিওর কথা আমার মনে আছে। আমাকে সেই মিউজিক ভিডিও থেকে বাদ দেওয়া হয়েছিল। বাচ্চা বলে আমাকে রীতিমতো তাড়িয়ে দেওয়া হয়েছিল। তখন আমি খুব কেঁদেছিলাম। আমার মা তখন আমায় সান্ত্বনা দিয়ে বলেছিলেন, একদিন আমি সালমান খানের ছবিতে কাজ করব। সালমান স্যার আমাকে এই সুযোগ দিয়ে প্রমাণ করলেন যে মায়ের কথা সত্য হয়। তাই আজ আমি এখানে দাঁড়িয়ে।

বলিউড সুপারস্টার সালমান খানের বহু প্রতীক্ষিত ছবি 'কিসি কা ভাই কিসি কি জান' ছবির অন্যতম মূল চরিত্রে আছেন এই পাঞ্জাবি কন্যা। গত সোমবার মুম্বাইয়ে হয়ে গেল এ ছবির ট্রেলার মুক্তির অনুষ্ঠান। অনুষ্ঠানে সালমান খান ছাড়া উপস্থিত ছিলেন ছবির নায়িকা পূজা হেগড়ে, শেহনাজ গিল, ভূমিকা চাওলা, জসসি গিল, পলক তিওয়ারি প্রমুখ।

সালমান খানের সঙ্গে কাজ করতে কতটা নার্ভাস ছিলেন- সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে শেহনাজ বলেন, এমনিতে আমি কখনো নার্ভাস হই না। নার্ভাস হওয়া আমার ধাতে নেই। তবে সালমান স্যার সামনে থাকলে কী হয়, তা তো সবারই জানা।

নিজেকে বড় পর্দায় দেখার অনুভূতি প্রসঙ্গে শেহনাজ বলেন, 'নিজেকে দেখে তো দারুণ লাগছে। আসলে আমি নিজেকে ভালোবাসি। আর সবার আগে নিজেকে ভালোবাসা জরুরি বলে মনে করি। আর তারপর সালমান স্যার আর বাকি সবাইকে ভালোবাসি। এই মঞ্চে এত বড় বড় মানুষের মধ্যে দাঁড়াতে পেরে দারুণ লাগছে। আর তারা প্রত্যেকে জীবনে সফল। সালমান স্যারের পেছনের সারিতে দাঁড়াতে পেরে আমি গর্বিত। তার সঙ্গে কাজ করে আমি দারুণ খুশি। আর এই সবকিছুর জন্য সালমান স্যারকে আমি ধন্যবাদ জানাতে চাই।

'বিগ বস ১৩' থেকে শেহনাজের ক্যারিয়ার নতুন দিকে মোড় নেয়। এই 'বিতর্কিত' রিয়েলিটির শোর আসর থেকেই টেলিভিশন তারকা সিদ্ধার্থ শুক্লার সঙ্গে শেহনাজের বন্ধুত্ব শুরু। পরে সিদ্ধার্থের আকস্মিক মৃত্যুতে দারুণভাবে ভেঙে পড়েন শেহনাজ। তারপর ধীরে ধীরে আবার স্বাভাবিক জীবনে ফিরেছেন তিনি।





পোশাক কিনতে গিয়ে চরম অপমানিত সামান্থা

ঢাকা : ভারতে অস্কার এনে দিয়েছে দক্ষিণের ছবি। বিশ্বের দরবারে উজ্জ্বল করেছে দেশের নাম। বলিউডের সঙ্গে দক্ষিণী ইন্ডাস্ট্রির দূরত্বও ঘুচেছে অনেকটাই।

তবে, দক্ষিণের সঙ্গে বলিউডের চাকচিক্য, জঁাকজমকের তফাত দীর্ঘ দিন ছিল। দক্ষিণী তারকারা উপযুক্ত সম্মানও পেতেন না। চরম অবজ্ঞাই করা হতো তাদের।

দক্ষিণের অভিনেত্রী সামান্থা রুথ প্রভু এক সাক্ষাৎকারে জানিয়েছিলেন, পোশাকশিল্পীদের কাছ থেকে ডিজাইনার পোশাক কিনতে গিয়ে কয়েক বছর আগেও ছোট হতে হয়েছে তাকে। অপমানিত হয়েছেন তার সহকর্মীরাও।

সামান্থার কথায়, একটা সময় ছিল, যখন পোশাক-শিল্পীদের কাছ থেকে পোশাক কিনতে পারতাম না আমরা। তাদের ভঙ্গিটা ছিল এ রকম: 'তোমরা কারা? দক্ষিণের অভিনেতা? ও আচ্ছা, দক্ষিণ কী?' এই ধরনের তাচ্ছিল্যের বিরুদ্ধে লড়তে হয়েছে আমাদের। এখন অবশ্য সময় বদলেছে।

সামান্থার আসন্ন ছবি 'শকুন্তলম'-এর অভিনেতা, সহকারী কুশলী এবং কনিষ্ঠ শিল্পীদের জন্য ৩ হাজারের বেশি পোশাক তৈরি করেছেন পোশাকশিল্পী নীতা লুল্লা।

দারুণ খুশি হয়ে সামান্থা বলেন, আমরা অনেকটা পথ পেরিয়ে এসেছি, তাই না? এই একতাবোধ কিন্তু সত্যিই চমৎকার। এখন আমরা সেখানে রয়েছি, যেখানে আমাদের থাকা উচিত।

গত কয়েক বছরে 'আরআরআর', 'কেজিএফ' ফ্র্যাঞ্চাইজি, 'পুষ্পা: দ্য রাইজ', 'কান্তারা'-র মতো দক্ষিণী ছবি বক্স অফিসের সাফল্যের বিচারে অনেক হিন্দি ছবিকেও টেক্কা দিয়েছে।

এবার টিভি সিরিজে আসছে হ্যারি পটার

ঢাকা: সিনেমার পর এবার টিভি সিরিজ হয়ে আসছে হ্যারি পটার। ব্রিটিশ লেখিকা জেকে রাউলিংয়ের লেখা বইয়ের ওপর ভিত্তি করেই বানানো হচ্ছে এ সিরিজ।



জানা গেছে, রাউলিং লিখিত হ্যারি পটারের সাতটি বইকে কেন্দ্র করে এ টিভি সিরিজের সিজনগুলো বানানো হবে। বিশ্বের সবচেয়ে বেশি বিক্রিত বইয়ের মধ্যে অন্যতম হ্যারি পটার। বিশ্বজুড়ে ৬০ কোটি কপির বেশি বিক্রি হয়েছে এ সিরিজ।

এর আগে, হ্যারিপটার নিয়ে সিনেমা নির্মাণ করা হয়েছে। যেখানে হ্যারি পটার চরিত্রে অভিনয় করেছেন ড্যানিয়েল র‍্যাডক্লিফ।

প্রযোজনা প্রতিষ্ঠান ওয়ার্নার ব্রো'স এক বিবৃতিতে জানিয়েছে, নতুন প্রজন্মের জন্যই এ টিভি সিরিজ বানানো হবে। যেখানে হ্যারি পটার হাজির হবে নতুন রূপে।

আইপিএলের চেয়ে ধনী লিগ করার পরিকল্পনা সৌদির



ঢাকা: বিশ্বের সবচেয়ে ধনী ফ্র্যাঞ্চাইজি টুর্নামেন্ট বলা হয়ে থাকে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল)কে। আইপিএলের চেয়েও ধনী টুর্নামেন্ট আয়োজনের পরিকল্পনা হাতে নিয়েছে সৌদি আরব।

দ্য এজ এর প্রতিবেদন অনুসারে, ধনী টুর্নামেন্ট আয়োজনে সৌদি আরবের আগ্রহের বিষয়টি নিশ্চিত করেছেন আইসিসির চেয়ারম্যান গ্রেগ বার্কলে।

আইসিসির চেয়ারম্যান বলেছেন, আপনি যদি অন্যান্য খেলা দেখেন তাহলে সৌদি আরব সে সবের সঙ্গে জড়িত, আমি কল্পনা করতে পারি যে ক্রিকেট এমন একটি জিনিস যা তাদের কাছে আরও আকর্ষণীয় হবে। সাধারণত খেলাধুলায় তাদের অগ্রগতির পরিপ্রেক্ষিতে। সৌদি আরব ক্রিকেটে খুব ভালো কাজ করবে। তারা খেলাধুলায় বিনিয়োগ করতে বেশ আগ্রহী।

সৌদি আরব সরকার ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের মালিকদের সঙ্গে কথা বলেছে। তারা এমন একটি পরিকল্পনা করতে যাচ্ছে। ভারতীয় খেলোয়াড়দের বিদেশি লিগে খেলা নিষিদ্ধ থাকলেও সৌদি আরব যাচ্ছে তাদের লিগে ভারতীয় তারকাদের অংশ গ্রহন নিশ্চিত করতে।



বিশ্বকাপে মাহমুদউল্লাহর খেলা প্রসঙ্গে যা বললেন মাশরাফি

ঢাকা: চলতি বছরের শুরুতে ঘরের মাঠে ইংল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজে মাহমুদউল্লাহকে বিশ্রাম দেয় ক্রিকেট বোর্ড। সেই বিশ্রামই আন্তর্জাতিক ওয়ানডে থেকে তার বিদায়ের ঘণ্টা বেজে যায়।

এরপর আয়ারল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজের দলেও রাখা হয়নি মাহমুদউল্লাহ রিয়াদকে। চলতি বছরের অক্টোবর-নভেম্বরে ভারতে অনুষ্ঠিত হবে ওয়ানডে বিশ্বকাপ।

বিশ্বকাপে মাহমুদউল্লাহর খেলা প্রসঙ্গে বৃহস্পতিবার মিরপুরে মাশরাফি বিন মুর্তজা বলেছেন, মাহমুদউল্লাহর সুযোগ নেই, সেটা বলব না। আমরা সবাই জানি, সে কী করতে পারে। এখন কোনো একজন খেলোয়াড়কে যদি দেখতে চাওয়া হয় দেখা গেল রিয়াদকে নিয়ে যাচ্ছে, সঙ্গে একজন ব্যাকআপ নিচ্ছে। কোনো কারণে যদি কেউ চোটে পড়ে, তাহলে যেন সমস্যা না হয়। ওইখানে কে ভালো করবে, এটা দেখা অন্যায় কিছু নয়।

তিনি আরও বলেন, রিয়াদও রান করা শুরু করেছে। সে যদি ফর্মে চলে আসে, তাহলে অপশন তো আছেই। আমার মনে হয়, রিয়াদ সব সময় বিশ্বকাপের হিসাবে থাকবে।

রূপগঞ্জ অধিনায়ক মাশরাফি আরও বলেছেন, দারুণ উইকেট, বিসিবিকে ধন্যবাদ বিশেষ করে এই কারণে। এই ধরনের উইকেটে খেলে বোলারদেরও উন্নতি হবে। বোলাররা যখন মার খাবে, তখন বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করবে, ভিন্ন কিছু চেষ্টা করবে। যখন বাজে উইকেটে খেলা হবে, তখন আর শেখার কিছু থাকে না।

পাকিস্তান নিয়ে এমন মন্তব্য করেননি ডুল

ঢাকা: বৃহস্পতিবার বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত হয় নিউজিল্যান্ডের সাবেক তারকা ক্রিকেটার সায়মন ডুল নাকি বলেছেন, পাকিস্তান সফরে যাওয়ার পর আমাদের বাইরে কোথায়ও যেতে দেওয়া হতো না। তখন মনে হতো জেলে আছি।



তবে পাকিস্তানি সংবাদমাধ্যম জিও টিভির একটি প্রতিবেদনে জানানো হয়, তাদের সংবাদমাধ্যমে সায়মন ডুল এমন কোনো খবর প্রকাশিত হয়নি।

টুইটারে পাকিস্তানি সাংবাদিক সাজ সাদিক লেখেন, সবাই সায়মন ডুলের সঙ্গে কথা বললাম। পাকিস্তানে থাকার সময় মনে হয় যে আমি জেলে থাকছি, আমায় বাইরে যেতে দেওয়া হত না বলে যে রিপোর্ট ছড়িয়েছে, তা তিনি অস্বীকার করেছেন। ডুল জানিয়েছেন, পাকিস্তানের যে সময় কাটিয়েছেন, সেটা দারুণ কেটেছে।

এর আগে ভারতীয় তারকা ক্রিকেটার বিরাট কোহলির ব্যাটিং নিয়েও মন্তব্য করেছেন ডুল। রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু-লখনউ সুপার জায়েন্টস ম্যাচের মধ্যে ধারাভাষ্যকার ডুল বলেন, একেবারে ট্রেনের মতো শুরু করেছিল বিরাট কোহলি (প্রথম ২৫ বলে ৪২ রান করেছিলেন)। দুর্দান্ত সব শট মারছিল। কিন্তু ৪২ থেকে ৫০-এ পৌঁছাতে ১০ বল নিল। ও নিজের ব্যক্তিগত মাইলফলক নিয়ে চিন্তিত হয়ে পড়েছিল। আমার মনে হয়, এখন ক্রিকেটে ব্যক্তিগত মাই-লফলকের জায়গা নেই। ম্যাচের ওই পর্যায়ে হাতে যখন উইকেট আছে, তখন তোমায় মেরে খেলতে হবে। তোমায় মেরে খেলতেই হবে।

কলকাতা থেকে যে বার্তা দিলেন লিটন

(ছবি আছে ইন্টার পিকচার নং-০৪)

ঢাকা, ১৪ এপ্রিল : প্রথমবারের মতো ইন্ডিয়ান প্রিমির লিগে (আইপিএল) খেলতে ভারতে অবস্থান করছেন বাংলাদেশ দলের অন্যতম সেরা ব্যাটার লিটন দাস। কলকাতা নাইট রাইডার্সের (কেকেআর) হয়ে অভিষেকার অপেক্ষায় আছেন লিটন। এরই মাধ্যে বৈশাখীর শুভেচ্ছা জানিয়েছেন লিটন দাস।



ইডেন গার্ডেন্সে নিজেদের তৃতীয় জয়ের লক্ষ্যে আজ মাঠে নামবে কলকাতা। যেখানে প্রতিপক্ষ সানরাইজার্স হায়দরাবাদ। ধারণা করা হচ্ছে এই ম্যাচেই অভিষেক হবে লিটনের।

কারণ হিসেবে বিশ্লেষকরা বলছে, কলকাতাকে প্রথম তিন ম্যাচে ভুগিয়েছে ওপেনিং জুটি। তিন ম্যাচে তিনটি আলাদা জুটি নামানো হয়েছে। প্রথম ম্যাচে খেলেছিলেন গুরবাজ ও মনদীপ সিংহ। দ্বিতীয় ম্যাচে গুরবাজ ও বেঙ্কটেশ আয়ার। তৃতীয় ম্যাচে গুরবাজের সঙ্গে ওপেন করেছেন নারায়ণ জগদীশন। কিন্তু একটি জুটিও সফল নয়।

তাই হায়দরাবাদের বিপক্ষে আরও এক বার ওপেনিং জুটিতে বদল হতে পারে। জেসন ও লিটনের মধ্যে এক জনকে খেলিয়ে দিতে পারে কেকেআর। সে ক্ষেত্রে গুরবাজের সঙ্গে তিনি ওপেন করতে নামবেন।

উপমহাদেশের ক্রিকেটার হিসাবে লিটনের খেলার সম্ভাবনা বেশি। আর তাই যদি হয় তবে আজই অভিষেক হবে লিটনের।

এদিকে আজ থেকে শুরু হয়েছে বাংলা বর্ষ ১৪৩০। নববর্ষের এই দিনে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন লিটন। কলকাতা থেকে নিজের অফিসিয়াল ফেসবুক পেজে শুভেচ্ছা জানিয়ে লিটন লেখেন, আশা করি অতীতের সব গ্লানি মুছে দিয়ে নতুন বাংলা বছর আপনার জীবনে নতুন দিগন্ত বয়ে আনবে। সবাইকে নববর্ষের শুভেচ্ছা।



বাড়ির চত্বরে ১৪৫ ধারা

(ছবি আছে ইন্টার পিকচার নং-০৮)

ঢাকা ডেস্ক, ১৪ এপ্রিল : নোবেলজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক অমর্ত্য সেনের অনুপস্থিতিতে তাঁর পশ্চিমবঙ্গের বীরভূম জেলার শান্তিনিকেতনের 'প্রতীচী' বাড়ি যাতে বেদখল না হয়, সে ব্যাপারে স্থানীয় পুলিশকে ওই বাড়ির চত্বরে 'শান্তি রক্ষার' নির্দেশ দিয়েছেন বোলপুর মহকুমা শাসক। একই সঙ্গে ১৪৫ ধারা জারির আদেশ দিয়েছেন। বর্তমানে বিদেশে অবস্থান করছেন অমর্ত্য সেন। তাঁর অনুপস্থিতিতে যাতে বিশ্বভারতী কর্তৃপক্ষ 'প্রতীচী' বাড়ির জমি দখল নিতে না পারে, সে আশঙ্কা প্রকাশ করে মামলা করা হয়েছে। বুধবার বোলপুর মহকুমা শাসকের আদালতে এই মামলা হয়। তার পরিপ্রেক্ষিতেই মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত শান্তিনিকেতন থানার ওসিকে নির্দেশ দেওয়া হয়েছে যাতে অমর্ত্য সেনের বাড়ির চত্বরে শান্তি বজায় থাকে। ১৩ এপ্রিলের মধ্যে এ সম্পর্কিত একটি রিপোর্ট বোলপুর মহকুমা ম্যাজিস্ট্রেটকে জমা দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে। উল্লেখ্য, ১৯৪৩ সালে অমর্ত্য সেনের বাবা প্রয়াত আশুতোষ সেনের নামে ৯৯ বছরের জন্য 'প্রতীচী'র ওই জমি লিজ (ইজারা) দেওয়া হয়েছিল। পরবর্তীতে ২০০৫ সালে এই জমি অমর্ত্য সেনের নামে মিউটেশন হয়। প্রতীচী বাড়িতে মোট ১.৩৮ একর জমি। যার মধ্যে ১.২৫ একর জমি অমর্ত্য সেনের নামে রেকর্ড রয়েছে। বিশ্বভারতী কর্তৃপক্ষের অভিযোগ ছিল প্রতীচী বাড়িতে ১৩ শতক জমি দখল করে রেখেছেন অমর্ত্য সেন। তিনটি চিঠি দিয়ে সে জমি ফেরতও চায় বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এমনকি, একাধিকবার ভারতরত্ন অমর্ত্য সেনকে বেনজির আক্রমণ করতে দেখা গেছে বিশ্বভারতীর উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তীকে। এমন পরিস্থিতির মাঝেই অমর্ত্য সেনের পাশে দাঁড়ান রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। গত জানুয়ারি মাসে শান্তিনিকেতনে গিয়ে অমর্ত্য সেনের সঙ্গে দেখা করে জমির মাপঝোক সম্পর্কিত বিভিন্ন নথি অমর্ত্য সেনের হাতে তুলে দেন মমতা। পরবর্তীতে তাঁর প্রয়াত পিতা আশুতোষ সেনের উইল অনুযায়ী আবেদনের ভিত্তিতে বোলপুর ভূমি ও ভূমি সংস্কার দফতর ১.৩৮ একর জমিই অমর্ত্য সেনের নামে রেকর্ড করে দেয়। এরপরই ফের বিশ্বভারতী কর্তৃপক্ষ অমর্ত্য সেনের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার হুঁশিয়ারি দিয়ে চিঠি দেয়। সেই চিঠি মারফত বিশ্বভারতী কর্তৃপক্ষ ৯০ বছর বয়সী নোবেলজয়ীকে সশরীরে হাজিরা দিতে বলে। যা নিয়ে নিন্দার ঝড় ওঠে।



এরই মধ্যে গত ফেব্রুয়ারি মাসে শান্তিনিকেতন ছেড়ে যুক্তরাষ্ট্রের উদ্দেশে রওনা দেন নোবেলজয়ী অর্থনীতিবিদ। ফলে অমর্ত্য সেনের অনুপস্থিতিতে শান্তিনিকেতনে তাঁর 'প্রতীচী' বাড়ির জমি বেদখল হয়ে যেতে পারে। এই আশঙ্কা প্রকাশ করে ১৯৭৩ সালের 'দ্য কোড অব ক্রিমিনাল প্রসিডিউর' (সিআরপিসি)-এর ১৪৫ ধারা অনুযায়ী বোলপুর মহকুমা শাসক অয়ননাথের আদালতে আবেদন করেন অমর্ত্য সেনের আইনজীবী গোরাচাঁদ চক্রবর্তী ও 'প্রতীচী' বাড়ির দেখাশোনার দায়িত্বে থাকা গীতিকণ্ঠ মজুমদার। তাঁর সেই আবেদনের ভিত্তিতে যত দিন না মামলার নিষ্পত্তি হচ্ছে, ততদিন পর্যন্ত অমর্ত্য সেনের বাড়ির চত্বরে যাতে কোনোরূপ শান্তিশৃঙ্খলা বিঘ্নিত না হয় সে জন্য শান্তিনিকেতন থানার ওসিকে নির্দেশ দেন বোলপুর মহকুমা শাসক। এমনকি, ওসিকে এ সংক্রান্ত রিপোর্ট দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে। এই নির্দেশিকার প্রতিলিপি বিশ্বভারতীর কর্মসচিবকেও পাঠানো হয়েছে। সে ক্ষেত্রে, অমর্ত্য সেনের অনুপস্থিতিতে তাঁর 'প্রতীচী' বাড়িতে কোনোরকম মাপঝোক করতে পারবে না বিশ্বভারতী কর্তৃপক্ষ।



যুক্তরাষ্ট্রে বিস্ফোরণে মারা গেছে ১৮ হাজার গর

ঢাকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে একটি দুগ্ধ খামারে বিস্ফোরণে প্রায় ১৮ হাজার গরু মারা গেছে। স্থানীয় কর্তৃপক্ষের বরাত দিয়ে শুক্রবার এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি।

বিবিসি জানায়, এই সপ্তাহের শুরুতে টেক্সাসের একটি দুগ্ধ খামারে বিস্ফোরণে আনুমানিক ১৮ হাজার গরু মারা গেছে। ওই দুগ্ধ খামারের নাম সাউথ ফর্ক ডেইরি। এটি টেক্সাসের ডিমিট শহরের কাছে অবস্থিত। এছাড়া সাউথ ফর্ক ডেইরির ওই বিস্ফোরণে এক ব্যক্তি বেশ গুরুতরভাবে আহত হয়েছেন।

কর্তৃপক্ষের ধারণা, ডেইরি ফার্মের যন্ত্রপাতি থেকে মিথেন গ্যাসের মাধ্যমে আগুন জ্বলে থাকতে পারে।

বিবিসি বলছে, ২০১৮ সাল থেকে ২০২১ সালের মধ্যে যুক্তরাষ্ট্রে আগুনে পুড়ে প্রায় ৩০ লাখ খামারের প্রাণী মারা গেছে।

ক্যাস্ট্রো কাউন্টি শেরিফের অফিস জানিয়েছে, তারা স্থানীয় সময় গত সোমবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে ফার্মে আগুন লাগার খবর পায়। শেরিফের অফিসের পোস্ট করা ছবিতে আগুন ও বিস্ফোরণের পর মাটি থেকে কালো ধোঁয়া উঠতে দেখা যাচ্ছে।

পুলিশ ও জরুরি কর্মীরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে একজনকে আটকা পড়ে থাকতে দেখেন। পরে তাকে উদ্ধার করে গুরুতর অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আগুন এবং ধোঁয়ায় মারা যাওয়া গরুর সঠিক পরিসংখ্যান অজানা থাকলেও শেরিফের অফিস বিবিসিকে বলেছে, আনুমানিক ১৮ হাজার গবাদি পশু মারা গেছে।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর
MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
MLS
যোগাযোগ
Cell: 917-502-6445

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

প্রসঙ্গ: মঙ্গল শোভাযাত্রা

(শেষের পাতার পর)

আমন্ত্রিতরা এসে সারা বছরের বাকি শোধ করে খাতা হালনাগাদ করতেন। এ উপলক্ষ্যে আমন্ত্রিতদেরকে মিষ্টিমুখ করানো হতো। আমরা রসগোল্লা চমচম আ মি ত্তি বা নিদেনপক্ষে কয়েকটা বাতাসার জন্য আশেপাশে ঘুরঘুর করতাম। কোন কোন গঞ্জে মেলা বসতো। থাকতো নাগরদোলা চরকী। তবে বড় মেলাগুলো বসতো পৌষ সংক্রান্তিতে। এসব আচার অনুষ্ঠানে কোন ধর্মীয় লেবাস থাকতো না। হিন্দু মুসলমান মিলিতভাবেই অংশ নিতো। তবে এই আচারগুলো বেশী প্রচলিত ছিল গ্রাম এলাকায়। শহুরে জীবনে এর খুব একটা চল দেখা যেতো না।

আমাদের দেশে সাধারনত: সাংস্কৃতিক কর্মকান্ডের উৎকর্ষতা সাধিত হয়েছে অগণতান্ত্রিক শাসনকালগুলোয়। পাকিস্তান আমলে আইউব খান যখন রাজনীতি নিয়ন্ত্রন করতে গনতন্ত্রের রাশ টেনে ধরেছিলেন তখন বিকল্প হিসাবে স্বাধীনচেতা বা রাজ-নীতির অগ্রসরমান অংশটি সাহিত্য সংস্কৃতির অঙ্গনকে প্রতিবাদের মাধ্যমে হিসেবে বেছে নিয়েছিলেন। গড়ে উঠেছিল বেশ কয়েকটি প্রগতিশীল সাংস্কৃতিক সংগঠন। স্বাধীনতার পর অস্থির সময়ে গ্রুপ থিয়েটার আন্দোলন গড়ে ওঠে। মঞ্চস্থ হয় অনেক প্রতিবাদী এবং জীবনমুখী নাটক। কবি সাহিত্যিকদের কলম থেকে এ সময় বের হয়ে আসে অনেক বিপ্লবী এবং কালজয়ী রচনা। এই ধারা অব্যাহত থাকে জিয়াউর রহমানের মার্শাল ল'র শাসনকালেও। এরশাদ আমলের প্রথম দিকে রাজনীতি বন্ধ বা সীমিত থাকার সময় সাংস্কৃতিক কর্মকান্ডের মাধ্যমে অনেক রাজনৈতিক এ্যাক্টিভিস্ট তাদের চিন্তাচেতনা তুলে ধরেন।

ঢাকায় স্বাধীনতার আগ পর্যন্ত বাংলা নববর্ষ বলতে ওয়াহিদুল হক ভাইয়ের উদ্যোগে ছায়ানটের পরিবেশনায় রমনার এক পাইকর গাছের গোড়ায় (রমনার বটমূল বলে পরিচিত) প্রধানত: রবীন্দ্র সঙ্গীতের অনুষ্ঠান বোঝাতো। তাও এ অনুষ্ঠান ছিল খুবই সীমিত পরিসরের। স্বাধীনতার পর দিনেদিনে এর ব্যপ্তি বাড়তে থাকে। মানুষ ভোর বেলায়ই পাজামা পাঞ্জাবী পড়ে রমনায় হাজির হয়ে যেতো। এরশাদ আমলের গোড়ার দিকে এই অনুষ্ঠানকে কেন্দ্র করে তরুন যুবকদের মধ্যে পান্তা খাওয়ার একটা চল শুরু হয়। ঘটনাটা ঘটে এভাবে- রমনা পার্কের পশ্চিম দিককার দেয়াল ঘেষে বেশ কিছু ছিন্নমূল মানুষ চট বা পলিথিনের ছাউনী তুলে বসবাস করতো। সকালে তারা নুন মরিচ বা কিছু সালুন দিয়ে পান্তা খেয়ে কাজে যেতো। একবার ছায়ানটের অনুষ্ঠান থেকে ফেরার পথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কিছু ছাত্র সে দৃশ্য দেখে মজা করতে তাদের কাছ থেকে কিছু পান্তা চেয়ে খায়। পরের বছর থেকে এই প্রবনতা বাড়তে থাকে। এক পর্যায়ে ছাত্রদের দেখাদেখি কিছু সৌখিন বর্ষপ্রেমীও বসে যায়। পান্তার বিনিময়ে ছিন্নমূলরা টাকা পয়সা নেওয়া শুরু করে। এবং বছরের এই দিনটায় তারা পান্তা বিক্রিকে একটা ব্যবসা হিসেবে নেয়। অনুষঙ্গ হিসেবে যুক্ত হয় ইলিশভাজা নানা রকমের ভর্তা। দেখা যেতো পয়লা বৈশাখের ভোর থেকেই সাড়িসাড়ি ছাউনির সামনে ছিন্নমূলরা পান্তার হাড়ি নিয়ে বসে গেছে। খদ্দেররা তাদের সামনে বসে মাটির সানকি বা খোড়ায় করে নুন মরিচ বা ভর্তা ভাজি দিয়ে পান্তা খে য়ে মজা কর ছে। এক পর্যা য়ে সালুন হি সে বে যুক্ত হয় ই লিশ ভাজা। দুইএক বছরেই মুখেমুখে ছড়িয়ে পরে পান্তা-ইলিশের কথা। এর পর থেকে রমনার ভেতরেই পান্তা ইলিশের বড় বড় দোকান বসে যায়। ছায়ানটের গানবাজনার চাইতে এক শ্রেণীর বর্ষপ্রেমী পান্তা ইলিশে আগ্রহী হয়ে পড়েন বেশী। এই ধারাবাহিকতায় কয়েক বছরের ম ধ্যে ঘরেঘরে পান্তা-ইলিশ চালু হয়ে যায়। আর এখন তো বাংলা নববর্ষ মানেই পান্তা-ইলিশ! আগের দিন বাজারে ইলিশ পাওয়া যায় না। এভাবেই নববর্ষে পান্তা-ইলিশ সংস্কৃতির চল।

আজকের যে মঙ্গল শোভাযাত্রা, তাও এই সময়কালটায়ই শুরু। প্রথমে নাম ছিল আনন্দ শোভাযাত্রা। চারুকলার ছাত্রছাত্রীরা এই নামে একটা মিছিল বের করতো। পরে কিছু অতি উৎসাহী বুঝে না বুঝে এই মিছিলে রাক্ষসখোক্কস পশুপাখি নানা জীবজন্তুর মুখোশ-প্লাকার্ড যুক্ত করেন। প্রশ্নটা তখন থেকেই ওঠে। কেউকেউ এসব মুখোশের সাথে সনাতন ধর্মাবলম্বিদের কিছু দেবদেবী বা বিশ্বাসের সংশ্রব খুঁজে পান। আওয়ামী লীগ ক্ষমতাসীন হওয়ার পর এই মিছিলের জৌলুষ এবং কলেবর বাড়তে থাকে। নাম পাল্টে হয়ে যায় মঙ্গল শোভাযাত্রা। এক পর্যায়ে মিছিলে জীবজন্তুর মুখোশের সাথে দাড়িটুপীধারী কিছু বিকৃ ত বা বিভৎস চোহারা প্রদর্শিত হতে থাকলে এই শোভাযাত্রায় সাম্প্রদায়িকতার রং যুক্ত হয়। এক পক্ষ বলেন এটা হিন্দুয়ানি সংস্কৃতি অপর পক্ষের দাবী আবহমান বাঙালী সংস্কৃতি।

ঘটনাগুলো নিজের চোখে দেখা। সে হিসাবে নির্দ্বিধায় বলতে পারি পান্তা ইলিশ বা মঙ্গল শোভাযাত্রা কোন হাজার বছরের বা আবহমান বাঙ্গালী সংস্কৃতি নয়। এটা হিন্দুয়ানী সংস্কৃতিও না মুসলমানী সংস্কৃতিও না। সেদিনের চল বলে বলা যায় বাংলাদেশের সংস্কৃতি। নববর্ষের এক অনুষঙ্গ।

এই অনুষ্ঠানে রাজনীতি ঢোকানো দু:খজনক। কেউ যদি কোন ধর্মীয় বিশ্বাষ বা আচার-আয়োজন প্রতিফলিত করতে চান তাও নিন্দনীয়। জ্ঞান বিজ্ঞানের এই উৎকর্ষতার যুগে সনাতনী ধ্যানধা-রনাপ্রসূত পশুপাখি জীবজন্তুর মুখোশ বহন করে কোন মঙ্গল কামনা করা হয় সে প্রশ্নও কেউ কেউ তুলেছেন। তারপরও বিতর্ক এড়াতে একটি নির্মল আয়োজনই উত্তম। আশা করবো সংশ্লিষ্টরা অনুষ্ঠানটাকে নিষ্কলুষ রাখতে যথেষ্ঠ সচেতন হবেন। বন্ধু তালিকার সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।
ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।
Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund
প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন
দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

SHEIKH SALIM
Attorney at Law
Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice
এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ
• কন্ট্রাকশন দুর্ঘটনা
• স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
• লেড বিষ সম্বন্ধীয়
• বার্থ রিলেটেড ইনজুরি
• ভুল চিকিৎসা
• মটর গাড়ি দুর্ঘটনা
• কাজের সময় দুর্ঘটনা
• পিছলে পড়া, হোঁচট খাওয়া
• ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
• অ্যাসবেস্টস থেকে ক্ষতি
• মিসিনারি ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
• যে কোন ধরনের ইমিগ্রেশন কেস
এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি
Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC
SERVICES
আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?
• Represent Taxpayers for I.R.S./ State Audit
• Tax Preparation:
Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
• Accounting:
Payroll, Sales Tax, etc.
• Business Licenses
• ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।
ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন
Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক
Member : naea
প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ/নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SECI

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F and MD OCFR



বাংলাদেশের স্বাধীনতা লক্ষ প্রাণের দান

মহান স্বাধীনতার এই মাসে

সকল বীর শহীদদের প্রতি

আমাদের বিনম্র শ্রদ্ধা

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

পেন্টাগনের নথি ফাঁস কিভাবে সম্ভব হলো?

ঢাকা ডেস্ক : আমেরিকার প্রতিরক্ষা বিভাগের সদরদফতর পেন্টাগনের গোপন তথ্য ফাঁস করার অভিযোগে যুক্তরাষ্ট্রের এয়ার ন্যাশনাল গার্ডের একুশ বছর বয়সী এক সদস্যকে আটক করা হয়েছে। জ্যাক টেইক্সেইরার বিরুদ্ধে অভিযোগ হলো তিনি অনলাইন গেমের একটি চ্যাটরুমে গোপন ফাইলগুলো শেয়ার করেছিলেন।

টেইক্সেইরার ম্যাসাচুসেটসের বাসভবন ঘেরাও করে তাকে আটক করতে গেছে ভিডিও ফুটেজে। তিনি যেসব গোয়েন্দা প্রতিবেদন ফাঁস করেছেন, সেগুলো ইউক্রেন যুদ্ধ এবং মিত্রদের ওপর যুক্তরাষ্ট্রের নজরদারির বিষয়ে।

ওই যুবককে আটকের ভিডিওতে দেখা গেছে, বোস্টন থেকে প্রায় এক ঘণ্টার দূরত্বে একটি শহরে বাড়ির পেছনে তিনি হাঁটছিলেন। এফবিআই কর্মকর্তাদের দেখে দুহাত তোলেন তিনি। পরে কর্মকর্তারা হ্যান্ডকাফ পরিয়ে তাকে নিয়ে যান।

এ সময় ওই এলাকার রাস্তাঘাট বন্ধ করে দিয়েছিল পুলিশ কর্মকর্তারা। স্থানীয় বাসিন্দাদের একজন ডিক ট্রেসি বার্তা সংস্থা রয়টার্সকে বলেছেন, ছয় থেকে সাতজন সেনা সদস্যকে সশস্ত্র অবস্থায় হাঁটতে দেখেছেন তিনি।

তিনি বলেন,এটা খুব শান্ত একটি এলাকা। ধারণা করা হচ্ছে, শুক্রবারই মিস্টার টেইক্সেইরাকে আদালতে দেখা যাবে। তিনি ম্যাসাচুসেটস এয়ার ন্যাশনাল গার্ডের গোয়েন্দা ইউনিটের একজন সদস্য।

সিবিএস নিউজের তথ্য অনুযায়ী তিনি ২০১৯ সালে চাকরিতে যোগ দেন। তার অফিশিয়াল পদবি হলো, সাইবার ট্রান্সপোর্ট সিস্টেম জার্নিম্যান এবং তিনি জুনিয়র পর্যায়ের কর্মকর্তা।

বৃহস্পতিবার তাকে আটকের পর যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি জেনারেল মেরিক গারল্যান্ড বলেছেন,কোনো দুর্ঘটনা ছাড়াই সন্দেহভাজন ব্যক্তিকে নিরাপত্তা হেফাজতে নেয়া হয়েছে।


তবে তিনি এ বিষয়ে বিস্তারিত আর কিছু বলেননি।

আলাদা সংবাদ সম্মেলনে ডিফেন্স বিভাগের মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল প্যাট রাইডার বলেছেন, "এই পেন্টাগনের নথি ফাঁসের ঘটনা একটি 'ইচ্ছাকৃত অপরাধমূলক কাজ।চ

কিন্তু একজন তরুণ এয়ারম্যান কিভাবে এ ধরনের গোয়েন্দা প্রতিবেদনে প্রবেশাধিকার পেল এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীতে এর সদস্যরা অল্প বয়স থেকেই অনেক দায়িত্বের জন্য বিশ্বস্ত হয়ে থাকেন।

তিনি বলেন,একজন প্লাটুন সার্জেন্ট এর কথাই ধরুন। যুদ্ধের সময় একটি দলকে সামনে এগিয়ে যাওয়ার কাজ এসব ব্যক্তির ওপর দেয়া হয় দায়িত্বশীলতা ও বিশ্বাস থেকে।

টেইক্সেইরার সাথে স্কুলে গিয়েছেন ২২ বছর বয়সী এডি সৌজা। রয়টার্সকে তিনি বলেছেন. তার সাবেক সহপাঠীর খবর শুনে তিনি অবাক হয়েছেন।



তিনি বলেন,সে অত্যন্ত ভালো ছেলে। কোনো সমস্যা করত না। একেবারেই শান্ত একজন মানুষ। মনে হচ্ছে এটি একটি স্টুপিড বাচ্চার ভুল কাজ।

নথি ফাঁস যেভাবে হয়েছিল কয়েক মাস আগেই কমপক্ষে ৫০ থেকে শুরু করে এক শ'র বেশি গোপনীয় প্রতিবেদন ডিসকর্ড নামক সামাজিক মাধ্যমে দেয়া হয়। এটি গেমারদের কাছে খুবই জনপ্রিয় মাধ্যম।

বিবিসি কিছু ডকুমেন্ট পরীক্ষা করেছে। সেখানে ইউক্রেন যুদ্ধ নিয়ে গোয়েন্দা প্রতিবেদন ছাড়াও অন্য কিছু দেশ সম্পর্কে স্পর্শকাতর তথ্য ছিল।

যুক্তরাষ্ট্র কংগ্রেসের হাউজ ইন্টেলিজেন্স কমিটির চেয়ারম্যান রিপাবলিকান কংগ্রেসম্যান মাইক টার্নার বলেছেন, তার কমিটি এটি খতিয়ে দেখবে যে কেন এটি ঘটল এবং কেন কয়েক সপ্তাহ এটি কারো নজরে এলো না। একই সাথে এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি কিভাবে রোধ করা যায় সেটিও তারা দেখবেন।

নথিগুলো যে চ্যাটরুমে ফাঁস হয়েছে তার একজন সদস্যের সাক্ষাৎকার বুধবার ওয়াশিংটন পোস্ট প্রকাশ করে।

তিনি ফাঁসকারীকে একজন তরুণ এবং ক্যারিশম্যাটিক ও বন্দুক নিয়ে উচ্ছ্বসিত বলে উল্লেখ করেন।

তিনি বলেন, বিশ বছর বয়সী ব্যক্তি সামরিক ঘাঁটিতে কাজ করেন।

ওই পোস্টে বলা হয়, ওই ব্যক্তি ডিসকর্ড চ্যাটরুমের দলনেতা।

দুডজন সদস্যের দলটি মেমে, অফেন্সিভ জোকস ও চ্যাট ছাড়াও দলবদ্ধ ভাবে প্রার্থনা করে ও সিনেমা দেখে।

এ দলটিতে রাশিয়া, ইউক্রেন ছাড়াও ইউরোপ, এশিয়া ও দক্ষিণ আমেরিকার লোকজন আছে।

শুরুতে ফাঁস হওয়া নথিগুলো একটি ছোটো চ্যাটরুমে দেয়া হয়। তবে মার্চের শুরুতে এগুলো ডিসকর্ড সার্ভারগুলোতে চলে আসে । যার মধ্যে একটি গেমের জন্য আরেকটি একজন ফিলিপিনো ইউটিউবার এর।

সেখান থেকেই এগুলো চলে যায় টেলিগ্রাম চ্যাটরুমসহ নানা জায়গায়, যার মধ্যে কিছু রাশিয়াপন্থী চ্যানেলও ছিল। কিছু ক্ষেত্রে তাদের ইউক্রেনে হতাহতের সংখ্যা বৃদ্ধি সম্পর্কে সতর্ক করা হয়েছিল।

দি এয়ার ন্যাশনাল গার্ড হলো যুক্তরাষ্ট্র বিমান বাহিনীর সংরক্ষিত ফোর্স। আয়ারল্যান্ড সফরে থাকা মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনকে সেখানেই বিষয়টি জানানো হয়।

ফাঁস নথিতে কী ছিল

নথিতে দেখা যায়, যুক্তরাষ্ট্র বিশ্বাস করে যে জাতিসঙ্ঘ মহাসচিব ইউক্রেন যুদ্ধের জন্য রাশিয়াকে জবাবদিহির বিষয়টিতে ততটা গুরুত্ব দেননি।

এসব ডকুমেন্টের কয়েকটির ওপর 'টপ সিক্রেট' লেখা ছিল। যার কিছুতে ইউক্রেন যুদ্ধের বিস্তারিত চিত্র এবং কিছু চীন ও তার মিত্রদের বিষয়ে তথ্য ছিল।

নথি অনুযায়ী যুক্তরাষ্ট্র মনে করে, জাতিসঙ্ঘ মহাসচিব রাশিয়ার স্বার্থও কিছুটা দেখার চেষ্টা করেছেন। কিছু ডকুমেন্টে মহাসচিব ও তার ডেপুটির মধ্যকার যোগাযোগের বর্ণনা আছে।

কৃষ্ণসাগর দিয়ে শস্য রপ্তানি বিষয়ে জাতিসঙ্ঘের মধ্যস্থতায় যে চুক্তি হয়েছে তা নিয়ে নথি আছে ফাঁস হওয়া নথির মধ্যে।

যেখানে বলা হয়, জাতিসঙ্ঘ মহাসচিব চুক্তি সংরক্ষণে খুব আগ্রহী এবং তিনি রাশিয়ার দাবির প্রতি নমনীয়, যা রাশিয়াকে জবাবদিহির আওতায় আনার বৃহত্তর স্বার্থের পরিপন্থী।

ফাঁস হওয়া নথিতে দেখা যায়, ইউক্রেনে নিজেদের কত লোক মারা গেছে তা নিয়ে নিজেদের মধ্যে বিবাদে জড়িয়েছেন রাশিয়ানরা। তাদের প্রধান গোয়েন্দা সংস্থা এফএসবি দেশের প্রতিরক্ষা মন্ত্রণালয়কে দায়ী করেছিলো ক্ষতি কম করে দেখানোর জন্য।

২৩ মার্চের একটি নথিতে দেখা যায়, পশ্চিমা স্পেশাল ফোর্স ইউক্রেনের ভেতরে থেকে কাজ করছে। এর মধ্যে যুক্তরাজ্যেরই বড় কন্টিনজেন্ট আছে যার সদস্য প্রায় ৫০ জন।

সেখানে লাটভিয়ার ১৭, ফ্রান্সের ১৫, যুক্তরাষ্ট্রের ১৪ ও নেদারল্যান্ডের একজন আছে।

এছাড়া মিসর গোপনে রাশিয়াকে রকেট সরবরাহ করতে চেয়েছে- এমন তথ্যও ফাঁস হওয়া নথিতে আছে বলে জানিয়েছে ওয়াশিংটন পোস্ট।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Realty Inc.

আমাদের সেবা সমূহঃ
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.

Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন



Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price বিশাল মূল্যহ্রাস



রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেডলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ
বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

শাইক কার্টকিস, স্যালমন, স্ট্রাইপ বাস, সীবাস, স্নেপার, হ্যাডক, ফ্লাউন্ডার, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

দেশী স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমনহেড ফ্রাইস	$ 9.99
ফোলার স্যালমন ফ্রাইস	$ 18.99
স্যাম্বার স্যালমন ফ্রাইস	$ 13.99
সুলতানা স্যালমন ফ্রাইস	$ 12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp
Open 7 Days: 8:00am to 7:30pm
Directions: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com



এবার জালিয়াতির মামলায় অভিযুক্ত টানা ৭ ঘণ্টা জিজ্ঞাসাবাদ ট্রাম্পকে

ঢাকা ডেস্ক, ১৫ এপ্রিল : আবারো 'আইনের জালে' পড়ে নিউ ইয়র্কের ম্যানহাটনে যেতে হলো সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে। পর্নতারকা স্টর্মি ড্যানিয়েলসকে ট্রাম্প ঘুষ দেয়ার মামলার পর, এবার ব্যবসা-সংক্রান্ত জালিয়াতির অভিযোগের মামলায় জিজ্ঞাসাবাদের মুখোমুখি হলেন তিনি। বৃহস্পতিবার রাতে প্রায় সাত ঘণ্টা ধরে রিপাবলিকান পার্টির নেতাকে তদন্তকারীদের জিজ্ঞাসাবাদের মুখে পড়তে হয়।

গত বছরের জানুয়ারি মাসে মাসে নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস জানিয়েছিলেন, তদন্তে তিনি দেখেছেন, একাধিকবার ট্রাম্পের সংস্থা ঋণ পাওয়ার ক্ষেত্রে কোনো সম্পত্তির অতিরিক্ত মূল্য দেখিয়েছে আবার সেই সম্পত্তিরই দাম কম দেখিয়ে আয়করে ছাড় পেয়েছে। একাধিকবার ট্রাম্প ওই তদন্ত বন্ধ করার চেষ্টা করেছেন বলেও অভিযোগ। তবে সাত ঘণ্টার জেরা-পর্বের পরে ট্রাম্পের আইনজীবী ক্রিস্টোফার কিস বলেন, 'আমার মক্কেলের কাছে তার অসাধারণ ব্যবসায়িক সাফল্যের কাহিনী জানতে চাওয়া হয়েছিল।'

ট্রাম্পের পাশাপাশি, তার বড় ছেলে ডোনাল্ড ট্রাম্প জুনিয়র এবং মেয়ে ইভাঙ্কাও এই মামলার অন্যতম অভিযুক্ত। গত বছর ফেব্রুয়ারিতে নিউ ইয়র্কের একটি আদালতের বিচারক নির্দেশ দিয়েছিলেন পারিবারিক ব্যবসা-সংক্রান্ত জালিয়াতির মামলায় ট্রাম্প এবং তার সন্তানদের অ্যাটর্নি জেনারেলের দফতরে গিয়ে জিজ্ঞাসাবাদের মুখোমুখি হতে হবে এবং বয়ান নথিভুক্ত করতে হবে। আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট তাঁর বিরুদ্ধে 'রাজনৈতিক প্রতিহিংসার' অভিযোগ তুলে উচ্চতর আদালতের দ্বারস্থ হলেও সেই আবেদন খারিজ হয়ে যায়।

উল্লেখ্য, পর্নতারকা স্টর্মির সাথে দৈহিক সম্পর্কের পরে ২০১৬ সালে প্রেসিডেন্ট নির্বাচনের সময় তার মুখ বন্ধ রাখতে ১ লাখ ৩০ হাজার ডলার ট্রাম্প ঘুষ দিয়েছিলেন বলে অভিযোগ। ওই অভিযোগে ট্রাম্পের বিরুদ্ধে মামলা দায়ের হয়। ঘুষ মামলায় গত ৩০ মার্চ ফৌজদারি অপরাধে অভিযুক্ত হন ট্রাম্প। এর পর ৪ এপ্রিল নিউ ইয়র্কের ম্যানহাটন আদালতে আত্মসমর্পণ করতে গিয়ে পুলিশের হাতে গ্রেফতার হয়েছিলেন তিনি। পরে আদালত তার জামিনের আবেদন মঞ্জুর করে।

ফের বিপাকে ট্রাম্প, আরও এক মামলায় টানা ৭ ঘণ্টা জেরা

ঢাকা ডেস্ক: এবার আরও এক মামলায় টানা সাত ঘণ্টা জেরার মুখে পড়লেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। পর্নতারকাকে ঘুষ দেওয়ার মামলায় কয়েকদিন আগেই গ্রেফতার হয়েছিলেন তিনি। এবার নতুন অভিযোগের জেরে বিপাকে পড়েছেন ট্রাম্প। তিনি ও তার সংস্থার বিরুদ্ধে জালিয়াতির মামলা দায়ের করেছেন লেটিসিয়া জেমস নামে এক আইনজীবী।

ওই আইনজীবীর অভিযোগ, নিজের সম্পত্তি সংক্রান্ত ভুল তথ্য দিয়ে ব্যাংকগুলোকে বিভ্রান্ত করেছেন ট্রাম্প। জানা গেছে, ডোনাল্ড ট্রাম্প ও তার তিন সন্তানের বিরুদ্ধে মামলা দায়ের করেছেন লেটিসিয়া নামে ওই আইনজীবী। গোটা ট্রাম্প পরিবারকে 'অভূতপূর্ব জালিয়াত' আখ্যা দিয়ে তার দাবি, মার্কিন ব্যাংকগুলোকে ভুল তথ্য দিয়েছেন সাবেক এই মার্কিন প্রেসিডেন্ট। তার মালিকানাধীন হোটেল, গলফ কোর্সের মূল্য অনেক বেশি বলে দাবি করেছিলেন। এমন আচরণের কারণে ব্যাংকগুলো বিভ্রান্ত হয়েছে। ট্রাম্পের এই কাজের জন্য ২৫০ মিলিয়ন ডলারের ক্ষতিপূরণও দাবি করেছেন লেটিসিয়া।

গত বছর সেপ্টেম্বর মাসে এই অভিযোগ দায়ের হয়। চলতি বছরেই এই অভিযোগের শুনানি শুরু হবে। ট্রাম্পের আইনজীবী দাবি করেন, বিচার প্রক্রিয়ার সামনে দাঁড়াতে প্রস্তুত সাবেক মার্কিন প্রেসিডেন্ট। তারপরেই ফ্লোরিডা থেকে নিউ ইয়র্কে আসেন ট্রাম্প। টানা সাত ঘণ্টা ধরে তাকে জিজ্ঞাসাবাদ করা হয়ে বলে জানা গেছে। তবে সূত্রের দাবি, তদন্তকারীদের কাছে নিজের ব্যবসায়িক সাফল্যের কথা তুলে ধরেছেন ট্রাম্প।

শিশুর দুধদাঁতের যত্ন নেবেন যেভাবে

(শেষের পাতার পর)

ক্যালসিয়ামযুক্ত খাবারের অভাবে দাঁতের গঠন দুর্বল হয়ে যায়। পরে যত্ন নিলেও দাঁত সহজে নষ্ট হয়ে যায়। দাঁতের গঠন ও উজ্জ্বলতার জন্য গর্ভকালীন কোনো সমস্যায় চিকিৎসকের পরামর্শ ছাড়া কোনো ওষুধ সেবন করা উচিত নয়। এমনকি এ সময়ে অনেক চিকিৎসা গ্রহণ বিপজ্জনক হতে পারে। গর্ভকালীন মাড়ির রোগ বা দাঁতের ব্যথা পুষে রাখলে গর্ভের শিশুর ওপর বিরূপ প্রতিক্রিয়া পড়তে পারে। এ বিষয়ে বিস্তারিত জানিয়েছেন ঢাকার রাজ ডেন্টাল সেন্টারের প্রতিষ্ঠাতা ***ডা. মো. আসাফুজ্জোহা রাজ।***

অনেকে মনে করেন, শিশুর দুধদাঁতের স্থায়ীত্বকাল কম বলে যত্নের প্রয়োজন নেই। গবেষণা বলছে, শিশুদের দুধদাঁতগুলো পড়ে যাওয়ার পরও নির্দিষ্ট সময় পর্যন্ত যত্ন নিতে হবে। কারণ-

*** যথাযথ পুষ্টি পেতে:** সুস্থ দাঁত খাদ্যকে উপযুক্ত চর্বণের মাধ্যমে হজমোপযোগী করে, খাবারের ইচ্ছা ও রুচিকে স্বাভাবিক রাখে।

*** স্থায়ী দাঁতের ওপর বিরূপ প্রভাব:** দুধদাঁতের শিকড়ের নিচে স্থায়ী দাঁতের গঠন শুরু হয়। দুধদাঁতের সংক্রমণ স্থায়ী দাঁতকে ক্ষতি করতে পারে। আবার স্থায়ী দাঁত এলোমেলো বা উঁচু-নিচু হওয়ার অন্যতম প্রধান কারণ দুধদাঁত আগে বা পরে পড়া।

*** স্পষ্ট উচ্চারণ ও মুখমন্ডলের আকৃতি:** স্বাভাবিক কথা বলা, কবিতা আবৃত্তি বা গান গাওয়া, চোয়ালের গঠন ও মুখের আকৃতি ঠিক রাখতে দুধদাঁতের সুস্থতা জরুরি। স্থায়ী দাঁতকে ঠিক স্থানে আনার দিকনির্দেশনাও দেয় দুধদাঁত।

*** মানসিক বিকাশ:** শিশুর মানসিক বিকাশ, স্মৃতিশক্তি, আত্মবিশ্বাস, প্রাণচঞ্চলতা, লেখাপড়ায় মনোনিবেশসহ মানসিক বিকাশে অস্থায়ী দুধদাঁত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

*** সার্বিক স্বাস্থ্যব্যবস্থা:** দীর্ঘ মেয়াদি দাঁতের সংক্রমণ রক্ত বাহিকায় মিশে অন্যান্য গুরুত্বপূর্ণ অঙ্গকে আক্রান্ত করতে পারে, যেমন-হার্ট, মস্তিষ্ক, হাড়। অন্যদিকে চোয়ালের হাঁড়ে সংক্রমণ ছড়িয়ে বড় ধরনের জটিলতা সৃষ্টি করতে পারে।

দাঁত ওঠার আগের সময়

সঠিক পরিচর্যার অভাবে ও অপুষ্ট শিশুর জিহ্বা, মাড়ি বা চোয়ালের অংশে ছত্রাক সংক্রমণ প্রায়ই দেখা যায়। এতে সাদা দইয়ের মতো প্রলেপ পড়ে, শিশু খেতে বিরক্ত করে ও কান্না করে। এ সমস্যা থেকে উপশম পেতে চিকিৎসকের পরামর্শে মুখ পরিষ্কার, পুষ্টিকর খাবার গ্রহণ, প্রয়োজনে ছত্রাকনাশক ওষুধ ব্যবহার করা যেতে পারে। দাঁত ওঠার আগে অনেক বাচ্চা 'টিথিং' নামে সাত-আট দিনের জটিলতায় ভোগে। লক্ষণ হিসাবে বিরক্তি, ঘুমের ব্যাঘাত, মাড়ির ফোলাভাব বা প্রদাহ, লালা ঝরানো, ক্ষুধা কমে যাওয়া, মুখের চারপাশে ফুসকুড়ি, হালকা তাপমাত্রা, ডায়রিয়া, কামড় বেড়ে যাওয়া বা মাড়ি ঘষা দেখা যায়। এ ধরনের সমস্যা হলে মাড়ি ম্যাসাজ, সতর্কতার সঙ্গে ঠান্ডা কোনো ফল বা শক্ত খাবার চিবানোসহ প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিতে হবে। খেয়াল রাখতে হবে, শিশু যেন অপরিষ্কার কিছু মুখে না দেয় বা কিছু খেয়ে না ফেলে। অতিরিক্ত আঙুল চোষা রোধেও সচেতন থাকতে হবে। সাধারণভাবে ছয় মাসের দিকে, নিচের সামনের দাঁত ওঠা শুরু করলেও ক্ষেত্র বিশেষে বাচ্চা দাঁত নিয়ে জন্মাতে পারে, তখন চিকিৎসকের পরামর্শে তা ফেলে দিতে হয়।

শিশুর জন্য মায়ের বুকের দুধের কোনো বিকল্প নেই, এতে মুখের স্বাস্থ্য রক্ষায় অতিজরুরি উপাদান আছে। যেসব মায়েদের নিরুপায় হয়ে ফিডারে খাওয়াতে হয় তাদের শিশুর মুখের যত্নে অধিক সচেতন হতে হবে। ফিডারে রাতে দুধ খাওয়ানোর সময় দুটি বোতল ব্যবহার করা উচিত। একটিতে দুধ ও অন্যটিতে পানি। কিছুক্ষণ পর পর দুধ ও পানি পরিবর্তন করে খাওয়ালে শিশুদের মুখের স্বাস্থ্য ভালো থাকে। এমনিতেই মুখের মধ্যে ব্যাকটেরিয়াসহ বিভিন্ন অণুজীব সুপ্ত অবস্থায় থাকে। অনুকূল পরিবেশ পেলে এরা সক্রিয় হয়ে নানা রোগের সৃষ্টি করে। শিশুদের দাঁত ওঠার আগে টুথপেস্টের পরিবর্তে পরিষ্কার সুতি কাপড় গরম পানিতে ভিজিয়ে আঙুলে পেঁচিয়ে মাড়ি ও জিহ্বা নিয়মিত সকালে ও রাতে খাবার পর ভালোভাবে মুছে দিতে হবে।

দাঁত ওঠার পর

বাচ্চাদের স্বভাব মিষ্টি খাবারের প্রতি দুর্বলতা। এ জাতীয় খাবারে অভ্যস্থ করা, অভিভাবকের অবহেলা সব মিলিয়ে দুধদাঁতে ক্যারিজ বা ক্ষয় রোগ খুব সাধারণ। র‍্যাম্পেন্ট বা নার্সিং বটল ক্যারিজ থেকে চিকিৎসার অভাবে সংক্রমণ দাঁতের গোড়াতে পৌঁছে দাঁতের গোড়া এমনকি মুখসহ ফুলে যাওয়ার ঘটনা দেখা যায়।


বেবি টুথপেস্টের গুণগত মান নিশ্চিত না হয়ে বা খেয়ে ফেলার আশঙ্কা থাকলে পেস্ট না দিয়ে নরম বেবি টুথব্রাশ পানিতে ভিজিয়ে দাঁত পরিষ্কার করে দিতে হবে।

বাচ্চারা অনুকরণ প্রিয়, তাই অভিভাবকরা তাদের সামনেই ব্রাশ করবে। এতে বাচ্চারাও দাঁতের যত্নের প্রতি আকৃষ্ট হবে। বাইরের খাবার খাওয়ার ক্ষেত্রে তাজা ফলমূলের জুস, শাকসবজি, সুষম খাবার খাওয়ার অভ্যাস গড়ে তুলতে হবে। ক্ষতিকর ফাস্টফুড, চিপস্, কোমল পানীয়, কৃত্রিম জুস, ক্যান্ডি ইত্যাদি চিনি জাতীয় খাদ্য থেকে শিশুদের বিরত রাখতে হবে। যেসব শিশুর দীর্ঘ সময় আঙুল চোষা অভ্যাস আছে, সেটাও বন্ধ করতে হবে।

দুধদাঁতের চিকিৎসা

কাঁদলে, জিদ করলে বা না খেলে ডাক্তারের কাছে নিয়ে যাব; বলে ছোটকাল থেকে শিশুদের ডাক্তার ভীতি তৈরি করেন অনেক অভিভাবক। এটা শিশুদের ওপর নেতিবাচক প্রভাব ফেলে। দুধদাঁত আক্রান্ত হলে এটি পড়ে যাওয়ার নির্দিষ্ট সময় পর্যন্ত রক্ষা করার সর্বাধুনিক নিরাপদ চিকিৎসা এখন দেশের অনুমোদিত ডেন্টাল চিকিৎসকরা নিয়মিত দিচ্ছেন। তবে রোগের শুরুতে চিকিৎসা নিলে পদ্ধতি হয় সহজ ও অল্প সময়ে। শিশুরা সহযোগিতা না করলেও আছে নানা কার্যকর চিকিৎসাব্যবস্থা। অযথা ভয়ে রোগকে পুষে রেখে বা চিকিৎসকের পরামর্শ ছাড়া ওষুধ দিয়ে জটিলতা বাড়ানো যাবে না। এক্ষেত্রে বেশকিছু নীরবে বেড়ে ওঠা রোগের উপসর্গ মুখ গহ্বরে প্রকাশ পেতে পারে, যেমন- জন্মগত হৃদরোগ, অপুষ্টি, রক্তস্বল্পতা, ডায়াবেটিস টাইপ-১ ও শ্বাসকষ্ট।





ঈদ উৎসব ঃ প্রেক্ষিত বাংলাদেশ

(শেষের পাতার পর)

শব্দটি 'আউদুন' শব্দ থেকে নির্গত যার অর্থ ফিরে আসা। যেহেতু ঈদ বছর বছর নতুন আনন্দ ও উৎসব নিয়ে মু'মিন মুসলমানের ঘরে ফিরে আসে তাই একে ঈদ বলা হয়। ঈদ মুসলিম মিল্লাতের সবচেয়ে বড় নৈতিক উৎসব।

মানুষ সামাজিক জীব হিসাবে আনন্দ, উৎসব প্রিয়। পৃথিবীর প্রতিটি জাতি তাদের নিজ নিজ ঐতিহ্য অনুযায়ী তাদের আনন্দ, উৎসব পালন করে থাকে। এবং এ জন্য তাদের নির্দিষ্ট দিন ধার্য করা আছে। এ সমস্ত অনুষ্ঠানাদি পালনের ক্ষেত্রেও ভিন্নতা পরিলক্ষিত হয়। কোন কোন জাতি শুধুমাত্র রং তামাশা ও আমোদ প্রমোদের জন্যই উৎসব পালন করে থাকে। এর কোন দার্শনিক ও নৈতিক ভিত্তি আছে বলে মনে হয় না। উপরন্ত এই সব উৎসবের ভিন্ন স্বাদ ও মাত্রা যোগ করার জন্য এর সাথে বিভিন্ন নগ্নতা, অশ্লীলতা ও বেহায়াপনাকে জুড়ে দেয়া হয়। কিন্তু মুসলমানদের ঈদের দার্শনিক ও নৈতিক ভিত্তি রয়েছে। এর মাধ্যমে মুসলিম জাতির ইতিহাস-ঐতিহ্য, আকিদাহ-বিশ্বাস এবং নৈতিক প্রান শক্তির প্রতিফলন ঘটে থাকে। ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। এবং ইসলামই হলো, আল্লাহর নিকট একমাত্র গ্রহনযোগ্য জীবন ব্যবস্থা। এ জীবন ব্যবস্থা কুরআন ও হাদিসের আলোকে পরিচালিত হয়। এটি পরিপুর্ণ ও স্বয়ং সম্পুর্ণ জীবন ব্যবস্থা। ইসলামে কোন কিছুই অন্যের থেকে ধার করে আনার কোন প্রয়োজন নেই। ফলে ইসলাম অন্যান্য জাতি-গোষ্ঠী ও সভ্যতা থেকে সম্পূর্ণ ভিন্নধর্মী এক সংস্কৃতিও প্রতিপালন করে থাকে। শুধুমাত্র সংস্কৃতির ক্ষেত্রে নয়, জীবনের প্রতিটি অঙ্গনেই ইসলামের একটা স্বাতন্ত্র রয়েছে। রাসুল সঃ ইসলামের সাধারন হুকুমের বেলায়ও অন্যান্য জাতি-গোষ্ঠীর আচার-আচরণ ও আনুষ্ঠানিকতার সাথে পার্থক্য নিরূপনের জন্য আল্লাহরই নির্দেশক্রমে কিছুটা ভিন্ন রূপদান করতেন। আর এ কারনেই আল্লাহ তা'আলা মুসলিমকে শ্রেষ্ট জাতির মর্যাদায় আসীন করেছেন। আবহমান কাল ধরে মুসলিম জাতি পৃথিবীর এ শ্রেষ্ঠত্বের আসনে সমাসীন হয়ে আছে। আল্লাহ রাব্বুল আলামীন বলেন:-তোমরাই সর্বোত্তম জাতি, সমগ্র মানব জাতির কল্যাণের জন্যই তোমাদের প্রেরণ করা হয়েছে। তোমরা সৎ কাজের আদেশ দিবে অসৎ কাজ থেকে বিরত রাখবে। (সুরা আল ইমরান-১১০)

পৃথিবীর প্রত্যেকটি জাতিই তাদের স্বাতন্ত্র্য রক্ষা করে থাকে তাদের নিজস্ব ইতিহাস, ঐতিহ্য, বৈশিষ্ট্য ও সংস্কৃতির মাধ্যমে। যে জাতি নিজস্ব ইতিহাস, ঐতিহ্য, ও তাহযীব-তমুদ্দনের প্রতি বেশী যত্নবান সে জাতি ততবেশী উন্নত। ব্যক্তি জীবন থেকে রাষ্ট্রীয় জীবনের সর্বক্ষেত্রে এ ঐতিহ্য ও সংস্কৃতিকে সমুন্নত রাখা একটি উন্নত জাতির প্রধান বৈশিষ্ট্য। যখনই কোন জাতি তাদের নিজস্ব বৈশিষ্ট্যের সাথে অন্যান্য জাতির বৈশিষ্ট্যকে অংশীদার করেছে তখনই জগাখিচুরী পাকিয়ে একটি হ-য-ব-র-ল মেরুদ-হীন জাতিতে পরিণত হয়েছে। পূর্বেই বলা হয়েছে যে, মুসলিম জাতি পৃথিবীর সর্বশ্রেষ্ট জাতি। কারণ মুসলিম জাতির রয়েছে আল্লাহ প্রদত্ত সর্বশ্রেষ্ট জীবনাচরণ। যারা আল্লাহকে ভয় করতে চায়, তাদের পৃথিবীতে নিশ্চিন্তে পথ চলার একমাত্র উত্তম গাইড হলো আল-কুরআন। যারা এ মহা গ্রন্থকে জীবনের সর্বক্ষেত্রে একমাত্র নির্দেশীকা হিসাবে গ্রহণ করতে পেরেছে, তারা প্রকৃত পক্ষেই একটি মজবুত অবলম্বন ধারণ করেছে। তাই প্রতিটি মুসলিমের কথা বার্তা, আচার-আচরণ, লেনদেন, চাল-চলন ও সমাজ-সংস্কৃতি তথা প্রতিটি কাজ ও আচরনই হতে হবে আল-কুরআনের পুর্ণ অনুসরণে।

কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় এই যে, আমাদের এ সোনারবাংলা যেখানকার অধিকাংশ অধিবাসী ইসলামকে পছন্দ করেন, ইসলাম অনুযায়ী নিজেদের সকল কিছু পরিচালনা করার ইচ্ছা পোষণ করেন। কিন্তু গুটিকয় পরগাছা, মুসলিম নামের কলঙ্ক, যারা বিদেশীদের দালাল হিসাবে পরিচয় দিতে নিজেদের গর্ববোধ করেন, তারা তাদের দখলে থাকা মিডিয়ার মাধ্যমে ইসলামী অনুষ্ঠানগুলোকে বিকৃতভাবে উপস্থাপন করে দেশ ও জাতিকে বিভ্রান্ত করছে। বিশেষ করে মুসলমানদের দূটি বৃহৎ পবিত্র উৎসব ঈদ তথা ঈদুল ফিতর ও ঈদুল আযহার ওপর এদের কালো থাবাটা অত্যন্ত মারাত্মক। তারা পবিত্র ঈদকে আজ বিজাতীয় সংস্কৃতির দ্বারা এমনভাবে সাজিয়েছে যে, এর প্রকৃতরূপ জাতি এখন প্রায় হারাতে বসেছে। এর প্রভাব এতটাই কার্যকর হয়েছে যে, ব্যক্তিগত পর্যায় থেকে শুরু করে রাষ্ট্র পর্যন্ত ইসলামের পবিত্র ও সুস্থ এ সংস্কৃতিটির বিকৃতি সাধনে তৎপর। মনে হয় পবিত্র এ উৎসবের সাথে অসংখ্য বিজাতীয় ও অপবিত্র উৎসবের সংযোজন না ঘটালে ঈদের প্রকৃত আনন্দটাই মাটি হয়ে গেল। ঈদ উপলক্ষে রাষ্ট্রীয় যন্ত্রগুলো এমন সব উদ্ভট অনুষ্ঠান মালার আয়োজন করেন, যা দেখলে দৃষ্টির বিভ্রাট ঘটে। মনে করতে পারি না যে, এটি কি আসলে ৯০% মুসলমানের দেশের রাষ্ট্রীয় যন্ত্র ? এটি কি কোন মুসলমানের ঈদ উৎসব? না কি ভিনদেশের ভিন জাতির কোন উৎসব ? পৃথিবীর অন্যন্য জাতি-গোষ্ঠী তাদের বড় কোন উৎসবের অনুষ্ঠানমালায় আমাদের মত এ ধরনের মিশ্র উৎসব পরিপালন করতে তেমন একটা দেখা যায় না। হিন্দু জাতির বড় ধরনের উৎসব হলো দূর্গা উৎসব। কই কোথাও তো দেখা যায় না যে তারা আমাদের মত মিশ্রণ প্রিয় মুসলমানদের ন্যায় কিছু মুসলিম সংস্কৃতি, কিছু পশ্চিমা বা কিছু অন্যন্য জাতির সংস্কৃতি থেকে ধার করে নিয়ে এক সংমিশ্রন উৎসব পালন করতে। এ তো গেল আমাদের রাষ্ট্র নিয়ন্ত্রিত ঈদ উৎসবের কথা। আমাদের ব্যক্তি পর্যায় কিন্তু কোন দিক থেকে পিছিয়ে নেই।

জাহেলিয়াত যুগে ইবাদাতের সাথে মুশরিকী ও জাহেলী ক্রিয়া কর্মের সংমিশ্রণ ঘটিয়ে তা পালণ করা হতো। বিশেষ করে হজ অনুষ্ঠানটি মেলা, সকল প্রকার তামাশা, উৎসব ও উলঙ্গপনাসহ পালিত হতো। আমরা এ গুলো থেকে কি কোন অংশে পিছিয়ে আছি ? আমরা বরং তার চেয়েও আগ বাড়িয়ে আমরা এমন কিছু কিছু রসম-রেওয়াজ প্রবর্তন করেছি, যেগুলো জাহেলিয়াতের প্রচলিত কুসংস্কারকেও হার মানায়। একটি মাস সিয়াম সাধনার মাধ্যমে তাক্ওয়া অর্জনের কি প্রশিক্ষণ গ্রহণ করলাম? উচিৎ ছিল সিয়াম সাধনার মাধ্যমে এমন শক্তি অর্জন করবো, যাকে তাক্ওয়া বা তাক্ওয়ার শক্তি বলা হয়। সে শক্তির মাধ্যমে জীবন চলার বাঁকে বাঁকে শয়তান কর্তৃক পেঁতে রাখা অতি লোভনীয় বস্তুকে বর্জন করে ভাল কাজের জন্য অগ্রসর হতে পারবো। কিন্তু সাওয়ালের ২/৩ দিন ঈদ উৎসবের নামে যে পাগলামী শুরু হয়, তা দেখে শয়তানও মুছকী হাসে। শয়তান হয়ত অনেকটা চ্যালেঞ্জের স্বরে এমনটি বলতে পারে যে, একটি মাস আমাকে বন্দী করে রাখা হলেও আমি আমার এমন অসংখ্য যোগ্য প্রতিনিধি তৈরি করে এসেছি, যারা পুরো রমযানসহ ঈদ উৎসবে এমন সব উদ্ভট বিষয়ের প্রদর্শন বা উপস্থাপণ করবে, যা দেখে অনুভব করতে পারবেন রমযানের রোযা কতজনকে "তাক্ওয়ার" গুণের অধিকারী করতে পেরেছে। আল্লাহর রাসুল সঃ এ জন্যই বলেছেন: "কতক রোযাদার এমন রয়েছেন যাদের রোযা শুধু ক্ষুধা ছাড়া কিছুই দেয় না, কতক রাত্রি জাগরণকারী এমন রয়েছেন যাদের রাত্রি জাগরণ শুধু জাগরণ ছাড়া আর কিছুই পায় না। রাসুল সা: আরো বলেছেন,"কেউ যদি মিথ্যা কথা বলা ও তদনুযায়ী কাজ করা পরিত্যাগ না করে তবে তার শুধু খাদ্য ও পানীয় পরিত্যাগ করায় আল্লাহর কোন প্রয়োজন নেই।"

আমাদের ঈদ উৎসব দেখে রাসুল সঃ এ হাদীসটিই বেশী বেশী মনে পড়ে। রমযানের রোযার আগে যেখানে ছিলাম সেখানেই তো রয়ে গেলাম। বরং রমযানে অতিরিক্ত কিছু কু-কাজ বেশী সংঘঠিত হয়েছে মাত্র। ঈদ উৎসব পালনের নামে আরো কিছু কুকাজ ও আচরণ দেখা যাবে। অথচ আল্লাহ তা'আলা বলেন: "যে পন্থা আল্লাহ তোমাদেরকে জানিয়ে দিয়েছেন, ঠিক তদনুযায়ী আল্লাহর স্মরণ কর যদিও এর পুর্বে তোমরা পথভ্রষ্ট ছিলে।"(সুরা বাকারা ঃ ১৯৮)

এমনটি হওয়ার প্রকৃত কারণ হলো. আমরা সিয়াম সাধনায় মূল লক্ষ্য ও উদ্দেশ্যকে পিছনে ঠেলে দিয়ে গতানুগতিক বা স্রেফ একটি অনুষ্ঠানই পালন করে এসেছি। ফলে এ লক্ষ্যহীন রোযা কোন কাজে আসেনি। যেমন লক্ষ্যহীন নামায খারাপ কাজ থেকে মানুষকে বিরত রাখতে পারছে না, লক্ষ্যহীন যাকাত পবিত্রতা দান করতে পারছে না তেমনি লক্ষ্যহীন রোযাও তাকওয়ার গুণ সৃষ্টি করতে পারছেনা। তাই রমযান শেষে ঈদ উৎসবে এমন সব উদ্ভট কাজ আমরা করে থাকি যা দেখে মনে হয় না যে, এ লোকগুলো এই তো এই মাত্র আল্লাহর কোন প্রশিক্ষণ কেন্দ্র থেকে তাক্ওয়ার কোর্স শেষ করে বেরিয়ে এসেছে। বরং মনে হয় এই মাত্র শয়তান কর্তৃক পরিচালিত কোন প্রশিক্ষণ কোর্স অত্যন্ত সফলতার সাথে শেষ করে এসেছে।

ইসলামী সংস্কৃতি কুরআন-সুন্নাহ ভিত্তিক ইসলামী জীবনাদর্শের অবিচ্ছেদ্য অংশ। কিন্তু আমাদের মুসলিম নামদারী কিছু কিছু লোক ভোগবাদী জীবন ব্যবস্থায় অভ্যস্ত হয়ে এ দেশের ইসলামের পবিত্র অনুষ্ঠানগুলোকে চরমভাবে কুলষিত করছে। আল-কুরআনের আলোকে এরা পশু বা পশুর চেয়েও অধম। আমাদের তথাকথিত প্রগতিবাদীরা এ সংস্কৃতিকে এদেশে চালু করার প্রয়াস চালায়। আমাদের সচেতন মুসলমান এ সব ক্ষেত্রে অবচেতনারই পরিচয় দিয়ে যাচ্ছেন। এখনো চেতনা জাগ্রত করার সময় আছে। দয়া করে দেশ, জাতি ও ভবিষ্যত প্রজন্মকে বিজাতীয় সংস্কৃতির ধ্বংস থেকে উদ্ধার করুন।





WE RECEIVE
JAKAT, FITRA
& SADAQAH

FITRA $15 (MIN.)

American Muslim Center

TAHERA AL-QURAN ACADEMY

89-14, 150 St, Jamaica, NY 11435 929-361-0609, 917-204-3570, 929-204-8448

amcusa150@gmail.com www.amcdawa.org facebook.com/americanmuslimcenterofficial

EID MUBARAK

EID JAMAT

21st April, Friday *(Subject to moon sighting)*

1st Jamat : 6:30AM (Masjid)

2nd Jamat : 9:30AM (Rufus King Park in front of Masjid)

3rd Jamat : 10:30AM (Rufus King Park in front of Masjid)

Please donate generously to pay off Qard-E-Hasan for the purchasing of the AMC Masjid building.

Zelle amcusa150@gmail.com

paypal.me/AMERICANMUSLIMCENTER

PORT WASHINGTON MASJID INC.

118 Harbor Rd Port Washington NY 11050 | Tel: 347-575-1110, 929-204-8448

PWM KHATAM TARAWEE & DUA

16th April Night, Sunday
26th Night of Ramadan

EID JAMAT

21st April, Friday *(Subject to moon sighting)*
Jamat: 11:30AM (Masjid)

PLEASE DONATE GENEROUSLY

Zelle 929-204-8448

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
Authorized e-file Provider
কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিপু ভাভাত
ফারহানা আমিরান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



গরমে পানির ঘাটতি পূরণ

ঢাকা, ১৬ এপ্রিল : চৈত্রের খরতাপে পুড়ছে দেশ। আবহাওয়াবিদদের মতে আরো এক সপ্তাহ থাকতে পারে এই দাবদাহ। এই গরমে শিশু থেকে শুরু করে বৃদ্ধ, সবারই অবস্থা কাহিল। সারা দিন রোজা রেখে নিজের শরীরে পর্যাপ্ত পানির ঘাটতি পূরণ করা বেশ কঠিন। শিশুদের ক্ষেত্রে ব্যাপারটি আরো কঠিন। প্রাপ্তবয়স্করা তাও নিজেদের পানিশূন্য অবস্থা বুঝে ব্যবস্থা নিতে পারেন। কিন্তু শিশুরা যেমন নিজেদের পানিশূন্যতা ধরতে পারে না, তেমনই পানি পান করতেও বেশ অনাগ্রহী। চলুন জেনে নেয়া যাক, কিভাবে শিশুদের এই পানিশূন্যতা পূরণ করবেন মা-বাবা।

ঘরে তৈরি আইসক্রিম

শিশুদের পানিশূনতা দূর করতে আইসক্রিম হতে পারে ভালো সমাধান। তবে বাইরের আইসক্রিমের বদলে শিশুর হাতে তুলে দিন ঘরে তৈরি আইসক্রিম। বাজারে আইসক্রিম তৈরির ছাঁচ পাওয়া যায়। মিষ্টি পানি বা ফলের জুস ছাঁচে বসিয়ে ফ্রিজ করলেই তৈরি হয়ে যায় সুস্বাদু আইসক্রিম। এতে করে শিশুরা যেমন আনন্দ পাবে, তেমনি দূর হবে তাদের পানিশূনতাও।

পানিপূর্ণ ফল খেতে দিন

শিশুরা পানি খেতে না চাইলে পানিপূর্ণ ফল যেমন তরমুজ, কমলা, শসা প্রভৃতি খেতে দিন। এতে করে সরাসরি পানি না খেলেও তাদের শরীরে পানির অভাব পূরণ হবে।

পানি পানে তাগাদা দিন

প্রতি ২০-৩০ মিনিট পরপর শিশুকে পানি পান করার কথা মনে করিয়ে দিন। বারবার পানি খাওয়ার কথা মনে করিয়ে দিলে তারা পানি পানে আগ্রহী হবে।

নিজে পানি পান করুন

শিশুরা অনুকরণপ্রিয়। আশপাশের বড়দের দেখেই তারা শেখে। শিশুর সামনে নিয়মিত বিরতিতে পানি খেলে আপনাকে দেখে সে-ও পানি খেতে আগ্রহী হবে। মা, বাবা ও সন্তান, প্রত্যেকের পানিশূন্যতাই দূর হবে।

পানির বদলে শরবত

দিনে বারবার পানি খাওয়ার কথা বললে শিশুদের পানি পান করার প্রতি অনাগ্রহ সৃষ্টি হতেই পারে। যে কারণে লেবু কিংবা কমলার শরবত তৈরি করে দিন। এতে যেমন পানীয়র স্বাদ বাড়বে, তেমনই তারা পানি পানেও আগ্রহী হবে। অনেক মা-বাবাই সন্তানদের হাতে কোমল পানীয় তুলে দেন। কোমল পানীয় শিশুদের পানিশূনতা দূর করার বদলে তাদের আরো তৃষ্ণার্ত করে। যে কারণে শিশুদের পানিশূন্যতা দূর করতে কখনোই হাতে কোমল পানীয় তুলে দেবেন না।

প্রস্রাবের রঙ পরীক্ষা করুন

আপনার যদি মনে হয় শিশুর শরীরে পানিশূন্যতা তৈরি হয়েছে, তবে তার প্রস্রাবের রঙ চেক করুন। রঙ হলুদ হলে বুঝতে পারবেন শরীরে পানির অভাব দেখা দিয়েছে। পানি পান করানোর পরও যদি প্রস্রাবের রঙ পরিবর্তন না হয়, তবে চিকিৎসকের শরণাপন্ন হন।

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।



ATTORNEY
M. MUSTAFA
(A full service Law Firm)
LLB Honors (1st Class)
LLM (1st Class). Bangladesh
Barrister-At-Law, London
Attorney-At-Law. NY
718-487-4873

PERSO AL INJURY & DEATH DAMAGES CLAIMS
- Lead Poisoning
- Construction Work
- Slip and Fall
- Medical & dental Malpractice
- Hospital Negligence
- Delayed Treatment
- Failure to Diagnose
- Cancer & other fatal diseases
- Anesthesia & Gynecologic Surgery Malpractice
- Defective Child Birth
- Nursing Home Neglect and abuse etc.
- Wrongful Death Claim
- Car and Bi-cycle Accident and injury
- Taxi, Bus- Subway, and Train accidents
- Elevator and Escalator Accident
- Explosion and Fire Accident
- Defective product and electrical shock

IMMIGRATION MATTERS
- Green Card through "EB1 TO EB5"
- Political Asylum
- Detention and Bond
- All immigration court issues and cases
- Cancellation of Removal
- Adjustment of Status
- Condition Removal
- Business Immigration HB, L1, E2
- Green Card Replacement /Renew
- Complex Citizenship
- Re-entry permit
- Collection of Immigration Record
- Waiver
- Deportation
- Family Petitions
- Green card through Adoption or Orphan
- Immigration Appeals and Motions
- Canadian Immigration
- Student Visa process for USA, Canada, UK

GENERAL PRACTICE AREAS
- Divorce and Family Matter
- Child Support and Modification
- Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure
- Bankruptcy
- All civil Matters
- Landlord-Tenant
- Incorporation
- Power of Attorney
- Wills, Trust, and Estate Planning
- Overtime and Wages Issue
- All Criminal Matters

148-45 Hillside Ave, Suite 203, Jamaica, NY 11435
Phone : 718-487-4873 Text : 917-285-6247 Email : abmostofa1@gmail.com

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার
MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine
Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

